পদামৃতসমুদ্র।

শ্রীল শ্রীশ্রীনিবাস আচার্য্য

প্রভুর পৌত্র

শ্রীল শ্রীরাধামোহন ঠক্কুরের

প্রণীত

সংগৃহীত

এবং তৎকৃত টীকা সহিত

শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কর্ত্তৃক

পরিশোধিত

প্রকাশিত

মুর্শিদাবাদ।

বহরমপুর খাগড়াস্থ

রাধারমণ যন্ত্রে

তৎ কর্ত্তৃক

মুদ্রিত

সন১২৮৫। ২৩ এ কার্ত্তিক

মূল্য—৭৲

বিজ্ঞাপন।

আমি এক জন ক্ষুদ্র ব্যক্তি, বৈষ্ণব ধর্ম্ম রূপ মহাসাগরে নিমগ্ন হইয়া এ যাবৎ তল স্পর্শ করিতে পারিলাম না, ভরশা এই যে কৃষ্ণভক্তি পরায়ণ কাঙ্খিগণ এ বিষয়ে আমাকে আশ্রিত বিবেচনা করিয়া অনুকম্পা প্রকাশ করেন, তাহা হইলে অবশ্যই তলের নিকটবর্ত্তি হইতে পারিব, তিন বৎসরে এই পদামৃত সমুদ্র গ্রন্থ খানি শেষ করিলাম, আমি এমত বিভবশালী নহি যে ব্যয় নির্ব্বাহ করিতে পারি, এ বিষয়ে আমাকে এক রূপ পরাঙ্মুখ হইতে হইয়াছিল কিন্তু গত বৈশাখমাস হইতে ময়মনসিংহ স্থ শ্রীযুক্ত উমাকান্ত চৌধুরী তথা মালদহ স্থ শ্রীযুক্ত কৃষ্ণমোহন দাস, কাছাড় নিবাসি শ্রীযুক্ত ললিতাদাস বৈষ্ণব, বহরম্পুর নিবাসি শ্রীযুক্ত রামদাস সেন, মেহগ্রাম নিবাসি শ্রীযুক্ত মধুসূদন মৈত্র, দিনাজপুর নিবাসি শ্রীযুক্ত রাস বিহারী মৈত্র, কাছাড় নিবাসি শ্রীযুক্ত ভোলানাথ কর, সেরপুর বগুড়া স্থ শ্রীযুক্ত আনন্দকিশোর তরফদার, প্রভৃতি বৈষ্ণব ধর্ম্মের সংস্থাপক মহাত্মারা অগ্রিম মূল্য প্রেরণ করিয়া এক প্রকার আমাকে উৎসাহিত করেন, এতদ্ভিন্ন কোন ব্যক্তিই এ বিষয়ে দৃষ্টিপাত করেন নাই, অনেকেই ধনাঢ্য আছেন মুখে বৈষ্ণব ধর্ম্মাক্রান্ত বলিয়া পরিচয় দেন, কিন্তু কিসে যে বৈষ্ণব ধর্ম্ম সংস্থাপন হইবেক তাহার যত্ন করেন না, আমার প্রার্থনা এই যে যাঁহারা ২ প্রাচীন ধর্ম্ম সংস্থাপনে একান্তানুরক্ত তাঁহারা এ বিষয়ে দৃষ্টিপাত করেন, নৃত্য গীত রঙ্গরসে অনেকে অনেক অর্থ ব্যয় করিথাকেন, কিন্তু ভগবদ্ধর্ম্ম স্থাপনে যত্ন পান না, সে যাহা হউক, এক্ষণে এই পদামৃত সমুদ্র যাহা মুদ্রাঙ্কন করিলাম ইহাতে সাধ্যমত বহুল পরিশ্রম করা হইয়াছে, যে সকল আদর্শ গ্রন্থ প্রাপ্ত হইয়াছিলাম তাহা অজ্ঞ ব্যক্তিদিগের হস্তলিপি এ বিষয়ে যাহা অশুদ্ধ বিবেচনা হইবে সদাশয় ব্যক্তি অনুগ্রহ পূর্ব্বক শোধন করিয়া লইবেন ইতি।

নিঃ শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন

বহরম্পুর খাগড়াস্থ,—রাধারমণ যন্ত্র।

নির্ঘণ্ট পত্র।

শ্রীশ্রীকৃষ্ণঃ।

পদামৃত সমুদ্র।

—০:*:০—

শ্রীযুতং জগদানন্দং বিধুং বন্দে মহাপ্রভুং।
তং চৈতন্যতনুং মূর্দ্ধ্না রাধিকাকৃষ্ণবিগ্রহং ॥ ১ ॥

হরির্জয়তি ॥ গ্রন্থারম্ভে নিজেষ্টদৈবতানি স্বাভীষ্টসিদ্ধাকাঙ্ক্ষী কোহপি শ্রীযুতমিত্যাদিনা প্রণমতি। জগদানন্দ এব বিধুশ্চন্দ্রঃ মমাজ্ঞান তিমির নাশক দয়ামৃত দায়ক স্বমতি প্রসিদ্ধং শ্রীযুক্তমহং বন্দে মূর্দ্ধ্না ইত্যুপলক্ষণং কায়েন মনসা বাচা দণ্ডবৎ প্রণতোহস্মি। মহাপ্রভুং ভবসাগর নিস্তার পূর্ব্বক প্রেম বিতরণাদি কর্ত্তুং শক্তং। চৈতন্যং জ্ঞানং তদত্র শ্রীরাধা কৃষ্ণ তত্বং তনোতি বিস্তারয়তি অর্থাদ্দদাতি তং শ্রীগুরুং কলিযুগ পাবনাবতার শ্রীকৃষ্ণচৈতন্য দাতারং। যদা তন্মূর্ত্তিং আচার্য্যং মাং বিজানীয়াদিতি আচার্য্য চৈত্ত্য বপুষা ইত্যাদি স্মরণাৎ। তথা রাধিকাকৃষ্ণৌ বিশেষেণ গৃহ্লাতি অন্তর্ভূতন্ত্যর্থতয়া গ্রাহয়তি জনানুপদিশতি তথা তং। যদ্বা তয়োর্ব্বিশেষেণ গ্রহ আগ্রহো যস্যেতি ॥

দয়োদ্ধৃতজগজ্জনঃ স্ফুরদমন্দগৌরদ্যুতিঃ
স্বভক্তনয়নোৎসবঃ প্রবরভক্তিদাতা প্রভুঃ।
কলৌ কলিত বিগ্রহো হৃদয়কৃষ্ণভাবান্বিতঃ
সনাতনতনুর্মুদা জয়তি কোপি লোকাশ্রয়ঃ॥ ২॥

দ্বিতীয় পক্ষে চৈতন্যতনুং ভামেতি বৎ শ্রীকৃষ্ণচৈতন্য নাম্নাতি খ্যাতং কলিযুগপাবনাবতারং মহাপ্রভুং পূর্ব্বোক্তার্থস্য সদৈব প্রকটনাত্তন্নাম্নাপাতি প্রসিদ্ধং শ্রীযুক্তং নানা শক্তি বিশিষ্টং জগদানন্দ বিধুং প্রেমদানাদিনা জগদা মানন্দং বিদধাতি যস্তং শ্রীরাধিকা কৃষ্ণাবেকী ভূয় বিগ্রহঃ শরীরং যস্য সচ্চিদানন্দ বিগ্রহমিত্যর্থঃ॥

তৃতীয় পক্ষে শ্রীরাধাকৃষ্ণয়োর্ব্বিগ্রহং শ্রীমূর্ত্তিং আনন্দ পরিণতিং রস পরিপত্তিঞ্চ অভেদে ষষ্ঠী বোধ্যা জীববত্তয়োর্দেহ দেহীতি ভেদাভাবাৎ। শ্রীযুতং সর্ব্ব লক্ষ্মী মহিষ্যাদি প্রকাশকহ্লাদিনী সারশক্তি সর্ব্বাবতার প্রকাশক সচ্চিদানন্দসার শক্তি যুক্তং সর্ব্ব লক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃ সম্মোহিনী পরেতি। বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলা বিশেষো গোবিন্দমাদি পুরুষং তমহং ভজামীতি কৃষ্ণস্তু ভগবান্ স্বয় মিত্যাদি বহুবিধ প্রখ্যানাৎ অসমোর্দ্ধ লীলয়া জগতাং তত্রত্য স্ব ভক্তানামানন্দ বিধাতারং। যদ্বা আনন্দয়তি ইতি আনন্দঃ সচাসৌ বিধুশ্চেতি তথা তং জগতামানন্দচন্দ্রমিতি অসমোর্দ্ধ সৌন্দর্য্য মাধুর্য্য লাবণ্যাদিনা প্রকৃষ্টং ভাতি প্রভুঃ মহাংশ্চাসৌ স চেতি তং চৈতন্যতনুং শ্রীকৃষ্ণচৈতন্য এব তনুর্যস্য ঈশ্বর মূর্ত্তে রানন্দরূপত্বাদভেদঃ। যদ্বা চিদ্ঘনরূপমিত্যর্থঃ। বন্দ ইতি সর্ব্বত্র যোজ্যং॥ ১॥

পুনরৌৎসুক্যেন শ্রীকৃষ্ণচৈতন্যদেবং শ্রীগুরুঞ্চ ব্যঞ্জয়ন্ দয়োদ্ধৃতেত্যাদিনা প্রণমতি শ্রীসনাতন গোস্বামী তনুর্যস্য নিত্যা তনুর্যস্য বা অস্যার্থঃ সুগমঃ। পক্ষে সাম্যার্থঃ। কলিযুগ পাবনাবতারস্য তন্মূর্ত্তিত্বাৎ॥ ২॥

পঙ্গুর্ভ্রমতি ব্রহ্মাণ্ডং মূর্খো বেদার্থবিস্তবেৎ।
কৃপালেশেন যস্যাহং বন্দে তং গুরুমীশ্বরং ॥ ৩॥
বন্দে তং জগদানন্দং গুরুং চৈতন্যদায়কং।
গীত বেদার্থ বিস্তারে প্রবৃত্তো যৎকৃপাশয়া ॥ ৪ ॥
গুরোঃ প্রকাশকং শ্রীল কৃষ্ণাখ্যং সর্ব্বসিদ্ধিদং।

পঙ্গুরিত্যাদিনা তন্মহিমানং ব্যনক্তি যস্য কৃপালেশেন পঙ্গুর্ব্রহ্মাণ্ডং ভ্রমতি তং শ্রীগুরুং শ্রীকৃষ্ণমন্ত্রদায়কং সমুপেত মৃত্যু নিবারকমর্থাদ্যম ভয় খণ্ডকমহং বন্দে। কীদৃশং ঈশ্বরং শ্রীকৃষ্ণ স্বরূপং। অতএব তৎ শক্তিমন্তমিত্যর্থঃ। পক্ষে ঈশ্বরং ষড়ৈশ্বর্য্য যুক্তং স্বয়ং ভগবন্তং শ্রীকৃষ্ণমহং বন্দে। কীদৃশং গুরুং সংসার তারক স্বমন্ত্র দায়ক শ্রীগুরু রূপিণং কিম্বা সর্ব্বশ্রেষ্ঠং অন্যার্থস্তু সাম্যোক্তিঃ॥ ৩॥

সর্ব্বাভীষ্ট দায়কস্য সর্ব্ববিঘ্ন বিনাশকস্য শ্রীগুরোঃ শ্রীকৃষ্ণস্য বা সমরূপস্য সামান্যাকারেণ বন্দনং কৃত্বা ইদানীং বন্দেতমিত্যাদিনা ভবাব্ধি তরণে কর্ণধার স্বরূপস্য পূর্ব্বোক্ত প্রকারস্য জগতি প্রসিদ্ধস্য শ্রীজগদানন্দাখ্য প্রভোঃ শ্রীগুরো র্বিশিষ্ট নাম প্রগৃহ্য কোঽপি প্রণমতি। তং কীদৃশং চৈতন্য দায়কং সর্ব্বাবতার শিরোমণি কলিযুগ কৃতাবতার কলিযুগ ব্যবহিত গতযুগকৃতং নিজাবতার চরণ পরিচরণ শিক্ষোদ্ধারীকৃত সকল ব্রহ্মাণ্ড ভাণ্ডক শ্রীকৃষ্ণ সংজ্ঞক দায়কমিত্যর্থঃ। শব্দশ্লেষে চেতনা এব চৈতন্যং বাস্তব জ্ঞানং তদ্দায়কমিতি যাবৎ। যৎ কৃপাশয়া বক্ষমাণ শ্রীজয়দেব শ্রীবিদ্যাপত্যাদি রচিত শ্রীকৃষ্ণলীলাবর্ণনময়গীত মেব বেদার্থঃ তদভিধেয়ঃ তস্য বিস্তারে ব্যাখ্যানে প্রবৃত্তঃ ॥ ৪ ॥

শ্রী শ্রীনিবাসাচার্য্য প্রভুবংশোত্তর তৎ স্বরূপ শ্রীমজ্জগদানন্দ সংজ্ঞক শ্রীগুরোর্ব্বন্দনং কৃত্বা শব্দশ্লেষেণ তজ্জনকং শ্রীল কৃষ্ণপ্রসাদ ঠকুরং বন্দতে প্রসাদ পদ সংযুক্তমিত্যনেন শ্রীল কৃষ্ণপ্রসাদঠক্কুরো লভ্যতে। তস্মাত্তমহং বন্দে কীদৃশং করুণার্ণবং। পুনঃ কীদৃশং সর্ব্ব সিদ্ধিদং। পক্ষে সর্ব্বেষাং জনানাং গুরোঃ প্রকাশকং শ্রীকৃষ্ণাখ্যং শ্রীমদনন্দনমিতি যাবৎ। কীদৃশং প্রসাদ

প্রসাদ পদসংযুক্তং বন্দেঽহং করুণার্ণবং ॥ ৫ ॥
শ্রীগোবিন্দগতিং বন্দে বিদিতং ভুবি সর্ব্বতঃ।
তৎ পুত্রাণাস্তু সর্ব্বেষাং পাদপদ্মমহর্ন্নিশং ॥ ৬ ॥
শ্রীনিবাসাচার্য্যবরং সভক্তং সনরোত্তমং।
সরামচন্দ্র গোবিন্দ কবীন্দ্রমহমাশ্রয়ে ॥ ৭ ॥
রূপ সনাতনৌবন্দে ভট্টযুগ্মং পুনঃ পুনঃ।
শ্রীজীবং রঘুনাথঞ্চ সর্ব্বাভীষ্টপ্রদায়কং ॥ ৮ ॥
শ্রীচৈতন্যমহংবন্দে সাবধূতং প্রভুং বরং।

এব পদং বস্তু তদযুক্তং যদ্বা প্রসাদস্য পদং স্থানং ভক্তঃ। অর্থাৎ সদৈব তদযুক্ত মিত্যর্থঃ। যদ্বা প্রসাদস্য পদং ব্যবসায় ইতি বা অর্থাৎ বিশেষেণসাম্যমিতি ॥৫॥

শ্রীগুরোঃ প্রকাশক বন্দনং কৃত্বা শ্রীমদাচার্য্য প্রভোঃ পুত্রং শ্রীগোবিন্দ গতিসংজ্ঞকং তৎ পুত্রাংশ্চ শ্রীগোবিন্দগতিনিত্যাদিনা পুনর্ব্বন্দতে অস্যার্থঃ সুগমঃ ॥ ৬ ॥

ততোঽপি প্রসিদ্ধং শ্রীরাধাকৃষ্ণ প্রেম প্রচারকং পূর্ব্বশ্লোক কৃত বন্দন অর্থকং শ্রীনিবাসেত্যাদিনা বন্দতে। শ্রিয়াঃ রাধিকায়া নিবাস ইতি ব্যুৎপত্ত্যা সার্থকঃ শ্রীনিবাসঃ শব্দঃ মন্ত্রব্যাখ্যা রুদাচার্য্যো ভক্তেবাসং প্রবর্ত্তক ইতি পূর্ব্বা-চার্য্য কৃত বচনাদ্ভয় কারকঃ সচাসৌ সচেত্যভিধায়স্য তমহমাশ্রয়ে আশ্রয় রূপস্যোৎ কর্ষ প্রতি পাদনাৎ প্রণতিরপি আক্ষিপ্যতে কীদৃশং সভক্তং সভক্ত মিতি পদেনাপি নরোত্তমাদিত্রয়ং লভ্যতে তথাপি তেষাং প্রাধান্য প্রতিপাদ নায় বিশেষণ দ্বয়ং দত্তমিতি ॥ ৭ ॥

ততোঽতি প্রসিদ্ধং নিরুপমং গোস্বামির্ব বর্গং শ্রীরূপ সনাতনাবিত্যাদিনা বন্দতে। ভট্ট যুগ্মমিতি শ্রীমদ্গোপালভট্টো রঘুনাথভট্টশ্চ বিজ্ঞেয়ঃ। অন্য নামা-কৃতি প্রসিদ্ধানি সন্তি পুনঃ পুনর্ব্বন্দে ইতি সর্ব্বত্রানুসন্ধেয়ং ॥ ৮ ॥

ততঃ সর্ব্বাবতারসার কলিযুগ পাবনাবতার প্রেম প্রচারক শ্রীমৎসংকীর্ত্তনা

সাদ্বৈতং করুণাসিন্ধুং সগণং সস্বরূপকং ॥ ৯ ॥
শ্রীরাধাং কৃষ্ণচন্দ্রঞ্চ ললিতাদি সখীগণং।
বৃন্দাদেবীঞ্চ তৎস্থানং বন্দে তৎ স্থানবাসিনং ॥ ১০ ॥
বিদ্যাপতিশ্চণ্ডিদাসো জয়দেবকবীশ্বরঃ।
লীলাশুকঃ প্রেমযুক্তো রামানন্দশ্চ নন্দদঃ।
শ্রীগোবিন্দকবীন্দ্রোঽন্য সিদ্ধ কৃষ্ণকবীনকঃ।
পৃথিব্যাং ধন্য ধন্যাস্তে বর্ত্তন্তে সিদ্ধরূপিণঃ।
এতান্ বিজ্ঞবরান্ বন্দে সপ্ত বারিধিতুল্যকান্।
যেষাং সংস্মৃতি মাত্রেণ সর্ব্বসিদ্ধিঃ প্রজায়তে ॥ ১১ ॥
সর্ব্বাভীষ্টপ্রদাতৃংশ্চ সর্ব্বসিদ্ধি বিধায়িনঃ।
সর্ব্ব ভাগবতান্ বন্দে দন্তে তৃণধরো হ্যহং ॥ ১২ ॥

নন্বহেত্ববতারং পুনঃ সর্ব্বাংশিনং সর্ব্বশক্তিমন্তমসমোর্দ্ধ করুণা করণা ইত্যবতারক স্বয়ং ভগবন্তং তদ্রূপ শ্রীমন্নিত্যানন্দাদিগণ সহিতং শ্রীচৈতন্যমহমিত্যাদিনা শ্রীকৃষ্ণচৈতন্য চন্দ্রং বন্দতে শ্রীচৈতন্যং জগচ্চৈতন্য কারক জ্ঞানাত্মন স্বরূপং অর্থাৎ শ্রীকৃষ্ণচৈতন্য সংজ্ঞকং বন্দ ইতি। একদেশে সমুদায়োপচারাৎ ॥ ৯ ॥

ততঃ সর্ব্বনায়িকাশিরোমণিং সর্ব্বনায়কশিরোমণিং সর্ব্বশক্তিসার রূপীং সর্ব্বশক্তিমন্তং সর্ব্বলক্ষ্মী সর্ব্বমহিষ্যাদি প্রকাশকারিণীং পরব্যোম নাথাদি সর্ব্বাবতারি সর্ব্বাবতার কারণং সাবরণাং স্বাভীষ্টদেবীং তং দেবঞ্চ বিশুদ্ধ সত্ত্ব রূপং তৎ স্থানং তদ্রূপ তল্লোক বাসিনশ্চ শ্রীরাধামিত্যাদি পদ্যেন বন্দতে। অস্যার্থঃ স্পষ্টঃ ॥ ১০ ॥

ততঃ শ্রীরাধাকৃষ্ণ লীলাবর্ণন কারক পরম রসিকানায়াস পূর্ণীকৃত সর্ব্ব জন কামান্ শ্রীমদ্ভক্ত বর্য্যান্ শ্রীবিদ্যাপত্যাদিনা বন্দতে বিদ্যাপতিশ্চেত্যাদি ত্রিভিঃ কবীনকঃ কবিঃ। অত্র সিদ্ধ কবীনাং জাত্যেকত্বং বিবক্ষ্য সপ্তবারিধি তুল্যত্ব মুক্তং ধন্যানাং মধ্যে ধন্যা ইত্যর্থঃ ॥ ১১ ॥

ততঃ কবিব্যতিরিক্ত সর্ব্ব ভাগবতান্ বন্দতে সর্ব্বাভীষ্ট ইত্যাদিনা ॥ ১২ ॥

আচার্য্য প্রভুবংশাশ্চ বন্দন্তে তৎকুলোদ্ভবঃ ।
কোঽপি দুষ্টঃ পরীবারাংস্তদেকগতমানসান্ ॥ ১৩ ॥
ক্বাহং ধূলিসমঃ ক্বেদং স্পর্শনং রসবারিধেঃ ।
কিন্তু সম্ভাব্যতে তত্র মহদাজ্ঞা বরং বলং ॥ ১৪ ॥
আলোক্য গীতশাস্ত্রাণি সদ্ভক্তানাং কৃতানিতু ।
সংগৃহ্যন্তে সুগীতানি কীর্ত্তনস্থানু সারতঃ ॥ ১৫ ॥
পূর্ব্বোক্তগীতকর্ত্তৃণাং কদাচিদ্গানপোষকং ।
নলভ্যতে যত্র গীতং বিচিন্ত্য হৃদি তৎপদং ।
দাস্যামি রচনং কৃত্বা তত্র তেষাং কৃপাবলৈঃ ।
ক্ষমধ্বমপরাধংমে শ্রোতারো হ্যদোষ দর্শিনঃ ।
মৎকৃতানিচ শোধ্যানি গীতানি করুণার্ণবাঃ !

ততঃ শ্রীনিবাস প্রভুবংশান্তদগত চিত্তক তৎ পরীবারাংশ্চ বন্দতে আচার্য্যেত্যাদিনা দুষ্টঃ বিষয় দূষিতান্তঃকরণঃ ॥ ১৩ ॥

পরমাযোগ্যস্য রস বিবেচনে কারণমাহ কাহমিতি শ্লোকেন অত্যন্তাসম্ভবে ক ত্বয়ং তদা কথং প্রবৃত্ত ইত্যত আহ কিন্তিতি ॥ ১৪ ॥

স্ব কর্ত্তৃত্বমালোক্য ইত্যাদিনা বারয়তি অর্থাত্তদনুসারেণ বিদ্যাপতি চণ্ডীদাসা দীনাং গীতানি সংকীর্ত্তনে উত্তরোত্তর গীয়মানাঙ্যস্মিন্ গ্রন্থে সংগৃহ্যন্তে ॥১৫

পূর্ব্বোক্ত গীত কর্ত্তৃণামিতি পূর্ব্বোক্ত গীতকর্ত্তৃণাং বিদ্যাপতি চণ্ডীদাসাদীনাং যদ্যপি সর্ব্ব গীতানি পূর্ণানি সন্তি তথাপি মাদৃশামন্বেষণে কদাচিৎ মদ্দুর্ভাগ্যবশেন গীতৈকং গীতার্দ্ধং পাদৈকং বা নলভ্যতে তদা তেষাং পাদপদ্মং হৃদি বিচিন্ত্য রচনং কৃত্বা তদ্দাস্যামি যোজয়িষ্যামি কিন্তু হে অদোষদর্শিনঃ শ্রোতারঃ মমাপরাধং ক্ষমধ্বং তত্র হেতুঃ তেষাং কৃপাবলৈঃ । তথা জ্ঞান দুর্ব্বলস্য মম রচনাশুদ্ধিঃ সদৈব বিদ্যত এব তস্মাৎ শোধনমবশ্যং কর্ত্তব্যমিতি । হে করুণার্ণবাঃ যুষ্মাকং দয়ালুতা তদা ব্যক্তা ভবেদিত্যর্থঃ । অসামর্থ্যে প্যাস্ম

তদা ময়ি ভবেদ্ব্যক্তা যুষ্মাকন্তু দয়ালুতা ॥ ১৬ ॥
পদামৃতসমুদ্রাখ্যঃ সদ্ভক্তগীতসংগ্রহঃ।
শ্রোতৃণাং হৃদয়ানন্দং কুর্য্যাৎ তদনুভাবতঃ ॥ ১৭ ॥
জনোঽয়মিতিকাতরো হৃদয়দস্যুনালুণ্ঠ্যতে
তথাপি বত ঘোষণা প্রবর কর্ম্ম কুর্ব্বন্নহো।
নিগৃহ্য তদিমং কৃপাপ্রবরলোকসংঘৈঃ প্রভো
তথা কুরু যথা ভবস্তজনসদ্মনি প্রাণিমি ॥ ১৮ ॥
লবার্দ্ধমপি মানসং করুণনৈব ভীতিং ভজেৎ
কথং ভবদুপাসনা ভবতু মন্দভাগ্যস্য মে।

পবিত্রার্থং শ্রীমদ্ভাগবত প্রথমস্কন্ধোক্ত তদ্বাগ্‌বিসর্গো জনতাঘবিপ্লব ইতি শ্লোকানুসারেণ গীতাদি রচনে প্রবৃত্তোঽহমিতি ॥ ১৬ ॥

কিং তাবদ্‌গ্রন্থস্য নাম তদাহ পদামৃতসমুদ্রাখ্য ইতি ॥ ১৭ ॥

ততো নিজ মানস দোষ দৃষ্টা স্বস্যোদ্ধার পূর্ব্বক প্রেম সেবা প্রাপ্তি আনুষসাঙ্গিক প্রস্তুত সমাপ্তিক শ্রীগুরুং শ্রীকৃষ্ণঞ্চ জনোঽয়মতি কাতর ইত্যাদ্যাষ্টভিঃ শ্লোকৈঃ প্রার্থয়তে তত্র জনোঽয়মিত্যাদিনা প্রথমতো মানসস্য দস্যুত্ব খ্যাপয়ন্নাহ হে প্রভো হৃদয়দস্যুনাতি কাতর ইত্যাদ্যাষ্টভিঃ শ্লোকৈঃ প্রার্থয়তে তত্র জনোঽয়মিত্যাদিনা প্রথমতো মানসস্য দস্যুত্বং খ্যাপয়ন্নাহ হে প্রভো হৃদয় দস্যুনাতি কাতরো জনোঽয়ং লুণ্ঠ্যতে নানা বিষয়চক্রে ভ্রাময়তা পীড্যতে অয়মিত্যনেনাহমিতি বোধ্যং শিষ্টাচারাদৈন্যেনেদন্তা রূপেণ স্বস্যৈব নির্দ্দেশাৎ। কস্য মামাত্মানেন দস্যুবঃ পলায়ন্তে তস্য তস্য ঘোষণা নাম গ্রহণ রূপা দোহাই ইতি খ্যাত্যা সৈব মহৎ কর্ম্ম তৎ কুর্ব্বন্নপি অহো অত্যাশ্চর্য্যং তত্তস্মাদিমং দস্যুং প্রাণিমি জীবামি ॥ ১৮ ॥

ননেতাদৃশ জ্ঞানবাং ত্বং নীতি শিক্ষা বলেন কথং নবারয়সি তত্র মমাসামর্থ্যমিতি লবার্দ্ধমিত্যাদিনাহ করুণ ইতি সম্বোধনাৎ। তবৎ পাদাএব সম্পাদয়ি-

তথা কুরু যথা ভবচ্চরণপদ্ম সদ্বাসনা
ভবেদনিশমত্রহি স্বগণভাগ্যসিদ্ধেঃ প্রভো ॥ ১৯ ॥
অমন্দগরলাধিকং বিষয়পুঞ্জমত্যাশয়া
সুখং বত ভবিষ্যতীত্যনিশমত্র মন্মানসং।
ক্ষণং তব পদাম্বুজং স্মরতি নৈব পাপাশয়ং
তথা কুরু জগদ্গুরো চরণপদ্মলুব্ধং ভবেৎ ॥ ২০ ॥
অগণ্য বরপাপিনামতিগরিষ্ঠ পাপাত্মনঃ
কুকর্ম্ম ভব দোষতঃ শমনদণ্ড পাত্রস্তুমে।
ত্বমেব করুণার্ণবঃ শরণমত্র সংসারিণং
প্রকৃষ্ট করুণাং প্রভো বিতর যাদবেন্দ্র প্রিয় ॥ ২১ ॥
প্রসীদ ময়ি পামরে কুজন মূঢ় পাপাশয়ে
সমুদ্ধর ভবার্ণবাৎ করুণ কর্ণধার প্রভো।

ষ্যতীতি ভাবঃ ॥ ১৯ ॥

নম্ন সদা মন্তজনেন শসাধোবাহিত তর্কাবকাশাদ্বিষয়াৎ কথং তন্নাকৃষ্যতে তত্রাহ অমন্দ গরলাধিকমিত্যাদি। সুখং ভবিষ্যতীত্যাশয়েনাত্মাবন বিষয়াধিকং বিষয় পুঞ্জমেব বতাতি হর্ষেণ ভুঙ্ক্তে ইত্যন্বয়ঃ জগদ্গুরো ইত্যনেন সর্ব্ব নিয়ন্তৃত্বং তবৈব ॥ ২০ ॥

নম্ন যদ্যেবং তদা কলৌ মানস পাপেন দোষো নাস্ত্যতঃ কথং শোচসি। তত্রাগণ্য বর পাপিনামিত্যাদিনা দ্বয়েন নকেবলং মে মানসমসৎ, কিন্তু তৎ সাহচর্য্যেণ মত্তোঽপি জগতি পাতকী নাস্তীত্যাহ যাদবেন্দ্রঃ কশ্চিৎ প্রসিদ্ধঃ প্রিয়ো যস্য তস্য বা প্রিয়পক্ষে হে যাদবেন্দ্র হে প্রিয়। সর্ব্বোবাহ গুরুপক্ষে হে যাদবেন্দ্রস্য প্রিয়ঃ ॥ ২১ ॥

অতঃ প্রসীদ হে করুণেত্যনেনাশ্রিত পাদাব্জ নাবং ইত্যনেনচ মদুদ্ধার

নমং সদৃশ মন্তকং কুমতিরস্তি দেবাবনা
বমুং কুরু জনং কৃপা প্রবলপাপসংঘাবৃতং ॥ ২৪ ॥
দয়া তব সুবিশ্রুতা পতিতসংঘনিস্তারিণী
জড়াচিত্ত চিদন্বয় প্রকর মুগ্ধহৃচ্ছোধিনী।
অতঃ প্রপতিতে ময়ি প্রবরদোষমূঢ়ে জনে
দয়াং কুরু যথা প্রভো চরণপদ্মভক্তির্ভবেৎ ॥ ২৫ ॥
ইদং হৃদয়বর্ত্তন গ্রথিতমেব পদ্যাষ্টকং
গুরোশ্চরণমাধুরী স্মরণ বিক্রিয়ো যঃ পঠেৎ।
স তস্য করুণার্ণবঃ কৃপণবৎসলো যং প্রভুঃ
করোতি করুণাং বরাং কলিকৃতাপরাধস্যহি ॥ ২৬ ॥
মালব রাগেণ রূপকতালেন গীয়তে ॥

পূর্ব্বকং ভবজ্জন দ্বেষাদ্যাশক্তিং নিবর্ত্ত্য ত্বৎ পথ গামিনং মাং ভবং কৃপা করো স্থিতি ভাবঃ ॥ ২৪ ॥

নমু সাধনমেব জনং শোধয়তি নতু মৎ কৃপেতি চেৎ তত্রাহ দয়েত্যাদি জড়য়া মায়য়া চিত্তা ব্যাপ্তা চিজ্জ্ঞানং তস্যান্বয় প্রকরঃ সন্তান সমূহ কামক্রোধাদিকঃ। তেন মুগ্ধং হৃন্মানসঃ শোধয়িতুং শীলং যস্যা তথা সাচ ॥ ২৫ ॥

ইতিস্বস্যাহযোগ্যোপি প্রস্তুত লিখনে তদ্দত্তৈবৎ শক্তিমবগম্য তস্যাশ্চাতি কৃপালুতাং ব্যঞ্জয়ন্ তত্র শ্রোতৃন্ প্রবর্ত্তয়ংশ্চ ফলমাহ ইদমিত্যাদি বর্ত্তনং বৃত্তিঃ। যৎ যস্মাৎ সএব প্রভুঃ সমর্থঃ ॥ ২৬ ॥

ততঃ প্রথমতো নায়কচূড়ামণে শ্রীমন্নন্দনন্দনস্য সর্ব্বাবতারিত্বং সর্ব্বাবতারেপি করুণা কারিত্বং সর্ব্ব রসাশ্রয়ত্বং সর্ব্বামঙ্গল নাশিত্বঞ্চ ইতি সূচনায় শ্রেয়াংসি বহু বিঘ্নানীত্যাদ্যুক্ত শঙ্কয়া নিজকৃত গীত সংগ্রহামঙ্গল রাশি নাশায়েচ মহামঙ্গল প্রদস্মরক শ্রীজয়দেব কৃতং প্রলয়পয়োধিজল ইত্যাদি গীতং লিখতি ॥ অস্য ব্যাখ্যানমাত্র ময়া কিং করণীয়মতোপূর্ব্বাচার্য্য কৃত টীকা লিখ্যতে। সা যথা।

প্রলয়পয়োধি জলে ধৃতবানসি বেদং
বিহিত বহিত্র চরিত্রমখেদং। কেশব
ধৃত মীনশরীর জয় জগদীশ হরে॥ ১॥
ক্ষিতিরতিবিপুলতরে তব তিষ্ঠতি পৃষ্ঠে।

অথ তৎ কেলীনাং সর্ব্বোৎকর্ষা প্রতিপাদনায়দৌ সর্ব্ব রসাশ্রয়স্য শ্রীকৃষ্ণস্য মৎস্যাদ্যবতারিত্বেন সর্ব্ব রসাধিষ্ঠাতৃঃ অখিল নায়ক শিরোমণিতাং প্রতিপাদয়ন্ সর্ব্বোৎকর্ষাবির্ভাবেনং প্রার্থয়তে প্রলয় ইত্যাদিনা বক্ষ্যে যানগীতানস্তেন গীতস্যাস্য মালবরাগো রূপকতাল ইত্যাহ মালবেতি। তত্র লক্ষণং যথা॥ নিতম্বিনী চুম্বিত বক্তু পদ্মঃ শুকদ্যুতিঃ কুণ্ডলবান্ প্রমত্তঃ। সংগীত শালাং প্রবিশন্ প্রদোষে মালাধরো মালব রাগরাজঃ॥ বিরামস্তক্রতং দ্বন্দ্বং রূপকঃ স্যাদ্বিলক্ষণ ইতি। কেশব ইতি কেশিদৈত্যনিসূদন শ্রীকৃষ্ণ জয় সর্ব্বোৎকর্ষমাবিষ্কুরু তদাবিষ্করণ সামার্থ্যে হেতুঃ। হে জগদীশ জগতাং প্রাকৃতাপ্রাকৃতানামীশন শীল তথা বিধত্বেঽপি কারুণ্যমাহ হরে হরতি ভক্তানামশেষ ক্লেশমিতি হরিঃ হে তথাবিধঃ। তৎ ক্লেশহরত্বং তদেক প্রয়োজনমাত্রাবতারত্বেন প্রতিপাদয়তি তত্র আদৌ মীনরূপেণ নৌকারূপ পৃথিব্যা কর্ষেণেনাহ প্রলয়েতি। ধৃতং স্বেচ্ছয়াবিষ্কৃতং মৎস্যাকারং শরীরং যেন হে তথাবিধ জয়। জয়জগদীশ হরে ইত্যেবং ধ্রুবপদং প্রতিপদমনু বর্ত্তমানত্বাৎ যথোক্তং ধ্রুবশ্চাচ্চ ধ্রুবঃ প্রোক্ত আভোগশ্চান্তিমো মত ইতি বিশ্বঃ। তদাকর্ষণ প্রকারমাহ প্রলয় কালীনা যে সমুদ্রা স্তেষাং একীভূতে জলে নিমগ্নং বেদং অখেদং যথাস্যাত্তথা ধৃতবানসি তৎ প্রকারমাহ কৃতং নৌকায়াশ্চরিত্রং যত্র তদিত্যপি ক্রিয়াবিশেষণং বেদরক্ষণ পূর্ব্বকং সত্যব্রতং প্রলয় ক্লেশাদপাদিত্যর্থঃ। অনেনৈব মীনস্য বীভৎস রসাধিষ্ঠাতৃত্বং ব্যাপত্তিং॥ ১॥

ন কেবলং তদাকর্ষণমাত্রেণ অপিতু তদ্ধারণ পূর্ব্বক স্থিত্যাপীত্যাহ ক্ষিতিরিতি সর্ব্বত্র পূর্ব্ববদন্বয়বদ্ধ যোজনা। হে ধৃতকচ্ছপরূপ তব পৃষ্ঠে ক্ষিতি তিষ্ঠতি। নহু পঞ্চাশৎ কোটিযোজন বিস্তীর্ণা কথং মম পৃষ্ঠে স্থিতেত্যত্রাহ। অতি অতিশ-

ধরণি ধরণ কিণচক্র গরিষ্ঠে। কেশব
ধৃতকচ্ছপরূপ জয় জগদীশ হরে॥ ২॥
বসতি দশন শিখরে ধরণী তব লগ্না।
শশিনি কলঙ্ককলেব নিমগ্না। কেশব
ধৃতশূকররূপ জয় জগদীশ হরে॥ ৩॥
তব কর কমল বরে নখমদ্ভুত শৃঙ্গং।
দলিত হিরণ্যকশিপুতনুভৃঙ্গং। কেশব
ধৃতনরহরিরূপ জয় জগদীশ হরে॥ ৪॥
ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুত বামন।

যেন বিপুলতরে পৃথিব্যপেক্ষয়াপ্যধিক বিস্তীর্ণে পুনঃ কীদৃশে ধরণ্যা ধরণে যৎ কিণচক্রং শুষ্ক ব্রণ সমূহ স্তেন কঠিনে অনেনৈব কূর্ম্মস্যাদ্ভুত রসাধিষ্ঠাতৃত্বং জ্ঞাপিতং॥ ২॥

নচৈতাবতা তদ্বহন পূর্ব্বোদ্গমনেনাপি ইত্যাহ হে ধৃতশূকররূপ তব দন্তাগ্রে ধরণী লোকধারণকর্ত্র্যপি লগ্না বসতি কুত্র কেব শশিনি চন্দ্রে কলঙ্কস্য কলেব অত্র দশনস্য বালচন্দ্রেণোপমা। ধরণ্যাঃ কলঙ্কস্য কলয়া অতএব নিমগ্ন শব্দোপাদানং অনেনৈব বরাহস্য ভয়ানক রসাধিষ্ঠাতৃত্বং জ্ঞাপিতং॥ ৩॥

নাত্মনঃ ক্লেশ সহনমাত্রেণ পরপীড়য়াপীত্যাহ হে ধৃত নরহরিরূপ তব কর কমলবরে নখমস্তি কীদৃশং অদ্ভুতমাশ্চর্য্যং শৃঙ্গমগ্রভাগো যস্য তাদৃশং অদ্ভুতত্ত্বমেবাহ বিদারিতো হিরণ্য কশিপোর্দৈত্যস্য তনুরূপো ভৃঙ্গোযেন তৎ অন্যদ্ধি কমলাগ্রং ভৃঙ্গেণ দল্যতে ইদন্তু কমলাগ্রং ভৃঙ্গং ব্যদারীদিত্যদ্ভুতশৃঙ্গত্বং নখস্যেত্যর্থঃ। বিষাণ নখয়োশ্চাগ্রে শৃঙ্গস্যাদিতি বিশ্বঃ। অনেনৈব নৃসিংহস্য বৎসল রসাধিষ্ঠাতৃত্বং জ্ঞাপিতং॥ ৪॥

অপিচ কপটদৈত্যাদিনাপীত্যাহ হে ধৃতবামনরূপ হে অদ্ভুত বামন রূপ বিক্রমণে পদাক্রমণে নিমিত্তভূতাদাদ্য বলিং বঞ্চয়সি পদনখনীরেণ জনিতঃ

পদনখ নীর জনিত জনপাবন। কেশব
ধৃতবামনরূপ জয় জগদীশ হরে ॥ ৫ ॥
ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগত পাপং।
স্নপয়সি পয়সি শমিতভবতাপং। কেশব
ধৃতভৃগুপতিরূপ জয় জগদীশ হরে ॥ ৬ ॥
বিতরসি দিক্ষু রণে দিক্‌পতি কমনীয়ং।
দশমুখমৌলিবলিং রমণীয়ং। কেশব
ধৃত রামশরীর জয় জগদীশ হরে ॥ ৭ ॥
বহসি বপুষি বিষদে বসনং জলদাভং।
হলহতি ভীতি মিলিত যমুনাভং। কেশব

জনানাং পাবিত্র্যং যেন হে তাদৃশ জয় অনেনৈব বামনস্য সখ্য রসাধিষ্ঠাতৃত্বং জ্ঞাপিতং ॥ ৫ ॥

ন সঙ্কল্পমাত্র পর পীড়য়া অসকৃৎ তৎপীড়য়া পীত্যাহ হে ভৃগুপতিরূপ ক্ষত্রিয়ানাং যদ্রুধিরং তন্ময়ে পয়সি জলে জলরূপে কুরুক্ষেত্রস্থ তীর্থে জগৎ প্রাণিমাত্রমপগত পাপং যথাস্যাত্তথা স্নপয়সি। কীদৃশং তেন স্নপনেন শমিতঃ সংসারতাপোযস্য তাদৃশং তৎ স্নানেন পাপক্ষয়াৎ জ্ঞানোৎপত্ত্যা ভবতাপ শান্তিরিত্যর্থঃ। অনেনৈব পরশুরামস্য রৌদ্ররসাধিষ্ঠাতৃত্বং দর্শিতং ॥ ৬ ॥

নচৈতাবতা প্রিয়াবিয়োগাদি দুঃখসহনেনাপীত্যাহ হে ধৃতরঘুপতিরূপ সংগ্রামে দশসু দিক্ষু রাবণস্য যে মস্তকাস্ত এব উপহার স্তং দদাসি কিমিতি অচেতনাসু দিক্ষু বলিদানং দিশাং পতীনাং ইন্দ্রাদীনাং অভীষ্টং তৈরপি কথং সবলিঃ কাঙ্ক্ষ্যতে। রমণীয়ং পরোদ্বেজকস্য রাবণস্য মৌলিবলি স্তেষাং রুচিজনক এবেত্যর্থঃ। অনেনৈব শ্রীরামস্য করুণ রসাধিষ্ঠাতৃত্বং জ্ঞাপিতং ॥৭॥

নৈতাবন্মাত্রং স্বপ্রেয়সী শ্রমরূপ ক্লেশাপনোদনায় আত্ম ভক্ত যমুনা কর্ষণাদিনাপী-ত্যাহ। হে ধৃতহলধর রূপ ত্বং শুভ্রে বপুসি জলধর বর্ণাভং বসনং ধারয়সি-

ধৃতহলধররূপ জয় জগদীশ হরে ॥ ৮ ॥
নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং।
সদয়হৃদয় দর্শিত পশুঘাতং। কেশব
ধৃতবুদ্ধশরীর জয় জগদীশ হরে ॥ ৯ ॥
ম্লেচ্ছনিবহ নিধনে কলয়সি করবালং।
ধূমকেতুমিব কিমপি করালং। কেশব
ধৃতকল্কিশরীর জয় জগদীশ হরে ॥ ১০ ॥
শ্রীজয়দেব কবেরিদমুদিতমুদারং।

অত্রোৎপ্রেক্ষতে হলেন হতির্হননং তদ্ভীত্যা মিলিতা যা যমুনা তদাভা যস্য তৎ অনেনৈব হলধরস্য হাস্য রসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং ॥ ৮ ॥

কিঞ্চ নিজাজ্ঞা রূপ বেদ বিরুদ্ধবাদ প্রবর্ত্তনেনাপীত্যাহ ত্বং যজ্ঞবিধেরঙ্গ বিধায়ক বেদবাক্যসমূহং নিন্দসীত্যহহেত্যদ্ভুতং স্বয়ং বেদান্ প্রকাশ্য স্বয়মেব নিন্দসীত্যদ্ভুতত্বং। দর্শিতং পশূনাং ঘাতোযত্র তদন্যথা স্যাত্তথা কথং নিন্দসীত্যাহ পশুষু সদয়ং হৃদয়ং যস্য হে তাদৃশ অহিংসা পরমোধর্ম্মো ইত্যাদিনা দৈত্য-মোহনায় পশুষু দয়া সহিত ইত্যর্থঃ। অহেঃ পয়ঃ পোষইব দৈত্যানাং যজ্ঞ করণমনুচিত মিতি তন্মোহনং যুক্তমিতি ভাবঃ। অনেনৈব বুদ্ধস্য শান্তরসা-ধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং ॥ ৯ ॥

বুদ্ধধর্ম্মং বিনা নির্দ্দয়তয়া প্রাণিবধেনাপীত্যাহ হে ধৃতকল্কিশরীর ত্বং ম্লেচ্ছ সমূহস্য নাশ নিমিত্তং করবালং খড়্গং কলয়সি কলিহল্যোঃ কামধেনুত্বাৎ ধারয়সি কীদৃশং কিমপি অনির্ব্বচনীয়ং অতিশয়মিত্যর্থঃ। করালং ভয়ঙ্করং কমিব ধূম-কেতু মিব তন্নাম উৎপাতিকো যো গ্রহ বিশেষ স্তমিব অনেনৈব কল্কিনো বীরর-সাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতং ॥ ১০ ॥

এবং প্রত্যেকাঙ্গরসাধিষ্ঠাতৃত্ব পুরস্কারেণ নিবেদ্য সমুদিতাঙ্গ রসাধিষ্ঠাতৃত্ব পুরস্কারেণ নিবেদয়তি। হে ধৃতদশবিধ রূপ শ্রীকৃষ্ণ জয় শ্রীজয়দেব কবেঃ

শৃণু সুখদং শুভদং ভবসারং। কেশব
ধৃতদশবিধরূপ জয় জগদীশ হরে ॥৯১॥ ১ ॥

কেদার রাগ মঠক তালাভ্যাং ॥

সৌরভ সেবিত পুষ্প বিনির্ম্মিত নির্ম্মল বনমালা পরি-
মণ্ডিত। মন্দতরস্মিত কান্তি করম্বিত বদনাম্বুজ নব বিভ্রম
পণ্ডিত ॥ জয় জয় মরকত কন্দল সুন্দর। বরচামীকর পীতা-

মোদমুদিতং শৃণু কীদৃশং শুভদং। জগন্মঙ্গল প্রদং যতোভবস্য জন্মনঃ ভূদবতারাণাং সারং রহস্যং যত্র তৎ অতএবোদারং পরমং মহৎ। সুখদং পরমানন্দ প্রদং জন্ম শুহমিতি শ্রীসূতোক্তেঃ ॥ ৯১ ॥ ১ ॥

ততঃ পূর্ব্বোক্ত প্রকারেণ শ্রীকৃষ্ণচৈতন্যাদদ্বিতীয় সনাতন তনু শ্রীমৎ সনাতন গোস্বামি কৃতং সৌরভ সেবিত ইত্যাদি গীত দ্বয়ং পুনরাহ গীতস্যাস্য কেদার রাগোমঠকতালশ্চ তল্লক্ষণং যথা। প্রিয়াবিরহ সন্তাপ দুঃখিতো ধূসরাকৃতিঃ। কেদার রাগঃ [illegible]য়োহয়ং যুবা সর্ব্বাঙ্গ সুন্দরঃ ॥ ০ ॥

হে মরকতস্য কন্দলাৎ কোঁড়াইতি লোক প্রসিদ্ধাদপি সুন্দর তথাচ ধরণিঃ। কন্দলস্তু পুনভেদে মনোহর মধোস্তিদি। ত্বং জয়জয় বীপ্সায়াং নিজ সর্ব্বোৎকর্ষ আবিষ্কুর্ব্বিতি এবপদং সর্ব্বত্রানুবর্ত্তনং। বরচামীকরমিব যৎ পীতাম্বরং হে তদ্ভৃত হে বৃন্দাবন জন সমূহেন্দ্র ইন্দ্রবৎ পালক। সৌরভেন সেবিতৈ যুক্তৈঃ পুষ্পৈ বিশিষ্ট রূপোত্পত্তি নৈপুণ্যেন নির্ম্মিতা যা নির্ম্মলা সমল পুষ্পাদি রহিতা বনমালা হে তয়া পরিমণ্ডিত ভূষিত। যথা সৌরভেন সেবিতৈরিতি শ্রীকৃষ্ণাঙ্গে পুষ্পৈর্ব্বনমালা লগিষ্যতি ইতি মত্বা স্বয়ং সৌরভকুলেনাত্যাগ্রহ পূর্ব্বকং তানি পুষ্পানি সেব্যন্ত ইত্যর্থঃ। অধরোষ্ঠ স্ফারতয়া সৃক্কণ্যোরেব বিস্ফুরৎ অল-ক্ষিত দ্বিজং ধীরা উত্তমানাং স্মিতং কিঞ্চুরিতি বচন প্রাপ্তস্মিতাদপ্যতি বৈদগ্ধ্য প্রযুক্ত মন্দতর স্মিতেন কান্ত্যাচ করম্বিতেন সংযুক্তেন মুখাম্বুজেন নবানাং নবস্ত্রী জনানাং বিভ্রমাদি ভাবস্য পণ্ডিত বিজ্ঞ। যথা বদনাম্বুজস্যাস্ত [illegible]

স্মর ধর বৃন্দাবনজনবৃন্দ পুরন্দর।। ধ্রু।। নবগুঞ্জাফল রাজিভি-রুজ্জ্বল কেকিশিখণ্ডক শেখর মঞ্জুল। গুণবর্গাতুল গোপ বধূকুল চিত্ত শিলীমুখ পুষ্পিত বঞ্জুল।। কলমুরলী ক্বণ পূর-বিচক্ষণ পশুপালাধিপ হৃদয়ানন্দন। গিরিশ সনাতন সনক সনন্দন নারদ কমলাসন কৃত বন্দন।। ২।।

ভৈরব রাগ প্রতিমণ্ঠক তালো।।

অপঘন ঘটিত ঘুস্‌ণ ঘনসার। পিঞ্ছ খচিত কুঞ্চিত কচ-ভার।। জয় জয় বল্লব রাজকুমার। রাধা বক্ষসি হরিমণি হার।। ধ্রু।। রাধা ধৃতিহর মুরলীতার। নয়নাঞ্চল কৃত মদন বিকার।। রসরঞ্জিত রাধা পরিবার। কলিত সনাতন চিত্ত বিহার।। ৩।।

সাধ্য মেব প্রকার চালনং অতো নববিভ্রমস্য ইতস্তত ক্ষেপণস্য পণ্ডিত অথবা হে নববিভ্রম পণ্ডিতেতি পৃথক্ সম্বোধনং। নব গুঞ্জাফলানাং রাজিভিঃ সমূহৈঃ হে সেদোজ্জ্বল ময়ূরপুচ্ছ যুক্ত চূড়য়া শোভিত হে, গুণবর্গৈরতুলানাং গোপা-ঙ্গনানাং চিত্ত ভ্রমরা কর্ষক সৌরভমিলিত পুষ্প যুক্তা অশোক বৃক্ষ। হে মধুরাস্ফুট মুরলী শব্দস্য পূরণে বিচক্ষণ-হে পশুপালাধিপস্য হৃদয়ানন্দ দায়ক তস্মাৎ নিত্যং বন্যবেশ ধারণাসমোর্দ্ধ মাধুর্য্য বিস্তারি নন্দনন্দনেতি ভাবঃ। ননু গোপরূপস্য দেবাদেঃ সর্ব্বোৎ কৃষ্টত্বং নাস্তীত্যতঃ কুতঃ সর্ব্বোৎকর্ষাবিষ্করণ যোগ্যতা অত আহ হে গিরিশাদি কৃত বন্দনেতি। পক্ষে সনাতন গোস্বামি মিলিত গিরিশ সনকাদিভিঃ কৃতবন্দনেত্যর্থঃ॥ ২॥

অপঘন ইত্যস্যাপি ভৈরব রাগঃ তল্লক্ষণং যথা। খট্টাঙ্গধারী ত্রিকপাল মালা বিভূষিতো ভূতি বিচিত্রিতাঙ্গঃ। দিগম্বরস্তাণ্ডবপণ্ডিতোঽয়ং গৌরীপতি র্ভৈরব নামধেয় ইতি॥ বল্লবানাং গোপানাং রাজা শ্রীমান্নন্দঃ হে তদাত্মজ ত্বং জয় জয় হে রাধাবক্ষসি ইন্দ্রনীল মণিহার তুল্য অপঘনে অঙ্গে ঘটিতো কুঙ্কুম কর্পূরঃ যস্য হে তাদৃশ। অঙ্গং প্রতীকোঽবয়বোপঘনোঽথ কলেবরমিত্যমরঃ। রাধায়া ধৈর্য্যহরো মুরলীতারঃ তদ্বচ্চ শব্দোযস্য হে তাদৃশ॥ ৩॥

ভৈরবরাগ জয়মঙ্গলতালাভ্যাং ॥

দামোদর রতি বর্দ্ধন বেশে। হরি নিষ্কুট বৃন্দাবন বিপিনেশে ॥ রাধে জয় জয় মাধব দয়িতে। গোকুল তরণী মণ্ডল মহিতে ॥ ধ্রু ॥ বৃষভানূদধি নব শশিলেখে। ললিতা সখি গুণ রমিত বিশাখে ॥ করুণাঙ্কুরু ময়ি করুণা ভবিতে। সনক সনাতন বর্ণিত চরিতে ॥ ৪ ॥

ততঃ শ্রীকৃষ্ণস্য সর্ব্ব সুখদায়িন্যাঃ সর্ব্ব শক্তি বরীয়স্যা শ্রীরাধিকায়াঃ সর্ব্বোৎকর্ষ ব্যঞ্জকং সর্ব্বামঙ্গল ধ্বংসক শ্রীমৎ সনাতনগোস্বামি কৃতং দামোদররতি বর্দ্ধনবেশে ইত্যাদি গীতং পুনরাহ অত্র ভৈরবী রাগঃ তল্লক্ষণং যথা সঙ্গীত চিন্তামণৌ সরোবরস্থে স্ফটিকস্য মণ্ডপে সরোরুহৈঃ শঙ্করমর্চ্চয়ন্তী। তাল প্রয়োগ প্রতিবদ্ধ গীতি গৌরী তনু নারদ ভৈরবীয়মিতি। হে রাধে ত্বং জয় জয় কীদৃশী গোকুলাঙ্গনা সমূহৈঃ পূজিতে পুনঃ কীদৃশী হরেঃ শ্রীকৃষ্ণস্য নিষ্কুটৌ গৃহারামঃ গৃহস্থ নিকটোপবনমিতি যাবৎ কিন্তন্নাম বৃন্দাবিপিনং তদীশে গৃহারামাশ্চ নিষ্কুটা ইত্যমরঃ। অর্থাৎ তস্মিন্ শ্রীকৃষ্ণস্য সুখাদি কারণরূপে ইত্যর্থঃ। শ্রীমত্যা জনকঃ বৃষভানু নামা সএব উদধিঃ সমুদ্রস্তস্য পরমানন্দ তরঙ্গ জনকো নবোদিতোঽর্থাৎ সন্ধ্যায়ামুদিতো যঃ শশী তল্লেখে তৎ সমূহ রূপে শ্রেণী লেখাস্তু রাজয় ইত্যমরঃ। নবশিখরে ইতি পাঠো নরুচিরস্তত্রাপকৃষ্টার্থাভিধানাৎ। ললিতা সখী যস্যাস্তাদৃশি। গুণেন নিজগুণেন রমিতা আনন্দিতা বিশাখা নাম্নী সখী স্নেহেণ ষোড়শী তারয়ো বিশাখা নাম্নী তদ্রূপা যয়া তাদৃশি ললিত সখী গুণ রমিত বিশাখে ইতি পাঠে ললিতো যঃ সখীগুণঃ সখ্যুচিত গুণস্তেন রমিতা সা যয়া। ময়ি করুণাঙ্কুর যতো হে করুণা পূর্ণে সনক সনাতনাভ্যাং। বর্ণিতং চরিতং যস্যাঃ। হে তাদৃশি। সরস্বতী সনাতন গোস্বামিনং স্তৌতি সনকেন সনকাদপি বা আদৃতো যঃ সনাতন নামা গোস্বামী তেন বর্ণিত চরিতে ইতি ॥ ৪ ॥

মল্লাররাগ কন্দর্পতালৌ ।।

নিন্দিত শশধর নিরুপম নখরং। হৃদগত তিমির বিনাশক শিখরং। বন্দে রাধামাধব চরণং। ভক্ত জনানাং কেবল শরণং ।। ধ্রু ।। পরমানন্দক মতিশয় ললিতং। ব্রজযুবতী কুল লোভক চরিতং ।। অহমতি পামর পাপ বিশিষ্টঃ। রাধামোহন সংজ্ঞক দুষ্টঃ ।। ৫ ।।

গোরী রাগৈকতালি তালাভ্যাং গীয়তে ॥

চম্পকশোনকুসুমকনকাচল, জিতল গৌরতনু লাবণিরে। উনত গীম সীম নাহি অনুভব, জগমনোমোহন ভাঙনিরে॥ জয় শচীনন্দন ত্রিভুবন মণ্ডন, কলিযুগ কাল ভুজগ ভয় খণ্ডন ॥ ধ্রু ॥ বিপুল পুলক কুল আকুল কলেবর, গর ২ অন্তর প্রেমভরে। লহু ২ হাসনি গদগদ ভাষনি, কত মন্দাকিনী নয়ন ঝরে॥ নিজ গুণে নাচত নয়ন ঢুলায়ত, গায়ত কত ২

ততো যুগল নিজাভীষ্ট দৈবত চরণং স্বকৃত নিন্দিত শশধরেত্যাদিনা গীতেন বন্দতে। অস্য মল্লার রাগঃ তস্য লক্ষণং যথা। শঙ্খদ্যুতিঃ পলিত নিন্দিত শারদেন্দুঃ কৌপীনমেকমরুণং রুচিরং বসানঃ। শান্তঃ প্রসন্ন বদনঃ সুবিহার-চারী মল্লার এব কথিতঃ পৃথু লম্বকর্ণঃ। শ্রীরাধামাধব চরণং পাপ যুক্তোতি দুষ্টো রাধামোহন সংজ্ঞোহহং বন্দে শিখরোঽগ্রভাগঃ। অন্যার্থ স্পষ্টঃ ॥ ৫ ॥

ততঃ শ্রীগোবিন্দ কবিরাজ কৃতং সর্ব্বামঙ্গল ধ্বংস কারকং শ্রীমদ্গৌর চন্দ্রস্য চম্পকশোণ ইত্যাদি গীত লিখতি তৎকৃতে গ্রন্থেঽস্য দাক্ষিণাত্য শ্রীরাগো-দৃশ্যতে কিন্তু পূর্ব্বাপরং গৌরীরাগেণ গানং শ্রুতমতো গৌরীরাগো লিখিত স্তল্লক্ষণং যথা কান্তং মনোজ্ঞ কুচযুগ্ম নিপীড়িতাঙ্গং কামং নিবেশ্য হরি চন্দন লিপ্তপীঠে। কল্পদ্রু পুষ্প মধু পায়স পিষ্টকাদ্যৈঃ সংতোজয়ত্যবিরতং মধুমাসি

ভকতঁহি মেলি। ও রসে ভাসি অবশ মহীমণ্ডল গোবিন্দ দাস তঁহি পরশ না ভেলি ॥ ৬ ॥

মঙ্গলরাগ দশকোষী তালো ॥

জয়রে জয়রে গোরা শ্রীশচীনন্দন মঙ্গল নটন ছুঠাম। কীর্ত্তন আনন্দ শ্রীবাস রামানন্দ মুকুন্দ বাসু গণ গান ॥ ধ্রু ॥ দ্রোং দ্রিমিকি দ্রিমি মাদল বাজত মঞ্জীর মধুর রসাল। শঙ্খ করতাল ঘণ্টারব ভেল মীলল পদতলে তাল ॥ কেহ দেই অঙ্গে স্থগন্ধি চন্দন, কেহ দেই মালতির মাল। পিরিতি ফুলশরে মরম ভেদল, ভাব সহচরি ভাল ॥ কেহ বলেরে গোরা জানকী বল্লভ রাধার প্রিয় পাঁচবাণ। নয়নানন্দের মনে আন নাহিক জানে আমার গদাধরের প্রাণ ॥ ৭ ॥

মঙ্গলরাগ তথা তালো ॥

শ্রীবাস অঙ্গনে বিনোদ বন্ধনে নাচত গৌরাঙ্গ রায়। মন্মুজ দৈবত পুরুষ যোষিত সভাই দেখিবারে ধায় ॥ ধ্রু ॥ ভকত মণ্ডল গাওত মঙ্গল বাজত খোল করতাল। তার মাঝে

গৌরীতি অন্যার্থঃ সুগমঃ ॥ ৬ ॥

ততঃ উক্ত প্রকারেণ শ্রীনয়নানন্দ মিশ্র ঠকুর বিরচিতেন জয়রে ২ গোরা শ্রীশচীনন্দন ইত্যাদিনা কলিযুগ পাবন ধর্ম শ্রীসংকীর্ত্তনানন্দ নন্দিতং সুন্দরং শ্রীমদ্গৌর চন্দ্রং স্মরতি গীতস্যাস্য পঞ্চম নাম্না রাগঃ মঙ্গল ইতি নাম্না গৌড়ে বিখ্যাতঃ তল্লক্ষণং যথা বিলাসিনী চামর চালনেন লসাংগুলিলো ভাংকৃত হেমপীঠঃ। গন্ধর্ব্বরাট্ কাঞ্চনকান্তি রাঢ্যঃ শ্রীমানয়ং পঞ্চম নামধেয় ইতি ॥৭॥

ততঃ শ্রীমদ্বৃন্দাবন দাসকৃত শ্রীবাসঅঙ্গনে বিনোদবন্ধনে ইত্যাদি গীতদ্বয়ে তস্য আচণ্ডালং প্রেমদাতৃত্বমতো দয়য়া মহমপি তদ্দাস্যাতীত্যাশয়েন তদ্গীত

উনমত্ত নিতাই নাচত ভাইয়ার ভাবে মাতোয়াল॥ হেমস্তম্ভ জিনি বাহুর সুবলনি সিংহ জিনিয়া কটিদেশ। চন্দ্র আনন কমললোচন মদনমোহন বেশ॥ গরজে পুন ২ লম্ফ ঘন ২ মল্লবেশ ধরি নাচই। অরুণ লোচনে প্রেম বারিখত্রে অবনি মণ্ডল সিঞ্চই॥ ধরণি মণ্ডল প্রেমে বাদল করল অবধূত চান্দ। না জানে নর নরী ভুবন দশচারি সভাই রূপ হোর কান্দ॥ শান্তিপুর নাথ গরজে অবিরত দেখিয়া প্রেমের বিকার। ধরিয়া শ্রীচরণ করয়ে রোদন পণ্ডিত শ্রীবাস উদার॥ মুকুন্দ কুতূহলি কান্দয়ে ফুলি ২ ধরিয়া গদাধর কোর। নয়নে বহে প্রেম ঠাকুর অভিরাম সঘনে ভাইয়া ২ বোল॥ না জানে দিবানিশি প্রেমভরে ভাসি সকল সহচর বৃন্দ। বৃন্দাবন দাস প্রেম পরকাশ নিতাই চরণারবিন্দ॥ ৮॥

ধানশ্রী রাগ মঠকতালো॥

বিমল হেম জিনি তনু অনুপামরে তাহে শোভে নানা ফুল দাম। কদম্বকেশর যিনি একটী পুলকরে তার মাঝে বিন্দু ২ ঘাম॥ চলিতে না পারে গোরাচান্দ গোসাঞিরে বলিতে না পারে আধবোল। ভাবে বিহ্বল হইয়া হরি হরি বোলাইয়া আচণ্ডালে ধরি দেই কোল॥ ধ্রু॥ গমন মন্থর গতি জিনি

স্বয়ং লিখতি শ্রীবাস ইত্যাদি রাগ লক্ষণং প্রাগুক্তং মনুজ দৈবত পুরুষ যোষিত ইত্যাদি মনুজো মনুষ্যজাতিঃ দৈবতো দেবজাতিঃ তয়োঃ পুরুষ যোষিত ইত্যর্থঃ॥ ৮॥

বিমল ইত্যাদি আচণ্ডালে ইত্যত্র ব্রাহ্মণমারভ্যেতি বোধ্যং॥ ৯॥

রত্নমত্ত হাতি ভাঙ্গা বেশে ঢুলি চলি যায়। অরুণ বসন ছবি যেন প্রাতঃকালের রবি গোরা অঙ্গে লহরী খেলায় ॥ এহেন সম্পদ কালে গোরা না ভজিলাম হেলে তুয়া পদে না করিলাম আশ। শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর শ্রীনিত্যানন্দ গুণ গায় বৃন্দাবন দাস ॥ ৯ ॥

সিন্ধুড়া রাগ দশকোষী তালো ॥

গৌরাঙ্গ করুণাসিন্ধু অবতার। নিজ গুণে গাঁথিয়া নাম চিন্তামণি জগতে পরাওলি হার ॥ ধ্রু ॥ কলি তিমিরাকুল

ততঃ শ্রীকৃষ্ণস্য পূর্ব্বরাগোচিত বর্ণনময় গীতার্থ স্ফুরণায় সর্ব্বসিদ্ধিকর পরম করুণিকবর শ্রীকৃষ্ণচৈতন্যস্য গোবিন্দ কবিরাজ কৃতং গৌরাঙ্গ করুণাসিন্ধু অবতার ইত্যাদি গীত মাহ গীতস্যাস্য সিন্দুড়া রাগ স্তল্লক্ষণং যথা। উৎফুল্ল পঙ্কজ গলন্মকরন্দপান মত্তালি ঝঙ্কৃতি ভরৈরপি ঘূর্ণমানা। কান্তং পদান্ত মিলিতং কটুভাষয়ন্তী মানোন্নতা বসতি সিন্ধুতটে সিন্ধোড়া ইতি। স শ্রীকৃষ্ণচৈতন্যঃ করুণাসিন্ধু রবততার প্রাদুর্ভূতবান্। করুণাশব্দেন বক্ষ্যমাণ ক্রিয়য়াচ ক্ষীরাব্ধি রতি তুচ্ছকৃত ইতি ভাবঃ। তদ্বিবরণং যথা ক্ষীরাব্ধিনা চিন্তামণিরত্নানি সর্ব্বেভ্যোঽদত্তানি অয়ন্ত নাম চিন্তামণীনাং চিন্তামাত্রাভীষ্ট দাতৄণাং হারান্ কৃত্বা দরিদ্রেভ্যোপি দত্তবান্। তত শ্চন্দ্রোঽভূৎ তস্য কেবল রাত্রি বিলাসিত্বং হ্রাসোবৃদ্ধিশ্চাস্তি অস্য বদন চন্দ্রস্যাতু তদভাবঃ। তদুদ্ভূতা মৃতস্য কেবলমিন্দ্রাদয়ো দেবাঃ পাতারঃ। অনেনতু প্রেমামৃত বৃষ্টিদানেন যাবজ্জগজ্জনস্যাধ্যাত্মিকাদি তাপ বিনাশাদি পূর্ব্বক মমরত্বং কৃতমিতি ভাবঃ। ততৈ্রকঃ কল্পদ্রুমো ঽভূৎ সোপ্যমরাবতীস্থো লোকাদৃষ্ট যেষাং পুন র্দৃষ্টস্তেষামপি কামনাপেক্ষকঃ। অনেনত্ত ভক্তকল্পতরবঃ সর্ব্বত্রৈব রোপিতা স্তৎ শিষ্যাদি রূপ তং পোত্র প্রপোত্রাদিশ্চাদ্যাপি রক্ষিত ইত্যাশ্চর্য্যং। তত্রৈরাবত নাম্না গজোঽভূৎ সোপ্যতি মহতে সুরাধিপায় দত্তঃ অনেনতু অকিঞ্চ-

অখিল লোক দেখি বদন চান্দ পরকাশ। লোচন প্রেম সুধা রস বরিষণে জগজন তাপ বিনাশ॥ ভকত কলপতরু অন্তরে অন্তরু রোপলি ঠামহি ঠাম। যছু পদতল অবলম্বন পুষ্পিক পূরল নিজ ২ কাম॥ ভাব গজেন্দ্র চঢ়ায়ে অকিঞ্চন ঐ ছন পহুঁক বিলাস। সংসার কালকূট বিষে দগধলএকলি গোবিন্দ দাস॥ ১০॥

বিভাষ রাগৈকতালী তালাভ্যাং॥

বন্দে বিশ্বম্ভর পদকমলং। খণ্ডিত কলিযুগ জনু মল মমলং॥ ধ্রু॥ সৌরভ কর্ষিত নিজজন মধুপং। করুণা খণ্ডিত বিরহ বিতাপং॥ নাশিত হৃদগত মায়া তিমিরং। বর নিজ কান্ত্যা জগতামচিরং॥ সতত বিরাজিত নিরুপম শোভং।

নেভ্যোপি দরিদ্রেভ্যোপি ভাব গজেন্দ্রান্ শ্রুত ঐরাবতা দত্তাঃ। এবমেবং প্রকার শ্চমৎকার কারকঃ প্রভোর্ব্বিলাসঃ। সংসার কালকূট ইত্যাদি চরণস্যার্থঃ স্পষ্টঃ। পক্ষে সরস্বতী স্তৌতি। সংসারএব মহোল্বণ ত্রিজগন্নাশকঃ কাল কূটঃ শ্রীরুদ্র বত্তদ্দীর্ণ কারকঃ কৃষ্ণকণ্ঠকঃ শ্রীগোবিন্দদাস কবিরাজ ইত্যর্থঃ করুণাসিন্ধু অবতার ইত্যনেন ময়ি করুণাং কৃত্বা পূর্ব্ববৎ সর্ব্বকাম্যং করিষ্যতি সংপ্রতি তৎ প্রকারেণ মম উদ্যম সংপূর্ণো ভবিষ্যতীতি প্রতিপাদিতং॥ ১০॥

ততঃ পরমাসমোর্দ্ধি দয়ালুতাদিগুণ ভাবিতাখিল ব্রহ্মাণ্ড ব্রহ্মাদি সুরাসুর নিশাচর জলচর খচর ধরাধর বনচরাগচর চণ্ডালাদি পর্য্যন্তকং কারুণ্যাব তারং স্বয়ং ভগবন্তং শ্রীকৃষ্ণচৈতন্য দেবং স্বতারক গ্রন্থ করণোপযোগি শ্রীবৃন্দা- বন শ্রীনবদ্বীপ গত তদ্গূঢ় লীলা বিশেষ স্ফুরণং বন্দে বিশ্বম্ভর পদ কমল- মিত্যাদি গীতদ্বয়েন প্রণম্য যাচতে। অনয়ো বিভাস রাগ স্বলক্ষণং যথা। স্বচ্ছন্দ সঞ্চালিত পুষ্পবাণঃ প্রিয়ানরাস্বাদ রসেন তৃপ্তঃ। পর্য্যঙ্কমধ্যাস্য কৃতোপ বেশো ভাষঃ সনিদ্রোত্থিত হেমগৌরঃ। নাশিতেত্যাদিনা পদকমলস্যাদ্ভুত চমৎ

রাধামোহন কলিত বিনোদং ॥ ১১ ॥

তথা রাগেণ মঠক তালেনচ ॥

জয় ২ গৌরচন্দ্র দয়াকর মোরে। তোমার নিগূঢ় লীলা স্ফুরুক আমারে ॥ ধ্রু ॥ অলৌকিক লীলা লাগি তোমার অবতার। অনন্ত অন্ত না পান জীব কোন ছার ॥ ঐছে দয়া না করিলে কোন অবতারে। জড় অন্ধ মহাপাপী তরাইলা সংসারে ॥ এই ভরসায় প্রভুর চরণে ধরি কয়। রাধামোহনের যৈছে রসজ্ঞান হয় ॥ ১২ ॥

বরাড়ী রাগ তথা তালাভ্যাং ॥

জয় নিত্যানন্দাদ্বৈত গৌরভক্ত বৃন্দ। কৃপা করি মোর

কারিত্বং কলিতো স্খলিতঃ ॥ ১১ ॥

হে গৌরচন্দ্র কলিতিমিরনাশক জয় জয় ইতি আর্ত্তীক্তে বীপ্সয়ায়া দ্বিত্বং। যদ্বা জয়তীতি জয় অন্য যুগাবতার অসুরাদি জয়ন যুক্তঃ তস্মাদপি দয়য়া অসুর ঘাতনং বিনাপি জয়নশীলো ময়ি দয়াং কুরু। আত্মসাৎকুর্ব্বিত্যর্থঃ। এবং যথা এতদপূর্ব্ব করণানন্তরম সাধকে শ্রীবৃন্দাবন শ্রীনবদ্বীপ গত তন্নিগূঢ় লীলা স্ফূরত্বিতি তথা কুরু যদ্যপি তল্লীলানামন্তং শেষোপি নপ্রাপ্নোতি সুতরাং কেহন্যে তথাপ্যস্মাদৃক্ষে র্যাং লৌকিক লীলাং কৃপয়া জড়ান্ধাদীন্ দর্শয়িত্বা যদ্বোত্তমাং স্বমকরোঃ অতঃ প্রশ্রয় পাগলোহতি ছুষ্টো দুঃসাহসো নির্লজ্জ যুষ্মচ্চরণং ধৃত্বা তল্লীলা রসজ্ঞানায় যাচতে ইতি ॥ ১২ ॥

অত তৎপ্রভুং সখ্য দাস্য বাৎসল্য রতিমন্তং নিত্যানন্দ রূপং নিজকৃপা-কৃত ব্রহ্মাণ্ড জনানন্দকং শ্রীমন্নিত্যানন্দ রামং তথা তদভেদ শক্তিক শ্রীমদ্বৈতাচার্য্যাদি ভক্ত বৃন্দঞ্চ জয় নিত্যানন্দ ইত্যাদি গীতেন সংসারক্ষয়ং স্তিরতে অস্য বরাড়ী রাগঃ তল্লক্ষণং যথা। বিনোদয়ন্তী দয়িতঞ্চ গৌরী সকরুণা চামর চালনেন। কর্ণে দধানাস্থির পুষ্প গুচ্ছং বরাঙ্গনেয়ং কথিতা বরাড়ী ॥ তবক্তঃ

শিরে ধর পদদ্বন্দ্ব ॥ ধ্রু ॥ পাতকি উদ্ধার হেতু এই অবতার মো সম পতিত সংসারে নাহি আর ॥ নিরঙ্কুশ কৃপাসিন্ধু এইত নিশ্চয়। ইহাতে সংশয় যার সেই যায় ক্ষয় ॥ সর্ব্বার্থ সাধক সর্ব্ব বল কৃপাসার। যাচে রাধামোহন তরাহ সংসার ॥ ১৩ ॥

তোড়ী দশকোষী তালো।

শ্রীগুরু বৈষ্ণব অবতার সার। নাম প্রেম দিয়া সকল তরাইলা সংসার ॥ ধ্রু ॥ অধম দুর্গত জনের করিলে উদ্ধার। এইত ভরসা চিত্তে মুঞি হমু পার ॥ এই বড় ডর হয় আমার অন্তরে। মো সম পাতকি নাহি ব্রহ্মাণ্ড ভিতরে ॥ নিরপরাধি পাপি যত তারা হইল পার। সাপরাধ মহাপাপী মুঞি জীব ছার ॥ সকল খণ্ডিতে পারে করুণা তোমার। লোকে শাস্ত্রে শুনি অতি ভরসা আমার ॥ এ জন উদ্ধার করি দেখাও নিজ

কৃপাং কৃত্বা পদারবিন্দানি মৎ শিরসি ধারয়ন্তু যদ্যপ্যহং তদযোগ্যস্তথাপি-পাতকিনা মুদ্ধরণায় যুষ্মাকমবতার ইতি তৎকরণ মুচিতমিত্যর্থঃ। নিরঙ্কুশো-ঽনিবার্য্যঃ স্বতন্ত্র ইতি যাবৎ ॥ ১৩ ॥

ততঃ শ্রীকৃষ্ণ স্বরূপং সাপরাধ স্বতারণ প্রথমাননা কারণ রূপং তদাদ্ধি পোতং শ্রীগুরুং শ্রীবৈষ্ণবঞ্চ সংসার সিন্ধুমগ্ন নিজোদ্ধারণং যাচতে। শ্রীগুরু বৈষ্ণব ইত্যাদিনা। অস্য তোড়ীরাগ স্বলক্ষণং। উন্নিদ্র পঙ্কেরুহ চারুনেত্রা কুরঙ্গ সারং কলমন্তরেণ। সন্তাবয়ন্তী বিপিনোপকণ্ঠে তোড়ীয় মিন্দীবরদাম রম্যা ইতি ॥ মাং সমুদ্ধৃত্য নিজবলং দর্শয় যথা রাধামোহনাখ্যোঽহং দুর্ম্মতিঃ তাটস্থ্য লক্ষণয়া ভুবনস্থজনোপি এতাদৃশ সাপরাধ মহাপাতকিনোঽসম্ভবো দ্ধরণকস্য উদ্ধারণং কৃতমিতি যুষ্মাকং যশঃ কীর্ত্তনং করোতু। যদ্যপনায়াসেন

বল। রাধামোহন যশ গায় আর ভুবন সকল ॥ ১৪ ॥

সামান্যতঃ পূর্ব্বরাগোচিত গৌরচন্দ্রো যথা ॥

খম্ভাবতী মঙ্গল রাগাভ্যাং রূপক মণ্ঠক তালাভ্যাং।

মধুকর রঞ্জিত মালতী মণ্ডিত জিতঘন কুঞ্চিত কেশং।
তিলক বিনিন্দিত শশধর রূপক যুবতি মনোহর বেশং ॥
সখি কলয় গৌরমুদারং। নিন্দিত হাটক কান্তি কলেবর
গর্ব্বিত মারক মারং ॥ ধ্রু ॥ মধু মধুরস্মিত লোভিত তনু
ভৃত মনুপম ভাব বিলাসং। নিজ নব রাগ বিমোহিত মানস

ত্বচ্চরণানাং এতাদৃশী শক্তিরস্তি তথাপি নিজ নিন্দ্য কার্য্য স্মরণ বোধিত সংসার সাগর স্বামুদ্ধরণাশঙ্কয়াতি তারণ্য যুক্তমিতি জ্ঞেয়ং ॥ ১৪ ॥

ততঃ পূর্ব্বরাগোচিত গৌরচন্দ্র রূপং সামান্যতঃ স্বকৃতেন মধুকর ইত্যাদিনাহ খম্ভাবতী পাহিড়া যস্যা ধ্যানস্তল্লক্ষণং। বাসোবসানা শরদভ্র শুভ্রং বিরিঞ্চবেদী পরিকর্ম্ম দক্ষা। মন্দারদাত্রী চতুরাননস্য খম্ভাবতী শর্ম্ম সমৃদ্ধয়েস্যাৎ ইতি। হে সখি উদারং দাতারং মহান্তং বা গৌরং শ্রীগৌরচন্দ্রং পশ্য কীদৃশং নিন্দিতং হাটকং স্বর্ণং যয়া তাদৃশ কান্তি যুক্তঃ কলেবরো যস্য স তথা গর্ব্বিতং মারকং স্বার্থে ক প্রত্যয়াৎ। মারং মদনং মারয়তীতি স তথা। সচাসৌ সচেতি তং। তস্মাৎ গর্ব্বযুক্ত মন্মথস্যাপি মন্মথঃ ইতি ভাবঃ। মধুকরৈ রঞ্জিতং মালতী পুষ্পং যত্র তাদৃশং মণ্ডিতং মণ্ডনং চূড়া বন্ধোচিত স্বর্ণাভরণং যত্র স তথা জিতো ঘনোমেঘো যেন স তথা। তাদৃশ স্তাদৃশঃ কুঞ্চিতঃ কেশো যস্য তথা তং। মধুনোপি মধুরেণাতি লোভকেন স্মিতেন লোভিতা স্তনুভৃতঃ স্থাবর জঙ্গমা যেন। অনুপম ভাবনাং ব্যভিচারি সাত্বিকাদীনাং বিলাসো যত্র তং। নিজস্য পূর্ব্বকৃতাবতারস্য নব রাগেণ স্থায়ি ভাবেন বিমোহিতেন মানসেন হেতুনা বিকথিতা গদগদ ভাষা যেন। এতেনানুভাবঃ স্পষ্টঃ। দরিদ্রাদরিদ্র নরগণে করুণা বিতরণ শীলং যস্য অকিঞ্চনো দরিদ্রে স্যাৎ কিঞ্চনো ধনিনি স্মৃতঃ

হসিত নব সুন্দরং গজপতি প্রতাপরুদ্রহৃদয়ানুগতমমুদিনং। সরসং রচয়তি রামানন্দ রায় ইতি চারু ॥ ১৬ ॥

ধানসীরাগ ডাঁসপাহিড়া তালাভ্যাং সাঙ্গপটতালাভ্যাম্বা ॥

মরকত মঞ্জু মুকুর মুখ মণ্ডল মুখরিত মুরলি সুতান্। শুনি পশু পাখি শাখি কুল পুলকিত কালিন্দী বহই উজান ॥ কুঞ্জে সুন্দর শ্যামর চন্দ্র। কামিনী মনহি মুরতিময় মনসিজ জগজন নয়ন আনন্দ ॥ তনু অনুলেপন ঘনসার চন্দন মৃগমদ

সর্ব্বাঙ্গধ্যানং তাবৎ তিষ্ঠতু তদেকাঙ্গং লঘু তরলিতং যৎ কন্দরং তদেব ভজত। নহু পরম চমৎকারৈকৈকাঙ্গমপি তিষ্ঠতু তদেকাঙ্গ জনিত হাস্যস্য লবং অমৃতাদপি পরম কর্ণকং ভজত ধ্যানং কুরুত ইত্যর্থঃ। সর্ব্বেন্দ্রিয় মূলে মনসি লগ্নে সর্ব্বেষাং যুগপদ্ভজনং সিধ্যতীতি ভাবঃ॥ ১৬॥

ততঃ শ্রীগোবিন্দকবিরাজকৃত পূর্ব্বরাগোচিত বিষয়ালম্বন শ্রীকৃষ্ণ রূপ দর্শন সূচক মরকত মঞ্জুমুকুরেত্যাদি গীতমাহ। এতত্তু লোকৈঃ সাধ্বেণ্ গীয়তে তৎকৃত বহু গ্রন্থেষু ধানসী দৃশ্যতে অতস্তল্লক্ষণং যথা। লীলাম্বুজ দ্যুতি দেহকান্তি র্বালা বিলোল নয়না বিপিনে রুদন্তী। কান্তং বিলিখ্য ফলকে প্রণিলোকয়ন্তী ধানাসিকা নিগদিতা কবিভূষণেন ইতি। কুঞ্জে সুন্দর শ্যামরচন্দ্র। অত্র বাক্য সমাপিকা ক্রিয়া প্রথম দর্শন জনিত বৈবশ্যেন লজ্জয়াচ নোক্তা পরিচয়া ভাবান্নাম সুতরাং নোক্তং। কীদৃশঃ কামিন্যা মনসি অনঙ্গোপাঙ্গস্বরূপ। নহু তদা কিং মারঃ মারয়তীতি ব্যুৎপত্ত্যা তদর্থ প্রতিপাদকঃ অত আহ জগজ্জন নয়ন আনন্দ এতেন অসমানোর্দ্ধ রূপ শ্রীবিস্মাপিত চরাচরত্বং ধ্বনিতং। মরকতস্য মঞ্জুদর্পণমিব মুখ মণ্ডলং যস্য তেন মুখরিতঃ শব্দিতো মুরলী সুতানো যেন তন্মাধুর্য্যমাহ শুনি পশুপাখীত্যর্দ্ধ চরণ এতেন ত্রিজগন্মানসাকর্ষি মুরলীকলকূজিতত্বং ধ্বনিতং। তনু অনুলেপন ঘনসার চন্দন ইত্যেব পাঠঃ। কর্পূর চন্দন মৃগমদ কস্তুরানি শ্রীকৃষ্ণস্যাঙ্গলেপ্যানি চতুঃ সমাস্তি প্রতিভাতি

কঙ্কুম পঙ্ক। অলিকুল চুম্বিত অবনি বিলম্বিত বনি বনমাল বিটঙ্ক ॥ অতি সুকুমার চরণতল শীতল জিতল শরদরবিন্দ ॥ রায় সন্তোষ মধুপ অনুসন্ধিত নন্দিত দাস গোবিন্দ ॥ ১৭ ॥

কেদার রাগাদি তালৌ ॥

মৃদুতর মারুত বেল্লিত পল্লব বল্লী বলিত শিখণ্ডং। তিলক বিড়ম্বিত মরকত মণিতল বিম্বিত শশধর খণ্ডং ॥

সখি অতস্তেষামুক্তিঃ সঙ্গতা। তনু ঘন চন্দন ইতি পাঠ শ্চিন্ত্যঃ। বিটঙ্ক শব্দস্য সুন্দরার্থ বাচকত্বং লভ্যতে। দেবাবচক্ষত গৃহীত গদৌ পরার্দ্ধ কেয়ূর কুণ্ডলকিরীট বিটঙ্ক বেশাবিতি শ্রীমদ্ভাগবত তৃতীয় স্কন্ধীয় টীকায়াং। গৃহীত গদে যাভ্যাং পরার্দ্ধৈঃ কেয়ূরাদিভি বিটঙ্কঃ সুন্দরো বেশো যয়োঃ। শ্রীধরস্বামি-চরণ ব্যাখ্যানাৎ। বনিঃ বায়ঃ ধ্বনি বিশেষঃ। কৈ গৈ রৈ শব্দ ইত্যস্মাদ্ভাবে অন্। তেন সন্তোষময়স্থি যে মধুপাস্তৈ রণাৎ তৎ সৌরভাকৃষ্টৈ রন্বেষিতঃ নন্দিতা আনন্দিতা দাসা দাসতুল্যা গোবিন্দা গোপা যেন স তথা ভূতঃ। যথা। নন্দিত দাস ইতি পৃথক্ পদং। গোবিন্দ ইতি গোপরূপঃ কোসাবিতি ভাবঃ। পক্ষে শ্রীনরোত্তম ঠকুরস্য ভ্রাতা শ্রীসন্তোষ রায় নামাসীৎ তেন শ্রীরাধাকান্ত নাম্ন্যা শ্রীমূর্ত্তে রেতদ্রূপদর্শনং কৃত্বা শ্রীগোবিন্দ কবিরাজ ঠকুরায় তদ্বর্ণয়িতুং প্রার্থনা কৃতা অতস্তন্নাম দত্তং তদর্থঃ সুগমঃ সম্বোধনাভাবাৎ শ্রীমত্যাঃ স্বগত বাক্যমিদং ॥ ১৭ ॥

ততঃ শ্রীরাধিকায়াঃ স্বগতানন্তরং তদুভয়লীলা বাঞ্ছিকা কাচিৎ সখী শ্রীরাধিকা কর্ত্তৃক শ্রীকৃষ্ণ দর্শনং বৃত্তমবৃত্তমেবেতি সন্দিহানা শ্রীরাধিকায়াঃ শ্রীকৃষ্ণচন্দ্রং দর্শয়তীতি মৃদুতরেত্যাদিনা বক্ষ্যমাণ গীতেনাহ্ রাগ লক্ষণং প্রাগুক্তং। কলয় পশ্য পরিণত ঔৎকর্ষং প্রাপ্তঃ রূপবিশেষো যস্মাৎ তং ধর শ্যামাগত চন্দ্রমিব। কীদৃশং অতিশয় মন্দপবনেন বেল্লিতং ঈষৎ কম্পিতো যঃ পল্লবঃ কোমলদলং। যদ্ধ ক্তা যা বল্লী তদ্দেশ যোগ্য সূক্ষ্মসৌন্দর্য্যাদি বিশিষ্ট লতা

যুবতি মনোহর বেশং। কলয় কলানিধিমিব ধরণীময়
পরিণত রূপ বিশেষং ॥ ধ্রু ॥ খেলা দোলায়িত মণি কুণ্ডল
রুচি রুচিরানন শোভং। হেলা তরলিত মধুর বিলোচন
জনিত বধূজন লোভং ॥ গজপতি রুদ্র নরাধিপ চেতসি
জনয়তু মুদমনুবারং। রামানন্দ রায় কবি ভণিতং মধুরিপু
রূপমুদারং ॥ ১৮ ॥

সিন্দুড়া মধুক তালাভ্যাং ॥

অঞ্জন গঞ্জন জগজন রঞ্জন মেঘপুঞ্জ জিনি বরণা। তরুণা-
রুণ থল কমল দলারুণ মঞ্জির রঞ্জিত চরণা ॥ দেখ সখি
নাগর রাজ বিরাজে। সুধই সুধাময় হাস বিকাসিত চান্দ
মলিন ভেল লাজে ॥ ধ্রু ॥ ইন্দীবর বর গরব বিমোচন

বিশেষ স্তয়া বলিতঃ শিখণ্ডোযস্য। তিলকেন বিড়ম্বিতং মরকতমণিতলে বিম্বিতং
শশধরস্য খণ্ডং মূলকং যেন। খেলা দোলায়িত মণিকুণ্ডল রুচিনা রুচিরাননেন
সুন্দর মুখেন শোভা যস্য। হেলয়া হার পরিণাম রূপ ব্যক্ত শৃঙ্গার সূচক ভাব
বিশেষেণ তরলিতেন চঞ্চলেন মধুযুক্ত বিলোচনেন জাতো বধূজনানাং লোভো
যেন। রামানন্দ রায় ভণিতং উদারং মহৎ মধুরিপুরূপং শ্রীকৃষ্ণচৈতন্যচরণরসি-
কতঙ্ক গজ পত্যাপাধিক শ্রীপ্রতাপরুদ্র সংজ্ঞক নরাধিপস্য চেতসি বারং বারং
মুদমানন্দং জনয়তু। যত্তরাটকে পারিপার্শ্বিকস্তোক্তি রূপেণ বর্ণিতং তৎ প্রবন্ধ
কৌশলেন কবিনা নিজ ভাব গোপনায়েতি বোধ্যং বস্তুতঃ শ্রীরাধিকা সখীবচ
নমিদং এবং সর্ব্বত্র বোধ্যং ॥ ১৮ ॥

অঞ্জনেত্যাদি হে সখি নাগরাণাং রাজানং বিরাজমানং দেদীপ্যমানং পশ্য
অস্তৈব কেবল সুধাময় হাস বিকাশেন লজ্জয়া চন্দ্রো মলিনোঽভূদিত্যব গম্যতে।
কীদৃশমঞ্জনস্য গঞ্জনকারকং। জগজ্জন রঞ্জকং। মেঘ সমূহজেতৃ শ্যাম শরীরকং।
তরুণারুণ বৎ যানি স্থলকমলদলানি তেভ্যোপি অরুণৌ নূপুর রঞ্জকৌ চরণৌ

লোচন মনসিজ ফান্দে। ভাঁউ ভুজগ পাশে বাঁধল ফুলবতী কুলদেবতী মনকান্দে॥ ভ্রমর করম্বিত জানু বিলম্বিত কেলি কদম্বক মাল। গোবিন্দ দাস চিতে নিতি ২ বিহরত ঐছন মুরতি রসাল॥ ১৯॥

ততঃ শ্রীকৃষ্ণে জাতরত্যা শ্রীমত্যাঃ সখী প্রশ্ন প্রত্যুত্তরয়োর্গাতব্যয়ো স্তত্সূচিত গৌরচন্দ্রো যথা।

শ্রীরাগ দশকোশি তালে॥

নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে পুলক মুকুল অবলম্ব। স্বেদ মকরন্দ বিন্দু ২ চুয়ত বিকশিত ভাব কদম্ব॥ কি পেখলু নটবর গৌর কিশোর। অভিনব হেম কলপতরু সঞ্চরু সুরধুনী তীর উজোর॥ ধ্রু॥ চঞ্চল চরণ কমলতলে ঝঙ্করু ভকত ভ্রমরগণ ভোর। পরিমলে লুবধ সুরাসুর ধাবই অহ নিশি

যস্য। ইদং লোচন মনসিজস্য বাগুড়া জালেব নাগপাশস্তেন কুলবতী বদ্ধা। অতঃ সুতরাং কুলদেবতা রোদিতি তথা ভ্রমর করম্বিত কেলি কদম্বমালা কামবাগুড়া ইত্যবগন্তব্যং শ্রীগোবিন্দদাসস্য চিত্তে এষা মূর্ত্তি বিহরতু। বিহরতীতি পাঠো নাতিপুষ্টার্থকরঃ॥ ১৯॥

পূর্ব্বরাগ ভাবাক্রান্ত শ্রীকৃষ্ণচৈতন্য কিশোর রূপ দর্শনেন তদ্ভাবাক্রান্তং কঞ্চিং ভক্তং পৃষ্টস্তঃ তং মম জনং প্রতি সএব ভক্তঃ তস্য পরমাদ্ভুত লীলত্বং ব্যঞ্জন তদ্ভাবকং নীরদনয়নেত্যাদিনা বর্ণয়তি। গীতস্যাস্য লিখিত রাগেণ লোকৈঃ প্রায়েণ গানং ক্রিয়তে কীর্ত্তনানুসারেণ শ্রীরাগেণাপি কর্ত্তব্যমতঃ সএব লিখিত স্তলক্ষণং যথা। চতুর্ভুজঃ শ্যামতনুস্মিতেনঃ পীতাম্বরোত্তমৌ বনমালা যুক্তঃ। বিক্রীড়তি স্ব প্রিয়য়েব সার্দ্ধং শ্রীরাগনামা ভবতীহ রাগ ইতি। নিজ নয়ন মেঘ কর্ত্তৃকাবিরত বৃষ্টি সিঞ্চনেন জনিত দেহাভিনবকল্পতরোর্মুকুল ফল

রহত আগোর ॥ অবিরত প্রেম রতন ফল বিতরণে অখিল মনোরথ পূর। তাকর চরণে দীনহিন বঞ্চিত গোবিন্দ দাস রহু দূর ॥ ২০ ॥

সুহই রাগ একতালি তালো ॥

লাখবান কাঞ্চন জিনি। রসে ঢর ঢর অঙ্গ মুঞ্জে যাঙ নিছনি ॥ ধ্রু ॥ কি কাজ শারদ কোটি শশী। জগত করিলে আলো গোরা মুখের হাঁসি ॥ দেখিয়া রঙ্গিমাধুর কাঁতি। ধন্য ২ অনুরাগে এ বর যুবতি ॥ সুদশন শিখর মূরতি। মরমে ভরমে জাগে পিরিতি আরতি ॥ ভাঙ ভঙ্গে মদনধনুকী। কুলবতী উনমত কৈল দুটি আঁখি ॥ অলকা তিলক ভালে শোভে। রঙ্গিণীর মনে রঙ্গ বাঢ়ে ঐ লোভে ॥ চাঁচর চিকুর কবরী। নানা ফুল সাজে তাহে হেরি ২ মরি ॥ চন্দন কেশর মাখা তনু। রঙ্গিণীর প্রাণ বাঁটি লেপিয়াছে যনু ॥ মদন বিজয়ী দোলে মালা। ইথে কি পরাণে জিয়ে কামিনী অবলা ॥ রাঙ্গা প্রান্ত পীত পটবাস। পহিরণ

করণে তৎ পরমাদ্ভুত লীলত্বং পূর্ব্বরাগোচিত সাত্ত্বিকাদি ভাবঞ্চ ব্যঞ্জয়তি। কি পেখলু নটবরেত্যনেন তত্তত্তস্যাপি পূর্ব্বাদৃষ্টত্বমিব বোধ্যতে। যৎগ্রন্থেহস্মিন্ সর্ব্ব প্রকরণে সমুচিত শ্রীগৌরচন্দ্র শ্রীকৃষ্ণাদি রূপবোধক গীতং প্রায়েণ দেয় মস্তি তৎ কীর্ত্তনস্যাবচ্ছেদ ভেদার্থং পূর্ব্বাপর গানরীত্যা বোধ্যং ॥ ২০ ॥

ততঃ প্রকারান্তরেণ বিষয়ালম্বনেন তদ্ভাববর্ণনং শ্রীগোবিন্দচক্রবর্ত্তি ঠকুর কৃত লাখবান কাঞ্চন জিনি ইত্যাদিনা করোতি। অস্য সুহই রাগ স্বলক্ষণং যথা সিন্দূরবিন্দুং মম ভালদেশে পত্রাবলিঞ্চাপি কপোলভিত্তৌ। অলক্তসিক্তং কুরু পাদমেকং কান্তং বদন্তী সুহই প্রদিষ্টা ॥ দৃষ্ট স্বর্ণাব্জক গুণোজ্জ্বল জাম্বুন-

নিতম্বিনীর রস অভিলাষ॥ অরুণ চরণে নখ চান্দ। পামরি গোবিন্দ দাসের রচিত বাঙ্কা ফান্দ॥ ২১॥

কানর রাগ বিজয়ানন্দ তালাভ্যাং॥

পুন ২ গতাগতি কর ঘর পন্থ! খেনে২ খেনে বনে চলই একান্ত॥ আজু হাম পেখলু নবদ্বীপচন্দ্র। করতলে করই বয়ান অবলম্ব॥ ধ্রু॥ ছল ২ নয়ন কমল সুবিলাস। নব ২ ভাব করত পরকাশ॥ পুলক মুকুল বরতরু দেহ। রাধা মোহন না পাওল থেহ॥ ২২॥

বেলাবলী রাগ কন্দর্প তালো॥

বরণি না হএ রূপ বরণ চিকণিয়া। কিএ ঘন পুঞ্জ কিএ কুবলয় দল কিএ কাজর কিএ ইন্দ্রনীল মণিয়া॥ ধ্রু॥ বিকচ সরোজভান মুখ মণ্ডল দিঠি ভঙ্গিম নট খঞ্জন জোর! কিএ মৃদুমাধুরি হাস উগারই পিপি আনন্দে আঁখি পড়ল

দাখ্য স্বর্ণজেতৃ বর্ণস্য নবপ্রাণ নিশ্মল সামগ্রী। ননু তৎ সাদৃশ্যে কিং তস্য কাঠিন্যমায়াতং অত আহ রসে চর ইতি॥ ২১॥

ততঃ শ্রীরাধাভাব প্রকটন নবদ্বীপচন্দ্রস্য পূর্ব্বরাগোচিত লালাসা দশাং বোধয়ন্ স্বকৃত পুন পুন গতাগতীত্যাদিকমাহ অস্য কানররাগ স্বলক্ষণং যথা মন্দারপুষ্পগ্রথিত বনমালাবিভূষিতঃ। তপ্তচামীকরাভাসঃ কানরঃ পরিকীর্ত্তিতঃ॥ ২২॥

ততঃ পুনঃ সংকীর্ত্তনসাবচ্ছেদত্বাদপি পুনর্গৃহাগত শ্রীরাধায়াঃ স্বগত শ্রীকৃষ্ণস্বরূপবর্ণনময়ং অনন্তদাসঠক্কুরকৃতং বরণি না হএ রূপ ইত্যাদি গীত মুদাহরতি। অস্য বেলাবলী রাগ স্বলক্ষণং সঙ্কেতদীক্ষাং দয়িতায় দত্বা দিতন্বতী যাংতকমঙ্গযষ্টো। স্বচ্ছং স্মরন্তী সুরমিষ্ট দেবং বেলাবলী নীলসরোজ কান্তি

বিভোর ॥ অঙ্গদ বলয় হার মণিকুণ্ডল চরণনূপুর কটিকিঙ্কিণি কলনা। অভরণ বরণ কিরণ কিএ চর ২ কালিন্দী জলে যৈছে চান্দ কি চলনা ॥ কুঞ্চিত কেশ কুসুমাবলি তছুপর শোভে শিখি চান্দকি ছান্দে। অনন্তদাস পঁহু অপরূপ লাবণি সকল যুবতি মন ফান্দে ॥ ২৩ ॥

বরাড়ী রাগ একতালী তালৌ ॥

নিশসি নেহারসি ফুটল কদম্ব। করতলে বদন সঘন অবলম্ব ॥ খেনে তনু মোড়সি করি কত ভঙ্গ। অবিরল পুলক

রিতি। বিকচ সরোজবৎ ভানং দীপ্তির্যস্য তথাভূতং মুখমণ্ডলং ভান্মুরিতি মূর্খৈর্গীরতে। অস্যার্থঃ সুগমঃ ॥ ২৩ ॥

ততঃ শ্রীকৃষ্ণপ্রিয়াণাং পূর্ব্বরাগ বোধক গীতানি প্রথমত এব উদাহরতি নিশসি ইত্যাদিভিঃ। নন্বু কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিতি আশংসরা রসবিধে রবতারিতানাং কংসারিণা রসিকমণ্ডলশেখরেণেতি। শৃঙ্গারঃ সখি মূর্ত্তিমানিব মধৌ মুগ্ধো হরিঃ ক্রীড়তি ইতি চ। নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদ ইত্যাদিবহুবিধ পদ্য প্রাপ্তে শৃঙ্গার রসাস্বাদন লীলায়াং শ্রীকৃষ্ণচন্দ্রস্য মুখ্যত্বেন কর্তৃত্বে প্রথমত স্তস্যৈব পূর্ব্বরাগোদাহরণে দাতব্যে কথং তৎ প্রিয়াণাং পূর্ব্বরাগোদাহরণ মাদাবুচিতমত্রোচ্যতে। আসামহো চরণরেণু যুষামহং স্যাং বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনাং। যা দুস্ত্যজং স্বজন মার্য্যপথঞ্চ হিত্বা ভেজুর্মুকুন্দ পদবীং শ্রুতিভি র্বিমৃগ্যামিতি। ন পারয়েঽহং নিরবদ্য সংযুজামিত্যাদি বচনাৎ তস্মাদপ্যুৎকর্ষ প্রেমবতীনাং হ্লাদিনী শক্তীনাং তদেক প্রাণানাং ব্রজসুন্দরীণাং প্রথমত এব তদুদাহরণং সঙ্গচ্ছতে। তথাহি শ্রীমদুজ্জ্বলনীলমণৌ। অপি মাধব রাগস্য প্রথমে সংভবত্যপি। আদৌ রাগে মৃগাক্ষীণাং প্রোক্তে স্যাচ্চারুতাধিকা ইতি। কিন্তস্মিন্ গ্রন্থে নায়িকোদাহরণে সর্ব্বগোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্ত বল্লভা ইতি সর্ব্ব লক্ষ্মীময়ী সর্ব্ব কান্তিঃ সম্মোহিনী পরা

মুকুলে ভরু অঙ্গ॥ এ ধনি মোহে না করু আন ছন্দ। জানলু
ভেটলি শ্যামরচন্দ॥ ধ্রু॥ ভাব কি গোপসি গুপত না রহই।
মরমক বেদন বদন সব কহই॥ যতনে নিবারসি নয়নক লোর।
গদগদ শবদে কহসি আধ বোল॥ আন ছলে অঙ্গন আন ছলে

ইত্যাদি বচনোদিত শ্রেষ্ঠায়াঃ সর্ব্বমূলাংশিক্যা অত্যন্তাধিক মধ্যায়া এব ব্যাখ্যাং করোমি। তদনুসারেণ সর্ব্বাসাং তারতম্যেন পূর্ব্ব রাগাদি বর্ণনং বোধ্যং। তত্রাদৌ মুকুল ইত্যাদি গীত চতুষ্টয়ে পূর্ব্বরাগো বোধিতঃ। তল্লক্ষণং যথা। রতির্যা সঙ্গমাৎ পূর্ব্বং দর্শন শ্রবণাদিজা। তয়োরুন্মীলতি প্রাজ্ঞৈঃ পূর্ব্ব-রাগঃ স উচ্যতে। তত্র দর্শন শ্রবণাদি প্রকারা বহবঃ সন্তি। কিন্তু গীতকারক পূর্ব্বাচার্য্যৈস্তৎ প্রকার বাহুল্যেন বর্ণিতা অতস্তৎ সঙ্গতিঃ সংকীর্ত্তনানুসারেণ সম্ভবতি। অতস্তৎ প্রকারাননুসৃত্য কেবলং সাক্ষাৎ দর্শনজন্য পূর্ব্বরাগ জনিত দশদশা মিলিত গীতানি লিখন্তি তত্র দশদশা যথা উজ্জ্বলনীলমণৌ। লালসোদ্বেগ জাগর্য্যা স্তানবং জড়িমাত্র তু। বৈয়গ্র্যং ব্যাধিরুন্মাদো মোহো মৃত্যুর্দশাদশ। সমর্থরতি রূপ প্রৌঢ় পূর্ব্বরাগ জনিতাঃ এতদ্দশাদশ শ্রীব্রজসুন্দরীনামেব সম্ভবন্তি নান্যাসামিতি অবগন্তব্যং। আসাং দশ দশানাং তত্তৎকালিনানুভাব লক্ষণানি ক্রমশো গীতোদাহরণে লিখিতব্যানি। তত্র সাংপ্রত হৃদয়োদ্ঘাট পাটব বুদ্ধীনাং সখীনাং নিজ প্রাণাধিকায়াঃ স্বসখ্যাঃ শ্রীরাধিকায়াঃ শ্রীকৃষ্ণ বিষয়ক নবরতিং জানতীনামপি নর্ম্মো কান্দিবজানতীব তন্মুখে তাং স্পষ্টয়িতুং। নিশসি নিঃশ্বাসীত্যাদিনা তদ্দর্শন জনিত লালসাং বাক্যৈস্তাং তাং পৃচ্ছতি। তল্লক্ষণং যথা। অভীষ্ট লিপ্সয়া গাঢ় গৃধ্নুতা লালসো মতঃ। অত্রোৎসুক্যং চপলতা ঘূর্ণাশ্বাসাদয়স্তথা। লালসোহত্র গুণোন্নিজঃ সমস্তান লালসা ব্যোরিতামরকোষাৎ। তদুদাহরণং তত্রৈব যথা। ক্ষুধ্যদ্বনিতা নিষ্ক্রামন্তী পুনশ্চ প্রবিশন্ত্যসৌ ঝটিতি ঘটিকা মধ্যে বারান্ শতং ব্রজসীমনি। অগণিত গুরুত্রাসাৎ শ্যামান্ নিরুদ্ধ্য শিরঃ ক্ষণমপি বহুশো নীপাবলো নিঃশেষি দৃশোদ্দয়

পন্থ। সঘনে গতাগতি করসি একন্ত॥ দূরে রহু গুরুজন গৌরব লাজ। গোবিন্দ দাস কহে পড়ল আকাজ॥ ২৪॥

তথা রাগ তালাভ্যাং গীয়তে॥

কি তুহুঁ ভাবসি রহসি একন্ত। ঝর ২ লোচনে হেরসি পন্থ॥ কহ ২ চম্পকগোরি। কাঁপসি কাহে সঘন তনু মোরি॥ ধ্রু॥ঘামকিরণ বিনু ঘামই অঙ্গ। না জানিয়ে কানুক প্রেম তরঙ্গ॥ জলধর দেখি বহয়ে ঘন শ্বাসে। বিশোয়াস করু রাধামোহনদাসে॥ ২৫॥

মিতি। রাগ লক্ষণং প্রাগুক্তং নিশসীত্যনেন শ্বাসঃ আদিনা করতলে বদনালম্বনেন চিন্তা খেনে তনু ইত্যাদৌৎসুক্য ঘূর্ণা চাপল্যানি বোধ্যানি যথা সম্ভবং অতঃ স্বানুভাব লালসা ব্যক্তা॥ ২৪॥

ইতি শ্রুত্বাপি লজ্জাকৃত মৌনায়াঃ স্পষ্ট বাক্য শ্রবণার্থং পুনরুদ্বেগ দশাং কি তুহুঁ ভাবসীত্যাদিনাহ তল্লক্ষণং। উদ্বেগো মনসঃ কম্পস্তত্র নিশ্বাস চাপলে। স্তম্ভ চিন্তাশ্রু বৈবর্ণ্য স্বেদাদয় উদীরিতা ইতি। শ্রীমদুজ্জ্বল নীলমণি ধৃত বিদগ্ধ মাধবীয় পদ্যং। চিন্তা সন্ততি রদ্য কুন্ততি সখি স্বাতন্ত্র্য কিন্তে ধৃতিং কিঞ্চা সিঞ্চতি তাম্রসম্বরনতি স্বেদাম্ভসাং ডম্বরং। কম্পশ্চম্পকগৌরি লুম্পতি বপুঃ স্থৈর্য্যং কথং বা বলাত্তথ্যং ব্রূহি ন মঙ্গলা পরিজনে সঙ্গোপনাঙ্গীকৃতিঃ। নন্ময়া শ্রীশ্যামচন্দ্র দর্শন জনিতা তবৈতাদৃশী দশা ভূতেতি কথিতং। তত্র কিঞ্চিন্ন কথয়সি ব্যাধিরপি নানুভূয়তে। অব্যভিচার্য্যনুভাবেন নব প্রেমডম্বরো লক্ষ্যতে। অন্যথা হে চম্পকগৌরি তনুমোট্টনং কৃত্বা কম্পসি। তথা একান্তে নির্জনে স্থিত্বা কিং ধ্যায়সি অত্র স্তম্ভশ্চিন্তে শাশ্বতং পথ নিরীক্ষণেনাশ্রু চাপল্যং ঘর্ম্ম কিরণং বিনা ঘর্ম্মাঙ্গঃ অতঃ কস্য প্রেমতরঙ্গোয়ং তন্ন জানাসি অহো অস্তু দাশ্চর্য্যং। মেঘদর্শনে ঘনশ্বাসা বহন্তি। অতএব পরিজনে নিশ্বাসং কুরু নকুতে প্যমঙ্গলং কৃতে সর্ব্বং ভদ্রমিতি ভাবঃ॥ ২৫॥

ঘরে ॥ ধ্রু ॥ রমনী দেখিয়া হাসিয়া ২ রসময় কথা কয় । ভাবিয়া চিন্তিয়া মনে দড়াইলুঁ পরাণ রহিবার নয় ॥ কোন পুণবতী যুবতি ইহাঁর বুঝয়ে রস বিলাস। তাহার চরণ হৃদয়ে ধরিয়া কহয়ে গোবিন্দ দাস ॥ ২৭ ॥

কানর রাগ শেখর তালো ॥

চল ২ কাঁচ অঙ্গের লাবনি অবণি বহিয়া জায়। ঈষত হাসির তরঙ্গহিললে মদন মূরুছা পায় ॥ কিবাসে নাগর কি খেনে দেখিলুঁ ধৈরজ রহল দূরে। নিরবধি মোর চিত বেয়াকুল কেনে বা সদাই ঝুরে ॥ ধ্রু ॥ হাসিয়া ২ অঙ্গ দোলাইয়া নাচিয়া ২ যায়। নয়ন কটাক্ষ বিষম বিশিখে পরাণ বিন্ধিতে ধায় ॥ মালতী ফুলের মালাটী গলে হিয়ার মাঝারে দোলে। উড়িয়া পড়িয়া মাতাল ভ্রমরা ঘুরিয়া ২ বুলে ॥ কপালে চন্দন ফোটার ছটা লাগিল হিয়ার মাঝে। না জানি কি ব্যাধি মরমে বান্ধল না কহিল কের লাজে ॥ এমন কঠিন নারীর

নিজসখীং প্রতি লালসামেবাবেদয়তি। বস্তুত শ্রীমদ্গৌরচন্দ্রস্য সর্ব্বত্র শ্রীকৃষ্ণ স্ফূর্ত্ত্যা তৎ প্রেমত এব তে জ্ঞেয়া অন্যাবতারস্য মুখ্য রূপেণাশ্রয়ালম্বন ভাব নিদানত্বাৎ অতো ন দূষণং তাগাং তু তস্যাশ্রয়ালম্বন ভাবাজ্ঞানমপি ন দোষঃ কিন্তু স্বভাবব্যত্যয়াভাবাৎ গুণ এবেতি সর্ব্ব সামঞ্জস্যং বৃত্তং এবং সর্ব্বত্রাপি জ্ঞেয়ং ॥ ২৭ ॥

সখীকর্ত্তৃকপূর্ব্বোক্তং শ্রুত্বা কুঞ্জে সুন্দর শ্যামর চন্দ্রেতি গীতোক্ত প্রকারো যঃ শ্যামো দৃষ্টঃ স ক ইত্যজ্ঞাত্বা তন্নাম গৃহ্নন্ কেবলাতিচমৎকারক শ্যামরূপ বর্ণন পূর্ব্বক নিজ লালস দশাং চল ২ কাঁচ অঙ্গের লাবণি ইত্যাদিনা বক্ষ্যমাণ নীল রতন ইত্যাদিনাচ নিজসখীং প্রত্যাবেদয়তি। না জানি কি ব্যাধি মরমে

পরাণ বাহির নাহিক হয়। না জানি কি জানি হএ পরিণামে দাস গোবিন্দে কয়॥ ২৮॥

শ্রীরাগৈকতালী তালৌ॥

নীলরতন কিয়ে নবঘন ঘটা। লখিল ২ নয় সে না অঙ্গ ছটা॥ চূড়ার উপরে ময়ূরের পাখা। মদন মহেন্দ্র ধনু কিবা দিল দেখা॥ কদম্বের কুঞ্জে কিবা শ্যাম চিকণিয়া। রূপ দেখি আইলুঁ যাতি কুল মজাইয়া॥ ধ্রু॥ বদন কমল কিএ পুনমিক চন্দ। অধর কিশলয় কিএ বান্দুলি বন্ধ॥ তাহে অতি সুমধুর মুরলিক গানে। ভুলল আঁখির লাজ সাঁধাইল কানে॥ নয়ন যুগল কিএ ভ্রমর বিরাজ। অলখিতে দংশএ যুবতি হিয়া মাঝ॥ গোবিন্দ দাস কহে সেনা দিঠি বিসে। না পিলে মদন

বাধল ইতি লাগসৈব ব্যাধি রূপেণোক্তা নতু ব্যাধিঃ। তদনুভাবাঃ তরঙ্গ উর্ম্মিঃ হিল্লোল অল তস্যা বায়ুঃ। বিশিখো বাণঃ॥ ২৮॥

বন্ধুরে কহিব মোর কথা। আনলে পশিব যদি নাহি আইসে এথা ॥ মরণ অধিক ভেল এছার জীবন। তোমা বিনু দগধই যনু দাবে বন ॥ নহেত কহএ যেন এ দুখ এড়াই। গোঙরিয়া চাঁদ মুখ তবে মরি যাই ॥ জ্ঞান কহে এত দুখ না কর ভাবন। এখনি মিলব জান মোর প্রাণ ধন ॥ ১৬০ ॥

পুনঃ সখ্যোক্তিঃ।

সুহইরাগ কন্দর্পতালো ॥

ঘুমে আলাপই কত পরবন্ধ। রভসে আলিঙ্গই করি কত ছন্দ ॥ জাগরে নিয়রে হেরি তোহে কান। সোরস

নতু তৎ স্ফূর্ত্তোতি। পিরিতি ফাঁদ ইত্যনেন প্রেম রূপ বাগুরয়া বদ্ধ ইবা য়াতীতি ধ্বনিতং ॥ ১৫৯ ॥

ততঃ শ্রীকৃষ্ণ নিকটে সখ্যা গমনং দৃষ্ট্বা সঙ্গা বা বন্ধুরে কহিও ইত্যাদিক মাহ দাবে বনাগ্নিনা ॥ ১৬০ ॥

অথ ঘুমে আলাপই ইত্যাদিনা পুনর্দিবোন্মাদমাহ ॥ ১৬১ ॥

পরশ সপন করি মান ॥ এ হরি তো সঙে রহত বিচ্ছেদ। বিপরিত চরিতে বাঢ়ায়সি খেদ ॥ ধ্রু ॥ ভরমে পুছয়ে তাহে মরমক বোল। উতর না শুনি জীউ উতরোল ॥ পুন উত কণ্ঠিত করইতে কোর। দূরে রহ পরশ দরশ ভয়ে চোর ॥ ঐছন নিতি নিতি কত অনুতাপ। পর সমুঝায়ত এহো বর তাপ ॥ গোবিন্দদাস কহ কি ফল সম্বাদ। যতএ পিরিতি ততএ পরমাদ ॥ ১৬১ ॥

শ্রীরাগোৎসাহতালৌ ॥

তরুণ অরুণ সিন্দুর বরণ নীল গগণ হেরি। তোহারি ভরমে তা সঙে রোখই মানিনি বদন ফেরি ॥ প্রাণ সহচরি চরণে সাধই কানু মানাওবি তোহি। নয়ন মূদি কহে অব মাধব কাহে নামিলল মোহি। কানু হে রাইক ঐছন কাজ। আট পহর তোবিনু সাজই আটহুঁ নায়িকা সাজ ॥ ধ্রু ॥ খঞ্জন ধনি শুনি উমতি ধায়ই তোহারি নূপুর মানি। হাসি অভরণ অঙ্গে চঢ়ায়ই শেনহি সাজই আনি ॥ নীল নিচোল সঘন মাগই নিবিড় তিমির হেরি। ঘুনল তো সঙে কহই ঐছন বেশ বনাই মোরি ॥ কোকিল কলরবে চমকি উঠই

অরুণ তরুণ ইত্যাদিনা তগোদ্ ঘূর্ণাং কথয়ন্তীং মূর্চ্ছামাত তল্লক্ষণং যথা। ব্যাধি লক্ষণ মুদঘূর্ণা নানা বৈবশ্য চেষ্টিতমিতি শয্যাং কুঞ্জ গৃহে কচিবিতমুতে ইত্যাদি তদুদাহরণ দৃষ্ট্যা জ্ঞেয়েতি। অত্র প্রথমতঃ প্রাতঃ সময়ে নীলাভাকাশে অরুণং দৃষ্ট্বা অন্য নায়িকা সিন্দুর যুক্তং ভবন্তং মত্বা খণ্ডিতা প্রাণ সহচরি ইত্যাদিনা কলহন্তারিতা নয়ন মুদি কহে ইত্যাদিনা উৎকণ্ঠিতা বিপ্রলব্ধাচ। খঞ্জন ধনি শুনি ইত্যাদি চরণে বাসসজ্জা। নীল নিচোল

নিয়রে না হেরি ভোরি। সোঙরি মধুপুরি গমন তোহারি মুরুছি পড়ল গোরি॥ নিঝর নয়নে সরস সখীগণে খোজত রহল শাস। তোহারি চরণে এ সব কহিতে ধাওলি গোবিন্দ দাস॥ ১৬২॥

ততঃ প্রার্থনা॥

গান্ধার রাগ চন্দ্রশেখরতালো॥

তুয়া কোরে শশিমুখি ঘুমে মুকুলিত আঁখি সেবন করব কত হাম। কিশলয় কলাপক ব্যজনহিঁ বীজব ঘুচায়ব দুহুঁ কর ঘাম॥ মাধব কব অছু হইব সুদীন। সোই বিরিন্দাবনে কুঞ্জকুটির ঠামে ঐছে করব প্রতি দীন॥ মাধবি পরিমল চিকুরক সৌরভ সহজহিঁ যছু উপমান। কুসুমক মিলনহি তাকর পরিমল পাই মঝু জুড়াব পরাণ। আর কিএ রাইক সঙ্গে পুন হেরব পূরব চিরদিন সাধ। রাধামোহন পহুঁ করুণাসাগর তুহুঁ ঐছন কর পরসাদ॥ ১৬৩॥

ইত্যাদিনাভিসারিকা। ঘুমল তো সঞে নিদ্রাযুক্তং দাং মত্বেত্যর্থঃ অত্র স্বাধীন ভর্তৃকা। কোকিল কলরব ইত্যাদিনা প্রোষিত ভর্তৃকা ইত্যষ্টৌ॥ ১৬২॥

ততঃ শ্রীকৃষ্ণমনুকূলং কর্ত্তুং তদ্বৈবশ্যেন তদাগমন সঙ্কেতং বুধ্বা বা তুয়া কোরে শশিমুখি ইত্যাদিনা প্রার্থয়তে তথাহি। অলিন্দে কালিন্দী কমল সুরভৌ কুঞ্জ বসতে র্বসন্তীং বাসন্তী নব পরিমলোদ্গারি চিকুরাং। ত্বদুৎসঙ্গে নিদ্রা সুখ মুকুলিতাক্ষীং পুনরিমাং কদাহং সেবিষ্যে কিশলয় কলাপ ব্যজনিনী॥ ১৬৩॥

ধানশী রাগ চঞ্চুপুট তালৌ ॥

রাইক দশা সখির মুখে। শুনিয়া মাধব মনের দুখে ॥ নয়নের জলে বহএ নদী। চাহিতে চাহিতে হরল বুধি ॥ অনেক যতনে ধৈরজ ধরি। বরজ গমন ইছিল হরি ॥ আগে আগুআন করিয়া তাঁর। সখি পাঠাওল কহিয়া সার ॥ এখন আসিছঁ মথুরা হতে। ইথে আনমত না ভাব চিতে ॥ অধিক উলাসে সখিনি ধায়। বড়ু চণ্ডিদাস তাহাই গায় ॥ ১৬৪ ॥

সুহই রাগ মণ্ঠকতালৌ ॥

দুর কর বহু দিন দুখ। নিয়ড়ে হেরবি পিয়ামুখ ॥ অনুকুল করু উদযোগে। হামে পাঠাওল আগে ॥ সো চির অসিত বরণ। তুয়া পানে আওল জান ॥ মিছই নহ আশো আস। কহ তহি গোবিন্দদাস ॥ ২৬৫ ॥

ধানশীরাগ নন্দন তালাভ্যাং ॥

সুখ অব ধারহ চীতহি রাই। হামারি বচন তুহুঁ পরতিত নাই ॥ শুন শুন নিরদয় হৃদয় কান। তাহে দেখব যদি করহ পয়ান ॥ তিল একু না সহে তোহারি বিলম্ব। রাইক প্রাণ কণ্ঠ অবলম্ব ॥ তুয়া এত দুখ শুনি পরবশ কানু।

রাইক দশা সখীর মুখে ইত্যাদিনা শ্রীকৃষ্ণস্য বচনেন পুনর্দূতী ব্রজাগমনং বর্ণয়তী ॥ ১৬৪ ॥

পুনঃ শ্রীমত্যা নিকটে দুর কর বহুদিন দুখ ইত্যাদিনা শ্রীকৃষ্ণাগমনং জ্ঞাপয়তি। চির উষিত কাল চির প্রবাসী কৃষ্ণঃ ॥ ২৬৫ ॥

তত্রাপ্রতীতিং কুর্ব্বতীং প্রতি সুখ অবধারহ রাই ইত্যাদিনা শ্রীকৃষ্ণ

তেজি মথুরাপুরি কয়ল পয়ান॥ না পুছল রাজ নগরে বহু নারি। ঐছন প্রেমরস কেবল তোঁহারি॥ মনে গুণি কিএ জোনি হয়ে পরমাদ। ধাই আওল হাম কহিতে সম্বাদ॥ ইথি পরতিত কর না ভাবিহ আন। গোবিন্দ দাস পুন তহি পরমাণ॥ ১৬৬॥ ৪৭৯॥ ৬৪৫॥

অথ ভাবোল্লাস॥

দাক্ষিণাত্য শ্রীরাগ কন্দর্পতালৌ॥

আজু শচীসুত পেখলুঁ থিরচিত না বুঝল কৈছন ভাব। অনুখন বোলত আজু মঝু হোয়ব চিরদিন পর বর লাভ॥ সজনী মঙ্গল করব সচাঁর। বহু দিনে মাধব নিজ ঘর আওব সব দুখ মিটব হামার॥ ধ্রু॥ দেহ নয়ন মন গৃহ ধন যৌবন দরশনে হইব সফল। চান্দ বদনে পুন কত শুভ সূচন ঐছন বচন সকল॥ সো নন্দনন্দন হৃদয় আনন্দন করু যোই ভাবে অবতার। রাধামোহন চিত জাগউ অবিরত সোই করত পরচার॥ ১॥

বরাড়ীরাগ সমতালৌ॥

নবদ্বীপ চান্দের আজু আনন্দ দেখিয়া। চির দিন পরে মোর জুড়াইল হিয়া॥ শচি সুত উনমত প্রেম সুখে কয়।

নিকট কথন প্রকারঃ তদাগমনঞ্চ প্রমাণয়তি॥ ১৬৬॥

অথ ভাবোল্লাস গান নির্ব্বাহকং তত্তাবাক্রান্তং শ্রীমদ্গৌরচন্দ্রং আজহুঁ শচী সুত ইত্যাদিনা স্মরতি। ভাবোল্লাসোহয়ং ভাবি সমৃদ্ধি মদ্রসগ্যাঙ্গ ভূতত্বাৎ তদ্রস এবেতি জ্ঞেয়ং॥ ১॥

ততঃ সমৃদ্ধি মদ্রসাক্রান্তং পুনস্তং আজু নবদ্বীপ চান্দের ইত্যাদিনা

মোর আজু যত সুখ কহিল না হয়॥ চির কাল বিরহ জনিত যত তাপ। সোমুখ দরশনে ঘুচল আব॥ ঐছন অমৃত কহত গোরামণি। রাধামোহন তছু যাউক নিছনি॥ ২॥

তদুচিত রূপং যথা॥

সুহই রাগ কন্দর্পতালৌ॥

উজর জলধর শ্যামর অঙ্গ। হিলন কলপতরু ললিত ত্রিভঙ্গ॥ ভুরুত মদন ধনু ভাঙ বিভঙ্গ। বিষম কুসুম শর নয়ন তরঙ্গ॥ জয় যদুকুল জলনিধি চন্দ। ব্রজকুল গোকুল আনন্দ কন্দ॥ ধ্রু॥ সুধু সুধাময় মধুরিম হাস। জগজন মোহন মুরলি বিকাশ॥ চূড়হি উড়এ রুচির শিখণ্ড। টলমল কুণ্ডল চল চল গণ্ড॥ অবনি বিলম্বিত বনি বনমাল। মধুকর ঝঙ্করু ততহি রসাল॥ তরুণ অরুণ রুচি পদ অরবিন্দ। নখমণি নীছনি দাস গোবিন্দ॥ ৩॥

গান্ধার রাগ দশকোশীতালৌ॥

জয় জয় সুন্দর শ্যাম। জলধর রুচির রুচিরানন সোহন মোহন কত কোটি কাম॥ ধ্রু॥ পুনমিক চান্দ কান্দ মুখ মণ্ডল কুণ্ডল শ্রবণ বিলাস। ব্রজ জন ভাব বিভাবিত অন্তর মন্থর

স্মরতি॥ ২॥

উজর জলধর শ্যাম ইত্যাদিনা গীতদ্বয়েন শ্রীকৃষ্ণস্য তদুচিত রূপং বর্ণয়তি॥ ৩॥

জয় জয় সুন্দর শ্যাম ইত্যাদিনা হে জলধরাদপি রুচির মন্থর মন্থর হাস হে অতি মৃদু হসন শীল। গতি অতি বারণ বার হে গত্যাতি মত্ত হস্তি সমূহাত্মক যো হন প্রেম বিথার ইত্যাদিনা হে যোজিত প্রেম বিস্তার।

মন্থর হাস ॥ কেলি কলাগুরু অন্তর অন্তরু গতি অতি বারণ বার। রাধারমণ রমণিগণ মোহন মোহন প্রেম বিথার ॥ রাধা রাস রসিক বর শেখর শেখর জন মন জান। রাধা-মোহন মোহন বন্ধুক নিন্দক পদতল মান ॥ ৪ ॥

ধানশী রাগেক তালিতালাভ্যাং ॥

যব হরি আয়ব গোকুলপুর। ঘরে ঘরে নগরে বাজাব জয় তুর ॥ আলিপন দেয়ব মোতিম হার। মঙ্গল কলস করব কুচভার ॥ সহকার পল্লব চুচুক দেবি। মাধব সেবি মনোরথ নেবি ॥ ধূপ দিপ নৈবেদ্য করব পিয়া আগে। লোচন নীরে করব অভিষেকে ॥ আলিঙ্গন দেয়ব পিয়াকর আগে। ভণই বিদ্যাপতি ইহ রস ভাগে ॥ ৫ ॥

ধানশীরাগ চঞ্চুপুটতালো ॥

অঙ্গনে আওব যব রসিয়া। পালটি চলব হাম ঈষত

প্রত্যুত হে রাধা রসিক অতো হে বরাণাং শেখর। তথা শেখর জনানাং সর্ব্ব গোপী জনানাং মনোজ্ঞ জয় জন অত্র শ্রীবৃন্দাবনে শ্রীরাধায়া সহ বিহারেণ স্বস্য পরম প্রেম রসিকত্বং প্রখ্যাপনেন সর্ব্বোৎ কর্ষমাবির্ভাবয়েত্যর্থঃ। বন্ধুক বান্ধুলীতি খ্যাত পুষ্পং ॥ ৪ ॥

তত স্তন্নিষ্কর্ষাগমন মাজ্ঞায় পরমোল্লাস বৈবশ্যেন শ্রীমতী যব হরি আওব ইত্যাদিক মাহ। সহকার পল্লব চুচুক দেবি অতি সৌরভাম্র পল্লব স্থাযী কুচাগ্রং দত্বেত্যর্থঃ। তথাচ আম্র শ্চূতো রসালো হসৌ সহকারোতি সৌরভ ইত্যমরঃ। চুচুকং তু কুচাগ্রং স্যাদিতিচ। ধূপ দীপ নৈবেদ্য ইতি অত্র ধূপঃ স্বাঙ্গ সৌরভঃ প্রদীপোত্র নিজাঙ্গ কান্তিঃ নৈবেদ্য উপভোগাতিরেক ইতিতু বৈবশ্যাদ্গোক্তমিতি জ্ঞেয়ং অন্যথা পূর্ব্বাপর বাক্য বিরোধঃ স্যাৎ ইহ রস ভাগে ভাগ্যেনায়ং রসো ভবতীতি ॥ ৫ ॥

ততঃ পূর্ব্বোক্তৌ নিজ সারল্যং বিমৃশ্য স্বাভাবিক মন্যা গুণো দয়াদপি

হাসিয়া॥ আবেশে আচরে পিয়া ধরবে। যায়ব হাম যতন বহু করবে॥ কাঁচুয়া ধরব যব হঠিয়া। করে কর বারব কুটিল আধ দিঠিয়া॥ রভস মানব পিয়া যবহিঁ মুখ মোরি। বিহসি বোলব নহি তবহিঁ॥ সহজহিঁ সুপুরুখ ভঙরা। চিবুক ধরি অধর পিয়ব হামরা॥ তৈখনে হাম হরব আজু চেতনে। বিদ্যাপতি কহ সফল তুয়া জীবনে॥ ৬॥

সুহইরাগ সমতালো॥

হামক মন্দিরে যব আওব কাহ্ন। দিঠি ভরি হেরব সোচাঁদ বয়ান॥ নহি নহি বোলব যব হাম নারি। অধিক পিরিতি তব করব মুরারি॥ করে ধরি হামক বৈঠাওব কোর। চির দিনে হৃদয়ে জুড়ায়ব মোর॥ করব আলিঙ্গন দুরে করি মান। ও রসে পুরব হাম মুদব নয়ান॥ ভণএ বিদ্যাপতি শুন বর নারি। তোহারি পিরিতিকো যাঙ বলিহারি॥ ৭॥

রাজবিজয়রাগ প্রতি চঞ্চুপুটতালাভ্যাং॥

রেরে পরম প্রেম পরাণ সজনি, নয়ন গোচর কওন দিন জনি, নাহ নাগর, গুণক আগর, কলা সাগররে। যবহুঁ পিয়া

পরম বৈবশ্যেন অঙ্গনে আয়ব যব রসিয়া ইত্যাদিনা কৌশলান্যভিলষতি। কাঁচুয়া কঞ্চুলী॥ ৬॥

ততঃ প্রেম চাপল্যাৎ পুনঃ হামক মন্দিরে যব আওব কাহ্ন ইত্যাদিকং বক্তি॥ ৭॥

ততোঽত্যুৎকণ্ঠায়া রে রে পরম প্রেম সজনি ইত্যাদিকং নাহ সকল দুখন তেজি সকলানি দুঃখানি ত্যক্ত্বা ভূখন নমক সাজব রে ইতি ভূষণেন সহ

মঝু ভওনে আওব, দূরতেঁ মুঝে কহি পাঠাওব, সকল দূখন, তেজি ভূখন, সমক সাজব রে॥ লাজ নতিভয়ে নিকটে আওব, রসিক ব্রজপতি হিএ সান্তাওব, কাম কৌশল, কোপ কাজর, তবহুঁ রাজবরে। কবহু কোকিল মধুর কুহু কুহু, কবহুঁ কপোত কণ্ঠ বর মূহু, করজ শাসন, কলা আসন, কছু না গোওবরে॥ কবহুঁ দুহুঁ মেলি সঙ্গিত গাওব, কবহুঁ কর গহি কণ্ঠে লাওব, কবহুঁ কৈতব, কোপ কিএ রস, রাখি রূষবরে। যতন করি হরি কত না ভাখব, আস দেই পহুঁ পাশে রাখব, সময় বুঝি তাহা মাজ্যি, হোই পুন সাজ্যি, হোয়ব রে॥ বচন ছলে যব সাধ মানব, মীন কেতন যুঝত জানব, মদন মনমথ হাতি মাতব অচিরে মূষবরে। এতহুঁ কহিতে সখি তুরিতে আওলি, সুধাসম বাত লাওলি, কানু সুন্দর, চতুর মন্দির, নিকটে আওলি রে॥ হরখি হসি বসি বোলএ রাধা, অচিরে বিহি

তদভিমুখী ভবামি যদ্বা স্বরয়া ভূষণান্যপি ত্যক্ত্বা ইত্যর্থঃ। লাজ নতি ভয় ইত্যাদি সলজ্জঃ নম্রঃ সভয়শ্চ সন্ যদা নিকট মাগমিষ্যতি তদৈবং করিষ্যামি। কাম কৌশল কোপ কাজর ইতি কাম সম্বন্ধি কৌশলং তৎ সম্বন্ধী কোপঃ অর্থাৎ কৈতব বিশেষঃ তৎ সম্বন্ধি কার্য্যং সুরতং কার্য্য ইত্যস্য ভাষা কাজর ইতি তবহুঁ তদা রাজিষ্যতে। তানি বিবৃণোতি। তত্র কবহুঁ কোকিল ইত্যারভ্য কণ্ঠে লায়ব ইত্যন্তং কাম কৌশলং করজ শাসন নখাঘাতঃ কলা আসন বিলাস চাতুর্য্যং। কছু না গোয়ব রে কিঞ্চিন্ন গোপনং করিষ্যামি। কবহুঁ ইতি যত্র যত্রাস্তি তত্র কুত্রচিৎ কুত্রচিৎ কালে ইত্যর্থোঽবগন্তব্যঃ। কবহুঁ কৈতব ইত্যারভ্য মাজ্যি হোই ইত্যন্তং কাম কোপশ্চ বিবৃতঃ। কিং কৈতব কোপেন রসং স্থগিতং কৃত্বা রূষব রোষং করিষ্যামি তদা যতন ইত্যাদি মাজ্যি মহার্ঘ্যা দুর্ল্লভা ইত্যর্থঃ। পুনঃ সাজ্যি হোয়বরে ইত্যারভ্য মূষবরে ইত্যন্তং কাম কার্য্য মাকাঙ্ক্ষিতং সাজ্যি শস্তা ইতি যস্য ভাষা সুলভা ইত্যর্থঃ।

কিএ পুরল সাধা, শরদ চান্দ চকোর মীলল সিংহ ভূপতি গাবইরে ॥ ৮ ॥

দূরতঃ শ্রীকৃষ্ণং দৃষ্ট্বা।

সোই পরাণ নাথ পাইলু। যাহা লাগি মদন দহনে ঝুরি গেলুঁ ॥ ৯ ॥

ততো বাক্ স্তম্ভঃ।

শ্রীরাগ দশকোশীতালৌ ॥

মথুরা সঞে হরি করি পথ চাতুরি আওল নিরজন কুঞ্জে। দ্রুম পশু পাখি কুল পরম বেয়াকুল পাওল আনন্দ পুঞ্জে ॥ বরজ নারিগণ বিরহে অচেতন পুন কিএ পাওল পরাণ। দাব দগধ জন ছুট ফট জীবন যৈছন অমিয়া সিনান ॥ দেখ রাধা মাধব মেলি। দরশে পুলক দেহ ঘামহি নদীবহ চীত পুতলি সম ভেলি ॥ ধ্রু ॥ কাঁপএ ঘন ঘন অনিমিখ লোচন ঢরকি ঢরকি পড়ু লোর। কহইতে ঘর ঘর থকিত কণ্ঠসর দুহুঁ

অচিরে মূষর তং মদন মন্মথ হস্তিনং খণ্ডয়ামি শীঘ্রং বশে নয়ামি অঙ্কুশেন সামান্য হস্তিনমিবেত্যর্থঃ ॥ ৮ ॥

ততো দূরতঃ শ্রীকৃষ্ণং দৃষ্ট্বা শ্রীমতী নিরতিশয় প্রেমামৃত সমুদ্র মগ্না সতী সোই পরাণ নাথ পাইলু। যাহা লাগি মদন দহনে ঝুরি গেলুঁ ইত্যাহ ততোঽন্যবক্তু মসমর্থা স্তব্ধা ভূদিত্যহো অধিরূঢ় ভাব পরাকাষ্ঠা ॥ ৯ ॥

ততঃ মথুরা সঞে হরি ইত্যাদিনা তয়োর্মিলন প্রকারং সুদ্দীপ্ত সাত্ত্বিকঞ্চ দর্শয়তি। প্রথমতঃ পিতরাবনভিবাদ্য যৎ শ্রীরাধা নিকটং গতঃ তত্তস্য অসমোর্দ্ধ তৎ প্রেমাধীনত্বং সূচিতং। এবং দ্রুম পশু পাখি ইত্যাদিনা শ্রীবৃন্দাবন ধ্বনিতং। দাবো বনাগ্নি স্তেন দগ্ধানাং যথামৃত স্নানং জীবন শরীর সৌন্দর্য্যারোগ্য প্রদং ভবতি তথাস্য মিলনং সর্ব্বেষাং। তত্র পুলকাদ-

বিবরণ পুন ভোর ॥ হোই সচেতনে কি কহব নাহি জানে যৈছন দারিদ হেম। গোবিন্দ দাস কহ অনুপম আর নহ প্রাণদ যৈছন ক্ষেম ॥ ১০ ॥

ধানশী রাগ মণ্ঠক তালৌ ॥

রাধা মাধব চিরদিন মেলি। দুহুঁ ভেল অচেতন কি করব কেলি। দরশনে পুলকিত দুহুঁ তনু কাঁপ। পুন পুন লোর নয়ন যুগ ঝাঁপ ॥ কহইতে গদগদ রোধএ বাণি। ঘামে ভিগল তনু ঘনে অছু মানি ॥ পহিল সমাগম ঐছন ভেলি। রাধামোহন পহুঁ দুহুঁ রস কেলি ॥ ১১ ॥

শ্রীরাগ মণ্ঠক তালৌ ॥

অধর সুধা রসে লুবধক মানস তনু পরিরম্ভণ চাহ। মুখ অবলোকনে অনিমিখ লোচনে কৈছে হোয়ত নিরবাহ ॥ দেখ সখি রাধা মাধব প্রেম। দুলহ রতন যনু দরশন মানই পরশন গাঠিক হেম ॥ আনন্দ নীরে নয়ন যব ঝাপএ

মোহষ্টৌ সুদ্দীপ্ত সাত্বিকাঃ স্পষ্টাঃ। সচেতন পদোল্লেখাৎ নির্জন পদোপাদনাচ্চ কেলি করণেচ্ছা সখীনামন্তত্র গমনঞ্চ জ্ঞেয়ং ॥ ১০ ॥

ততো নির্জন কুঞ্জ গতয়োলীলাং তদ্গবাক্ষ জালান্তর্গত চক্ষুষঃ সখ্যঃ রাধামাধব ইত্যাদি গীত ত্রয়েণ পরস্পরং বর্ণয়ন্তি। অত্র প্রথমতঃ দুহুঁ ভেল অচেতন ইত্যনেন প্রলয় উক্তঃ। ততঃ দরশনে পুলকিত দুহুঁ তনু কাঁপ। পুন পুন লোর ইত্যপ্যুক্তং তেন পৌন পুন্যেন সাত্বিকোদয় স্তৎ শান্তিশ্চ সূচিতা ঘন অছুমানি মেঘাৎ যথা ইত্যর্থঃ ॥ ১১ ॥

অত্র অধর সুধারসে লুবধক মানস ইত্যাদিনা কাঞ্চিৎ সমৃদ্ধিমৎ সম্ভোগং বর্ণয়তি। কৈছে করব পুন সুরতি জলধি অবগাহ ইত্যন্তং প্রেম বৈবশ্যবর্ণনং

পসারিতে বাহ। কাঁপএ ঘন ঘন কৈছে করব পুন সুরতি জলধি অবগাহ॥ মধুরিম হাস সুধারস বরিখনে গদ গদ রোধএ ভাষ। চিরদিন মিলন লাখ গুণ নিধুবন কহ তহিঁ গোবিন্দদাস॥ ১২॥

গুজ্জরী রাগৈক তালি তালাভ্যাং॥

দিনকর কিরণ রহিত ঘন কুঞ্জহি মীলন যুগল কিশোর। দুহুঁ কর অঙ্গ কিরণ গেয়ো আঁধিআর যনু কোটি রবিক উজোর॥ সজনী দেখ রাধা মাধব কেলি। অনিমিখ নয়ন চসক ভরি পীয়ত দুহু রূপ সুধা সম মেলি॥ ধ্রু॥ পরসহি দুহুঁ তনু মুনিক পুতলি যনু মিলনক বেরি নহ ভেদ। ঐছন মীলত কত সুখ পায়ত নারহ লব উন খেদ॥ চিরদিন মিলন করত কত নিধুবন আনন্দ সায়রে বূর। রাধামোহন পহুঁ অহনিশ ব্রজ রহু সকল মনোরথ পূর॥ ১৩॥

গান্ধার রাগ গন্ধর্ব্ব তালে॥

চির দিন মিলন হোয়ল যব নিধুবনে নিধুবন কত কত ভাঁতি। তৈছন সখিগণ করল গুণ কীর্ত্তন দুহুঁ কর প্রেমে উনমাতি॥ হরি হরি কি কহব অদভুত প্রীত। দুহুঁ কর প্রেম অতুল হেম সম দুহুঁ জানএ দুহুঁ রীত॥ ঐছন কেলি করল দুহুঁ বহুক্ষণ দুহুঁ মানস পরিপূর। সখিগণ তৈছন

রতং নিধুবনং স্মৃতমিতি স্মরণাৎ॥ ১২॥

দিনকর কিরণ রহিত ইত্যাদিনা পুন স্তমেবোপপাদয়তি। দিনকরঃ সূর্য্যঃ। চসকং পান পাত্রং॥ ১৩॥

ততঃ চিরদিন মিলন ইত্যাদিনা তদুপসংহার পূর্ব্বক নিজ গৃহ গমনং

পুরল মনোরথ তবহিঁ চলল ব্রজপূর॥ যবহিঁ চলল ব্রজ তবহিঁ বেয়াকুল হোয়ল সকল পরাণ। তছু গুণ গানে পুন আনন্দ বাঢ়ল রাধামোহন অনুমান ॥ ১৪ ॥

অথ তদ্রসোদ্গারঃ ॥

ধানশী রাগ নন্দন তালাভ্যাং ॥

আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ পেখলুঁ পিয়া মুখ চন্দা। জীবন যৌবন সফল করি মানল দশ দিশ ভেল নিরদন্দা॥ আজু মঝু গেহ গেহ করি মানল আজু মোর দেহ ভেল দেহা। আজু বিহি মোহে অনুকূল হোয়ল টুটল সবহুঁ সন্দেহা॥ ধ্রু॥ সোই কোকিল অব লাখ ডাকউ লাখ উদয় করু চন্দা। পাঁচ বাণ অব লাখ বাণ হউ মলয় পবন বহু মন্দা॥ অবহন যবহুঁ মোহে পরি হোয়ত তবহুঁ মানব ধনি দেহা। বিদ্যাপতি কহ অলপ ভাগি নহ ধনি ধনি তুহুঁ নব নেহা॥ ১৫ ॥

ভাটিয়ারি রাগ রূপক তালৌ ॥

দারুণ বসন্ত যত দুখ দেল। হরিমুখ হেরইতে সব দূর গেল॥ যতহুঁ আছিল মোর হৃদয়ক সাধ। সে সব পূরল হরি পরসাদ॥ কি কহব রে সখি আনন্দ ওর। চির-

---

তদ্গুণ গানং রসোদ্গারঞ্চ বর্ণয়তি। নিধুবনে তদাখ্য স্থান বিশেষে ॥ ১৪ ॥

অতঃ আজু রজনি হাম ভাগে পোহাঅলু ইত্যাদি গীতচতুষ্টয়ং সমৃদ্ধি মদ্রসোদ্গার রূপমুদাহরতি। ঐছন ইত্যস্য পাশ্চাত্য ভাষা অবহন ইতি॥ ১৫ ॥

দর্শনানন্দ মুক্তা দারুণ বসন্ত যত দুখ দেল ইত্যাদিনা তৎ সম্ভোগ রস

দিনে মাধব মন্দিরে মোর ॥ ধ্রু ॥ রভস আলিঙ্গনে পুলকিত ভেল। অধর কি পানে বিরহ দূর গেল ॥ ভণহু বিদ্যাপতি আর নহ আধি। সমুচিত ঔখদে না রহে বেয়াধি ॥ ১৬ ॥

তিরোতা ধানশী রাগেক তালি তালাভ্যাং ॥

আর দূর দেশে হাম পিয়া না পাঠাও। আঁচর ভরিয়া যদি মহানিধি পাও ॥ শীতের ওঢ়ন পিয়া গিরিষের বা। বরিখের ছত্র পিয়া দরিয়ার না ॥ নিধন বলিয়া পিয়ার না কনুঁ যতন। এবে হাম জানলুঁ পিয়া বড় ধন ॥ ভণয়ে বিদ্যাপতি শুন বর নারি। নাগর সঙ্গে করু রস পরিহারি ॥ ১৭ ॥

বেনাবরা রাগ চঞ্চুপুট তালো ॥

নন্দের নন্দন চতুর কান। মিলল আসিয়া হৃদয় জান ॥ যাহার যে মত পিরিতি গাঢ়া। তাহারে তেমতি করিয়া বাঢ়া ॥ মথুরা ইহতে এখন হরি। আইল বলিয়া শবদ করি ॥ আপন ঘরে আপনি গেলা। পিতা মাতা যনু পরাণ পাইলা। কোলেতে করিয়া নয়ান জলে। সেচন করল কান্দিয়া বলে ॥ আর দুর দেশে না যাবে তুমি। মরিব তবে এবারে আমি ॥ এত বলি কত দেওল চুম্ব। বারে বারে দেখে মুখারবিন্দ ॥ ঐছনে মিলন সবহুঁ সখা। আর

মুদিতরতি। রভস আলিঙ্গনে ইত্যাদিনা তৎ সূচিতং ॥ ১৬ ॥

অস্যার্থঃ সুগমঃ ॥ ১৭ ॥

ততঃ সর্ব্বোৎকর্ষ প্রিয়য়া সহ সর্ব্বাতিশয় রস মাস্বাদ্য তৎ সংগোপ্য চাতুর্য্যেণ ব্রজং গতঃ শ্রীকৃষ্ণ ইতি নন্দের নন্দন চতুর কান ইত্যাদিনা নিরূপ-

সব জন যতেক লেখা॥ খাওআইয়া পিয়াইয়া শোয়াইল ঘরে। ঘুমাকু বলিয়া গেলত ডরে॥ তখন বুঝিয়া সময় পুন। আওল যমুনা তীরক বন॥ রাইক নিকটে পাঠাইল দুতি। বড়ু চণ্ডিদাস কহএ সতি ॥ ১৮ ॥

ততো রাত্রি বিলাসঃ ॥

তত্র গৌরচন্দ্রো যথা ॥

তোড়ী রাগ রূপক তালাভ্যাং ॥

কিবা কহু নবদ্বীপ চান্দ। শুনইতে সব মন বান্ধ ॥ ধ্রু ॥ আনহ নীল নিচোল। সব অঙ্গ ঝাঁপহ মোর ॥ চিরদিনে মীলব তায়। এত কহি কোন দিশ যায়॥ সোই ভাবে অবতার। রাধামোহন পহু সার ॥ ১৯ ॥

বেলোয়ার রাগ দশকোশী তালৌ ॥

অপরুব গৌর কিশোর। ভাবহিঁ কত কত কহতহিঁ অদভুত কো তছু পাওই ওর ॥ ধ্রু ॥ খেনে খেনে বোলত আজু সফল দিন হোয়ল সফল পরাণ। ঐছন প্রতিদিন অব বুঝি হোয়ব সুঘটন বিহি নিরমাণ ॥ কহইতে ঐছন মুদল দুনয়ন বেকত আনন্দ বিকার। অশ্রু ঘাম বহ কণ্ঠহি

রতি তত্র গীত শেষে শ্রীকৃষ্ণস্য পুনঃ সংস্তাগায় সঙ্কেত স্থানাগমনং বর্ণিত মিতি ॥ ১৮ ॥

অথাভিসারাদি গান নির্ব্বাহকং তদ্ভাব কৃতাবতারং শ্রীনদ্গৌরচন্দ্রং কিবা কহু নবদ্বীপ চান্দ ইত্যাদি গীত ক্রমেণ স্মরতি। আনহ নীল নিচোল ইত্যাদিনাভিসারিকা ভাবাক্রান্তঃ সূচিতঃ ॥ ১৯ ॥

তত্র সম্ভোগ গান নির্ব্বাহকং তদ্ভাবাক্রান্তং শ্রীশচীসুতং অপরুব গৌর

ঘর ঘর পুলক যো কদম্ব আকার ॥ কোইহ চরিত বুঝই নাহি পারএ হেরইতে কেবল আনন্দ। হোয়ত বিপরিত তাহা না কহিব কত শুনি রাধামোহন ধন্দ ॥ ২০ ॥

কেদার রাগ সমতালো ॥

সজনী অদভূত গৌরাঙ্গ বিলাস। প্রেম রচিত কিএ হোয়ল তাকর কিবা সেই না বুঝলুঁ ভাষ ॥ খেনে অছু বচন কহই আনন্দ ময় আনন্দ করহ আচার। খেনে পুন বিরহ ভাবে সোই কান্দই ঐছন করু ব্যবহার ॥ তৈছনে লাজে রহত পুন নত মুখ আনন্দ সহ মৃদু হাস। ঐছন আজু হাম দেখলু পরতেক কো ইহ ভাব পরকাশ ॥ রাধামোহন ভণ সো নব পরশন না ভেল হৃদয়ে হামার। ওরস পরশন যৈছে মঝু হোয়ত ঐছন করহ সঞ্চার ॥ ২১।

ধানশীরাগ চঞ্চুপুট তালো ॥

হোর দেখ অপরূব শয়ন মন্দিরে। বিচিত্র পালঙ্ক শেয অতি মনোহরে ॥ তাহার উপরে সুতি আছে গোরা রায়। কি কহব অঙ্গের শোভা কহনে না যায় ॥ মেঘের বিজুরি কিবা ছাঁকিয়া যতনে। কত রস দিয়া বিধি করিল নির্ম্মাণে। বাসুদেব ঘোষ গায় মনের হরিষে। অতি মনোহর শেয

কিশোর ইত্যাদিনা পুনঃ স্মরতি। অস্তার্থস্তু রসিকৈরমুসন্ধেয়ঃ ॥ ২০ ॥

ততশ্চ প্রেমবৈচিত্ত্য রস গান নির্ব্বাহকং সজনী অদভূত গৌর বিলাসা ইত্যাদিনা তদ্রসাপন্নং শ্রীনবদ্বীপচন্দ্রমনুভবতি। অস্তার্থোপি তথা ॥ ২১ ॥

হোর দেখ অপরূব শয়ন মন্দিরে ইত্যাদিনা তদ্রস কার্য্য ভূত নিদ্রাসঞ্চারি

বিচিত্র বিলাসে ॥ ২২ ॥

তেষামুচিত রূপং যথা ॥

কামোদ রাগ নন্দন তালৌ ॥

কালিন্দি সলিল কান্তি কলেবর কৃত কুসুমাবলি বেশ। কান্তি করম্বিতি করবিক কুট্মল কলিত কুঞ্চিত কেশ ॥ কৃষ্ণ কৃষ্ণ নব কাম। কামিনি কাম কলাগুরু কৌশল কারণ কারণ শ্যাম ॥ ধ্রু ॥ কর্ণ করম্বিত কুণ্ডল কিশলয় কনক কটক বরধারী। কুসুমিত কানন কেলি কলপতরু কালিন্দি কুঞ্জবিহারি। কুন্দন কেযূর করহিঁ করহিঁ ধর কিঙ্কিনি কটি-তট ধারি॥ কৃপণ কৃপানিধি কাম পুরণ কর রাধামোহন বলিহারি ॥ ২৩ ॥

মালবরাগৈকতালী তালাভ্যাং ॥

নিভৃত নিকুঞ্জ গৃহং গতয়া নিশি রহসি নিলীয় বসন্তং। চকিত বিলোকিত সকল দিশা রতি রভস বশেন হসন্তং। ১।

ভাবাক্রান্তং শ্রীনবদ্বীপচন্দ্রং দর্শয়তি ॥ ২২ ॥

ততো লিখিষ্যমাণ রসোপযোগি শ্রীকৃষ্ণং রূপং কালিন্দি সলিল ইত্যা-দিনা সূচয়ন্তি করম্বিত যুক্ত। কুট্মল কোঁড়া ইতি বস্তাখ্যা। কৌশলস্য কারণস্যাপি কারণ রূপঃ। কটকঃ বলয়ঃ। কুন্দন কেযূরং স্বর্ণ করভূষণং তাড় ইতি বস্তাখ্যা ॥ ২৩ ॥

তৎ দিন প্রদোষে পুনরত্যুৎকণ্ঠয়া শ্রীকৃষ্ণ মেলনার্থং স্বসখীং প্রতি শ্রীমতী নিভৃত নিকুঞ্জেত্যাদিক মাহ। হে সখি কেশি মথনং ময়া সহ রময় অত্র কেশি মথন শব্দোপাদানাৎ মথুরাত আগমনানন্তরমিয়মুক্তি রিতি পূর্ব্বাচার্য্যৈরুক্তং যতঃ কেশিমথন দিনএব অক্রূরাগমনাৎ ভাবি বিরহ

সখি হে কেশিমথনমুদারং। রময় ময়া সহ মদন মনোরথ ভাবিতয়া সবিকারং ॥ ধ্রু ॥ প্রথম সমাগম লজ্জিতয়া পটু চাটু শতৈরনুকূলং। মৃদু মধুর স্মিত ভাষিতয়া শিথিলী কৃত জঘন দুকূলং। ২। কিশলয় শয়ন নিবেশিতয়া চিরমুরসি

স্ফূর্ত্ত্যা লীলাম্বরা প্রতীতিঃ। কীদৃশং উদারং বাঞ্ছিত প্রদং দক্ষিণং বা উদারো দাতৃ মহতো দক্ষিণেপ্যভিধেয় বদ্দতি বিশ্বঃ। সবিকারং মানস ভাবেন সহিতং বিকারো মানসোভাব ইত্যমরঃ। শ্রীবাল বোধিন্যামপি ময়ি মানস ভাবেন সহিতং এবমন্যোন্যানুরাগঃ কথিতঃ অন্যথা রসাভাসা পত্তেঃ। তথাচোক্তং। অনুরাগোনু রাগিণ্যাঃ রসাবহ ইতি স্থিতিঃ। অভাবে ত্বনু রাগস্য রসাভাসং জগুর্ব্বুধা ইতি ব্যাখ্যাতং। ময়া কীদৃশ্যা মদনেন শ্রীকৃষ্ণেন কৃতো যো মনোরথ স্তদনুকৃয়া ॥ ধ্রু ॥ ততঃ পরমানন্দ বৈবশ্যাৎ ভাবি বিলাসং প্রত্যক্ষমিবানুভূয় নিভৃত নিকুঞ্জেত্যাদিকমাহ ময়া কীদৃশ্যা নিশি নিভৃতং নির্জনং নিকুঞ্জ গৃহং নিভৃত নিকুঞ্জ সংজ্ঞকং কুঞ্জ গৃহং বা গতায়া তং কীদৃশং রহসি কৌতুকায় নিলীয়ং স্বাঙ্গং সংগোপ্য তিষ্ঠন্তং। ততঃ পরং কীদৃশ্যা চকিতং যথাস্যাত্তথা স রসবর্দ্ধকো লীলায় কান্তে ইতি বিলোকিতাঃ সকলা দিশো যয়া গমকত্বাৎ ক্রিয়া বিশেষণেন সমাসঃ। কীদৃশস্য রতে রানন্দ রূপ ভাব বিশেষস্য যো রভসো বেগ স্তদ্বশেন তদা যত্তয়া হসন্তং রভসো মুদিরে বেগে ইতি ধরণিঃ। বশ আয়ত্ততায়াং স্যাৎ বশমীচ্ছা প্রভুত্বয়ো রিতি বিশ্বঃ। রসনেতি পাঠে রতি রভসাদুৎপন্নো যো রসো মিথো লীলা বিলাস রূপ স্তেন ॥ ১ ॥

তদ্দর্শনানন্তরং কীদৃশ্যা কীদৃশং বা প্রথম সমাগমে লজ্জিতয়া নিত্যং নব নবায় মানত্বাৎ তত্রাপি মথুরাত আগত্য রাত্রৌ প্রথম মিলনাচ্চ তথোক্তং। পটুভিঃ সমর্থৈশ্চাটুশতৈঃ প্রিয়োক্তি শতৈরনুকূল সংজ্ঞকং নায়কং। চাটু র্নারী প্রিয়োক্তিঃ স্যাদিতি হারলতা। ততো মৃদু মধুরস্য স্মিত যুক্তং ভাষিতং যস্যাস্তয়া শিথিলীকৃতং জঘনে দুকূলং যেন তং ॥ ২ ॥

ময্যেব শয়ানং। কৃত পরিরম্ভণ চুম্বনয়া পরিরভ্য কৃতাধর পানং। ৩। অলস নিমীলিত লোচনয়া পুলকাবলি ললিত কপোলং। শ্রমজল সকল কলেবরয়া বর মদন মদাদতি লোলং। ৪। কোকিল কলরব কূজিতয়া জিত মনসিজ তন্ত্র বিচারং। কুসুমাবলি কুণ্ডলয়া নখ লিখিত ঘন স্তন ভারং। ৫। চরণ রণিত মণি নূপুরয়া পরিপূরিত সুরত বিতানং। মুখর বিশৃঙ্খল মেখলয়া সকচগ্রহ চুম্বন দানং। ৬। রতি সুখ সময় সরসালসয়া দর মুকুলিত নয়ন সরোজং। নিঃসহ নিপতিত

ততঃ কিশলয় শয়নে শ্রীকৃষ্ণেন নিবেশিতয়া চিরং মম বক্ষস্যেব শয়ানং। কৃত স্তেন কৃতে পরিরম্ভণ চুম্বনে যস্যাঃ। পরিরভ্য তদাবেশ পৌনঃ পুন্যেন মামালিঙ্গ্য কৃতমধর পানং চুম্বনান্তর্গত পান বিশেষো যেন তং। ৩॥

ততোঽলসেন ভাব বিশেষেণ নিমীলিতে লোচনে তয়া পুলকিতা বলিভিঃ ললিতৌ কপোলৌ গণ্ডৌ যস্য তং। ততঃ শ্রম জলং সকল কলেবরে যস্যাস্তয়া বর মদন হর্ষাদতি লোলং চঞ্চলং সুরত প্রবৃত্তমিত্যর্থঃ॥ ৪॥

কোকিলস্য কলরব ইব মধুরাস্ফুট ধ্বনিরিব কূজিতং মনেত্যাদি গদ্গদ শব্দো যস্যাস্তয়া জিতো মনসিজ তন্ত্রস্য কাম শাস্ত্রস্য বিচারো যেন তৎ শাস্ত্র কারস্য বাৎস্যায়নস্য কন্দর্পস্য বোপমর্দ্দক ইতি ভাবঃ। তন্ত্রং প্রধান শাস্ত্রয়ো রিতি বিশ্বঃ। ততঃ সুতরাং শ্লথানি কুসুমানি যেষু তে আকুলা বিকীর্ণাঃ কেশা যস্য স্তয়া। নখেন লিখিতো অঙ্কিতো ঘন স্তন ভারো যেন তং॥ ৫॥

ততশ্চরণে রণিতৌ মণি নূপুরৌ যস্যা স্তাদৃশ্যা পরিপূরিতঃ সংপূর্ণতাং প্রাপিতঃ সুরতস্য বিস্তারো যেন তং প্রযোজক ণিঙর্থেন বোধিত শ্রীকৃষ্ণ প্রার্থনেন সুরত বিশেষঃ সূচিতঃ। ততো নিতরাং পুরুষং নূপরা পশ্চাৎ ত্রুটিত গুণা মেখলা যস্যা স্তয়া কচ গ্রহণেন সহ বর্ত্তমানং চুম্বনদানং যস্য তং॥ ৬

ততোরতি সুখ সময়ে যোরস স্তেনালসঃ ক্রিয়ামান্দ্যং যস্যা স্তয়া অলসঃ

তনু লতয়া মধুসূদন মুদিত মনোজং। ৭। শ্রীজয়দেব ভণিত মিদমতিশয় মধুরিপু নিধুবন শীলং। সুখমুৎকণ্ঠিত গোপ-বধূ কথিতং বিতনোতু সলীলং ॥ ৮ ॥ ২৪ ॥

গুজ্জরী রাগৈক তালী তালাভ্যাং ॥

কালিন্দী কানন কুঞ্জ কুটিরহি নিবসই তুয়া লাগি কান। কত বেরি কুসুম তলপ করু সাজন কেলিক রব মন মান ॥ কামিনি কি কহব তুহারি সোহাগ। কেবল কান্ত করই পথ নিরিখণ কারণ তুয়া অনুরাগ ॥ ধ্রু ॥ কুসুমক কিঙ্কিনি কুঙ্কুম কুণ্ডল কণ্ঠ বিহার। কানড় কুন্দ করবিক কোরক নিরমিল কত পরকার ॥ কেলি অবসানে করব করি মানস সুন্দর বেশক লাগি। কাম কলাগুরু কৌশল কাজক করবহি যামিনী জাগি ॥ কেলি কলপতরু কোমল সঞ্চরু কোকিল

পাদরোগে স্যাৎ ক্রিয়ামন্দে ক্রমান্তরে ইতি বিশ্বঃ। ঈষন্মুকুলিত নয়ন সরোজে যস্য তং। ততশ্চ নিঃসহো ঽসহনং অবলম্বং তেন নিপতিতা তনু লতা যস্য স্তয়া তং কীদৃশং মধুসূদনং মম্মুখ পদ্ম মধুপানাশক্ত অতএব পুন রুদিত মনোজং উদিতঃ উদ্ভূতো মনোজঃ কন্দর্পো যস্য তাদৃশং ॥ ৭ ॥

ইদমুৎকণ্ঠিত গোপবধ্বাঃ শ্রীরাধায়াঃ কথিতং কর্ত্তৃ সুখং বিতনোতু সলীলং বিলাসং লীলাকেলি বিলাসোঽথেতি বিশ্বঃ শ্রীজয়দেবেন ভণিতং অনুকথিতং অতি শয়েন শ্রীকৃষ্ণস্য নিধুবনস্য সুরতস্য শীলং সমাধি ধ্যান মেব যত্র তৎ রতং নিধুবনং স্মৃত মিত্যমরঃ ॥ ৮ ॥ ২৪ ॥

তত স্তদানীমেব কাচিৎ শ্রীকৃষ্ণ প্রেষিতা সখী তত্রাগতা তস্য সঙ্কেত গমন মত্বাং কণ্ঠাদিকঞ্চ শ্রীমতী প্রতি কালিন্দী কানন কুঞ্জ কুটীরহি ইত্যা-দিনা নিবেদয়তি। কুসুম তলপ পুষ্পেন শয্যাং পুনঃ পুনঃ সজ্জীকরোতি ত্বয়া সহ বিহরিষ্যামীতি মনসি নৈত্যেব। কোরক কলিকা। কৌশল

কোকিলি গান। কমলক গন্ধবহ সঞ্চরু অরু কত কেকিক তান॥ করহ গমন অব কছু নাহি আপদ কহলহু কৃষ্ণ নিদেশ। করু রাধামোহন চরণে নিবেদন কছু না রহব অবশেষ ॥ ২৫ ॥

বেনাবরী রাগ সমতালো ॥

কানুক সম্বাদ পাই বড় রঙ্গিণী বিছুরল সাজ বিসাজ। বসন ভূষণ যত করিঅছু বিপরিত চললহিঁ কুঞ্জক মাঝ॥ সজনী আরতি বরণি না যাত। চিরদিন মিলন আজু পুন হোয়ব অতএ সে মদন ভরাত॥ ধ্রু॥ পদ একু চলই খলই পুন প্রেম ভরে লোরহিঁ ঝাপল দীঠ। কত দূরে প্রাণবল্লভ হাম কহতহিঁ গদ গদ গীঠ॥ ঐছন ভাঁতি মিলল বর কামিনি সঙ্কেত কুঞ্জক ওর। রাধামোহন পহুঁ হেরইতে দুহুঁ দুহুঁ আনন্দে ভৈগেল ভোর ॥ ২৬ ॥

বরাড়ী রাগ রূপক তালাভ্যাং ॥

রাধা বদন বিলোকন বিকসিত বিবিধ বিকার বিভঙ্গং। জলনিধিমিব বিধু মণ্ডল দর্শন তরলিত তুঙ্গ তরঙ্গং। ১।

কাব্ধক কৌশলে কার্য্য। কোমল শ্রুতি সুখ জনকঃ। গন্ধবাহ বায়ুঃ। কেকিতান ময়ূর নৃত্যং ইথমুদ্দীপন সামগ্রী দর্শিতা। ২৫।

তং শ্রুত্বা পরম সমুদ্র সংমগ্নায়াঃ শ্রীমত্যাঃ বিভ্রম ভাবেন গমন প্রকারং মেলনঞ্চ কানুক সম্বাদ পাই বর রঙ্গিণি ইত্যাদিনা বর্ণয়তি বিপরীত ইত্যনেন বিভ্রমো বাক্তঃ। ভরাতি ভ্রান্তিঃ॥ ২৬॥

ততো রাধা বদন বিলোকনেত্যাদিনোভয়োর্দর্শনানন্দ কৌশলং দর্শয়তি। সা শ্রীরাধা হরিং দদর্শ দৃষ্টবতী কীদৃশং এক রসং একো মুখ্যো রসঃ শৃঙ্গারো

হরিমেক রসং চিরমভিলসিত বিলাসং। সা দদর্শ গুরু হর্ষ বশম্বদ বদন মনঙ্গ বিকাশং॥ ধ্রু॥ হারমমলতর তার মুরসি দধতং পরিলম্ব্য বিদূরং। স্ফুটতর ফেণ কদম্ব করম্বিত মিব যমুনা জল পূরং। ২। শ্যামল মৃদুল কলেবর মণ্ডল মধিগত গৌর দুকূলং। নীলনলিনিমিব পীত পরাগ পটল ভর বলয়িত মূলং। ৩। তরল দৃগঞ্চল বদন মনোহর বদন জনিত রতি রাগং। স্ফুট কমলোদর খেলিত খঞ্জন যুগমিব শরদি

যস্য একস্যাং শ্রীরাধায়াং রসো যস্যেতি বা চিরং বাঞ্ছিতো বিলাসঃ কেলির্যেন তং চিরনিভালনেন নপুরাগমনানন্তরমেতং বোধিতং। গুরু হর্ষস্য বশম্বদ নায়ত্তং বদনং যস্য অনঙ্গঃ বিকাশয়তি প্রকটয়তীতি তথা তং॥ ধ্রু॥ পুনঃ কীদৃশং শ্রীরাধায়া বদনস্য বিলোকনেন বিকসিতানাং উদ্ভূতানাং বিবিধ বিকারাণাং সাত্ত্বিক হর্ষাদ্যনুগত ভাবানাং বিভঙ্গা ভঙ্গা উর্ম্ময়ো যত্র শ্রীকৃষ্ণে রসাব্ধি রূপে তথা তং ভঙ্গ স্তরঙ্গ উর্ম্মিরিত্যমরঃ। কমিব বিধু মণ্ডল দর্শনেন চলিতা স্তুঙ্গা স্তরঙ্গা যত্র তাদৃশং জলনিধিমিব॥ ১॥

পুনঃ কীদৃশং উরসি বিদূরং পরিলম্ব্য হারং দধতং ধারয়ন্তং। অমল তরাস্তারাঃ শুদ্ধ মুক্তা যত্র তং মুক্তা শুদ্ধৌচ তারং স্যাদিত্যমরঃ। বিদূরমা বিস্তারোপযুক্ত স্থানং। কমিব স্ফুট তরেণ ফেণ কদম্বেন তৎ সমূহেন করম্বিতং যুক্তং যমুনাজল প্রবাহমিব॥ ২॥

শ্যামলং মৃদুলং কোমলঞ্চ কলেবর মণ্ডলং যস্য তথা অধিগতং পরিহিত পীত পট্ট বস্ত্রং যেন তং। কমিব পীত পরাগাণাং হরিদ্রাভ কুসুম রজসা পটল ভরেণ সমূহাতিশয়েন বলয়িতং বেষ্টিতং মূলং যস্য তাদৃশং নীল নলিনমিব এতেনাদ্ভুতোপমা গম্যতে॥ ৩॥

তরল দৃগঞ্চলস্য বলনেন মনোহরং বদনং যস্য জনিতঃ শ্রীরাধায়া রতি রাগো যেন স চাসৌ সচেতি তং। শরদি প্রস্ফুট পদ্মস্য উদরে মধ্যে খেলিত কৌতুকতঃ চাঞ্চল্যেন ভ্রমত খঞ্জন যুগং যত্র তাদৃশং তড়াগমিব হ্রদ বড়া

তড়াগং। ৪। বদন কমল পরি শীলন মিলিত মিহির সম কুণ্ডল শোভং। স্মিত রুচি কুসুম সমুল্লসিতাধর পল্লব কৃত রতি লোভং। ৫। শশি কিরণ ছুরিতোদর জলধর সুন্দর সকুসুম কেশং। তিমিরোদিত বিধুমণ্ডল নির্ম্মল মলয়জ তিলক নিবেশং। ৬। বিপুল পুলক ভর দন্তুরিতং রতিকেলি কলাভিরধীরং। মণিগণ কিরণ সমূহ সমুজ্জ্বল ভূষণ শুভগ শরীরং। ৭। শ্রীজয়দেব ভণিত বিভব দ্বিগুণীকৃত ভূষণ ভারং। প্রণমত হৃদি বিনিধায় হরিং সততং সুকৃতোদয় সারং॥ ৮॥ ২৭॥

শতস্য জনস্য শ্যামতা সভাতে॥ ৪॥

বদন কমলস্য পরিশীলনেন অনু শীলনেন মিলিতা প্রাপ্তা সূর্য্য সদৃশয়োঃ কুণ্ডলয়োঃ শোভা যস্মাৎ অপূর্ব্ব তৎ পদ্মাকর্ষণেন সূর্য্য তত্রৈব মিলিত স্তিষ্ঠতীতি ভাবঃ। স্মিত কান্তিরেব কুসুমং তেন সম্যগুল্লসিতং যদধর পল্লবং তেন কৃতো বর্দ্ধিত স্তৃষ্ণা রতি লোভো যেন তং॥ ৫॥

শশি কিরণেন ছুরিতং ব্যাপ্তং উদরং যস্য তাদৃশ জলধরাদপি সুন্দরাঃ কুসুম সহিতাঃ কেশা যস্য তাদৃশং তিমিরে শ্যামলাকাশে উদিত বিধুমণ্ডলাদপি নির্ম্মল শচন্দন তিলকস্য নিবেশো বিন্যাসো যত্র তং যদ্বা তিমিরে উদিত বিধুমণ্ডলমিবেতি বাক্যে অদ্ভুতোপমেয়ং॥ ৬॥

বিপুল পুলকাতিশয়েন দন্তুরিতং কদম্ব কুসুমাকারাঙ্কুরতী কৃতং রতিকেলি কৌশলৈঃ সকম্পং। এতৎ দ্বয়ং মানস সাত্ত্বিকস্যানুভাব রূপং। মণি গণানাং কিরণ সমূহৈঃ সমুজ্জ্বলানি ভূষণানি সাহজিক সুন্দর শরীরে যস্য তথা তং॥ ৭॥

ভোঃ সহৃদয়াঃ শ্রীজয়দেবেন ভণিতো বিভাবঃ ভাবানু ভাবাদি তেন দ্বিগুণীকৃতো ভূষণ ভারো যস্য তাদৃশং সুকৃত মত্র প্রেম সাধনং তদ্ফলস্য সার রূপং হরিং পূর্ব্বোক্ত প্রকারেণ চিত্তহরং স্বহৃদি বিনিধায় যূয়ং প্রণমত॥ ৮॥ ২৭॥

দাক্ষিণাত্য ধানশ্রী চঞ্চুপুট তালো॥

তুমি মোর নিধি রাই তুমি মোর নিধি। নাজানি কি দিয়া তোমা নিরমিল বিধি॥ বসিয়া দিবস রাতি অনিমিখ আঁখি। কোটি কলপ যদি নিরবধি দেখি॥ তভু তিরপিত নহে দুইটী নয়ান। জাগিতে তোমারে দেখি সপন সমান॥ নিরস দাপুনি দুরে পরিহরি। কিছার কমলের ফুল বটেক না করি। ছিছি কি শরদের চান্দ ভিতরে কালিমা। কিদিয়া করিব তোমার মুখের উপামা॥ যতনে আনিয়া যদি ছাকিয়া বিজুরি। অমিআর সাথে যদি গঢ়াইয়ে পুতলি॥ রসের সায়রে যদি করাইএ সিনান। তভুত না হয় তোমার নিছনি সমান॥ হিয়ার ভিতরে থুইতে নহে পরতীত। হারাঙ হারাঙ হেন সদা করে চীত॥ হিয়ার ভিতরে হৈতে কে কৈলে বাহির। তেঞি বলরামের পঁহুর চীত নহে থীর॥ ২৮॥

সুহই রাগ চঞ্চুপুট তালো॥

দুহুঁ মুখ হেরইতে দুহুঁ ভেল ভোর। দুহুক নয়নে বহে আনন্দ লোর॥ দুহু অঙ্গ পুলকিত গদ গদ ভাষ। ঈষদবলোকনে লহু লহু হাস॥ ললিতা বিশাখা আদি যত সখীগণ। আনন্দে মগন ভেল দেখি দুহুঁ জন॥ নিকুঞ্জের মাঝে রাধা কানুর বিলাস। দূরেহি দূরে রহু নরোত্তমদাস॥২৯

অসমোর্দ্ধ প্রেমামৃত সমুদ্র সম্মগ্নঃ শ্রীকৃষ্ণঃ শ্রীমত্যাঃ নিরতিশয় রূপ মাধুরীঃ তুমি মোর নিধি রাই তুমি মোর নিধি ইত্যাদিনা বর্ণয়তি॥ ২৮॥

পুনস্তয়োর্দর্শন জনিতং সখীনামপি তয়োর্দর্শনেনেচ প্রেমোদ্রেকং দুহুঁ মুখ হেরইতে ইত্যাদিনা বর্ণয়তি। আভোগেন সর্ব্বাসাং কেলি স্থানাদন্যত্র গমনঞ্চোক্তং॥ ২৯॥

শ্রীরাগৈক তালি তালাভ্যাং ॥

জলদেই জলদ বিজুরি দিঠি তাপক মরকত কনয়া কঠোর। এ দুহুঁ তনু মন লোচন রোচন নিরুপম নওল কিশোর॥ দেখ সখি রাধা মাধব ভাঁতি। কো বিহি নিরমিল কোন ঘটায়ল শামর গোরি সাঙ্গাতি। যব দুহুঁ দুহুঁ হেরি নয়ান অঞ্জলি ভরি আন আন পিবইতে চাহ। তনু তনু পৈঠত সঘন আলিঙ্গত কৈছে হোয়ব নিরবাহ॥ আরতি অধর সুধারস পিবি পিবি দুহুঁক মদন উনমাদ। গোবিন্দ দাস ভণ হেন লয়ে মঝু মন অতি রসে অতি পরমাদ॥ ৩০॥

শ্রীরাগ নন্দন তালো॥

শ্যামর কোরে যতনে ধনি সূতলি মদনালসে দুহুঁ ভোর। ভুজে ভুজে বন্ধন নিবিড় আলিঙ্গন যনু কাঞ্চন মণিজোর॥ কোরহি শ্যাম চমকি ধনি বোলত কবে মোরে মীলব কান। হৃদয়ক তাপ তবহিঁ মঝু যাওব আমিঞা করব সিনান॥ সো মুখ চন্দ্র বঙ্ক মেহারণি গুণ সোঙরিতে মন ঝুর। সো তনু সরস পরশ যব হোয়ত তবহিঁ মনোরথ পূর॥ এত বলি সুন্দরি

ততো গবাক্ষ জালান্তর্গতাস্তাঃ সখ্যঃ জলদেই জলদ ইত্যাদিনা সম্ভোগ রসং নিরূপয়তি। অতি রসে অতি পরমাদ ইত্যনেন প্রেম বৈচিত্ত্য মাপ-স্কন্তে॥ ৩০॥

ততঃ শ্যামর কোরে ইত্যাদিনা প্রেম বৈচিত্ত্যং বর্ণয়তি। তথাহি লক্ষণং শ্রীমদুজ্জ্বল নীলমণৌ। প্রিয়স্য সন্নিকর্ষেপি প্রেমোৎকর্ষ স্বভাবতঃ। যা বিশ্লেষ ধিয়ার্ত্তি স্তৎ প্রেমবৈচিত্ত্য মুচ্যতে। বিলাস মনুরাগস্থ কুত্রচিৎ কমপি ব্রজন্। পার্শ্বে সন্তং সদা প্রেষ্ঠং হারিতং কুরুতে স্ফুটং। অত্র যৎ শয়নং

দীপ নেহারগি মুরছই হরল গেয়ান। যতনহি শ্যাম রাই পর বোধই গোবিন্দ দাস পরমাণ ॥ ৩১ ॥

ভূপালি রাগ প্রতি মণ্ঠক তালো ॥

যব রাই বিছুরল নাগর সঙ্গ। তবহিঁ বাঢ়ল অছু বিরহ তরঙ্গ ॥ হের দেখ শ্যাম সুনাগর রায়। কত বিধ করি পুন চেতায়ল তায় ॥ ধ্রু ॥ শশি মুখ লাজহি অবনত মুখ। নাগর চুম্বই করি কত সুখ ॥ পুন তছু হোয়ল আনন্দ কেলি। রাধামোহন পহুঁ দুহুঁ কর মেলি ॥ ৩২ ॥

বালা ধানশী রাগ কন্দর্প তালো ॥

চিরদিনে সো বিহি ভেল অনুকূল। দুহু মুখ হেরইতে দুহুঁ আকুল॥ ধ্রু ॥ বাহু পসারি দুহেঁ দুহুঁ ধরু। দুহুঁ অধরামৃতে দুহুঁ ভরু ॥ দুহুঁ তনু কাপই মদনক বচনে। কিঙ্কিনি রোল করত পুন সদনে ॥ বিদ্যাপতি অব কি কহব আর। যৈছন প্রেম দুহুঁ তৈছন বিথার ॥ ৩৩ ॥

লিখিতং ন তন্নিশ্রম্য কিন্তু মদনালসেনেতি স্পষ্টমস্তি অন্যথা প্রেমবৈচিত্ত্য মনর্থকং স্যাৎ ॥ ৩১ ॥

পূর্ব্ব গীতাভোগে শ্রীমত্যাঃ প্রবোধো গূঢ় রূপেণ বর্ণিতঃ যব রাই বিছুরল নাগর সঙ্গ ইত্যাদিনাতু তং স্পষ্ট রূপেণ বর্ণয়িত্বা পুনঃ সম্ভোগ রসারম্ভং সূচয়ন্তি ॥ ৩২ ॥

চিরদিনে সোবিহি ভেল অনুকূল ইত্যাদিনা পুনঃ সম্ভোগ রসং বর্ণয়ন্তি। অত্র চির দিন শব্দেন মথুরাতঃ শ্রীকৃষ্ণস্য ব্রজাগমনানন্তর যেষা লীলা সূচিতা সো বিধি ভেল অনুকূল ইত্যনেন প্রেম বৈচিত্ত্য বিপ্রলম্ভ রস নিবৃত্তি রুল্লাসন বাঞ্ছিতা ॥ ৩৩ ॥

ভূপালি রাগেক তালি তালাভ্যাং ॥

নয়ান ঢুলা ঢুলি লহু লহু হাস। অঙ্গ হেরা হেরি গদগদ ভাষ ॥ মদন মদানলে নাগর ভোর। শশিমুখি হাসি হাসি করু কোর ॥ রসবতি নারি রসিক বর কান। হেরইতে চুম্বই নাহ বয়ান ॥ দুহুঁ পুন মাতল দুহুঁ শর হান। বিদ্যাপতি করু সো রস গান ॥ ৩৪ ॥

কেদার রাগ শেখর তালো ॥

দরশনে নয়নে নয়ন শর হানই ভুজে ভুজ বন্ধন আপি। অভরণ হীন তনু তনু পরশই বিপুল পুলক ভরে কাঁপি ॥ দেখ সখি রাধা মাধব রঙ্গ। রতি রণ লাগি জাগি দুহু যামিনী না হেরিএ জয় ভঙ্গ ॥ ধ্রু ॥ ঘন ঘন চুম্বনে দুহুঁ অচেতন অধর সুধা রসে মাতি। প্রেম তরঙ্গে তনু তনু পূরল বূরল মনমথ হাতি ॥ গদ গদ আধ আধ পদ বদতহি মদন মুরুছন বাণি। দুহুঁ দুহুঁ মরমে মরমে ভালে সমুঝই গোবিন্দ দাস কিএ জানি ॥ ৩৫ ॥

বিহাগ রাগ ধ্রুব তালো ॥

অপরূব নিধুবনে অপরূব নিধুবন বাঢ়ল সুমণি তরঙ্গ। যৈছন দ্বৈরথ সমরহি সম সুর তৈছন নাহি জয় ভঙ্গ ॥ জয় ২ রাধা মাধব কেলি। বিপরিত চপল চরিত চরণ যাহা হোয়ত

তত স্তং কৌশলান্তরং নয়ন ঢুলাঢুলি ইত্যাদিনা নিরূপয়তি ॥ ৩৪ ॥

দরশনে নয়নে নয়ন শর হানই ইত্যাদিনা তদেব নিরূপয়তি ॥ ৩৫ ॥

ততঃ অপরূব নিধুবনে ইত্যাদিনা দ্বৈরথ যুদ্ধ রূপেণ পুন বর্ণয়তি। নিঃ বনে তদাখ্যয়া প্রসিদ্ধে বনে নিধুবনং রতং। অত্র লিখিতানি লিখি

ভাবহি মেলি ॥ ধ্রু ॥ নয়ন নয়ন হন ভুজনাগ বন্ধন অধরহি শোষণ বান। স্তম্ভ স্তম্ভন পুন প্রলয় সুমোহন বিভগণ স্বর মুরছান ॥ পুন অধরামৃত হুহুঁক পরাক্রম মুখহি ভেল শিত কার। ভণ রাধামোহন অনুদিন ঐছন সমর হোয়ত অনু-বার ॥ ৩৬ ॥

অথ স্বাধীন ভর্ত্তৃকা ॥

কামোদরাগ নন্দনতালাভ্যাং ॥

ধনি ধনি রমণি শিরোমণি রাই। লোচন ওত করত নহি মাধব নিশি দিশি রস অবগাহই ॥ ধ্রু ॥ করতল কুঙ্কুম যো মুখ মাজই অলক তিলক লিখি ভোর। সজল বিলো-কনে ঘন ঘন হেরই আকুল গদগদ বোল ॥ লোচন খঞ্জন অঞ্জনে রঞ্জই নব কুবলয় শ্রুতি মূল। অতসি কুসুম সরি ললিত হৃদয়ে ধরি কৃপণ হেম সমতুল ॥ জাবক চীত চরণ পরি লীখই মদন পরাজয় পাত। গোবিন্দদাস কহই ভালে কামুক ভেলই আরকত হাত ॥ ৩৭ ॥

ললিতরাগৈক তালিতালাভ্যাং ॥

অলসে সুতল বর যুগল কিশোর। হেরইতে তনু মন শীতল মোর ॥ এ সখি আগুসরি নিরখহ রূপ। রূপ মুরতি ধর কিয়ে রস কূপ ॥ ধ্রু ॥ দুহুঁ তনু মিলু কছু নাহি ভেদ।

মাণানিচ সম্ভোগ গীতানি যথা সম্ভবং গেয়ানি ॥ ৩৬ ॥

অস্তোচিত স্বাধীন ভর্ত্তৃকা ধনি ধনি রমণি শিরোমণি রাই ইত্যাদিনা সমুদাহরতি ॥ ৩৭ ॥

তদ্রূপযুক্ত রসালসং অলসে সুতল বর ইত্যাদিনা বর্ণয়তি নব তুল না রহ

নুঝলমু লব তুল নারহ খেদ ॥ শয়নক কৌশল বরণি নাযায়। রাধামোহন তছু বলিহারি যাই ॥ ৩৮ ॥ ৬৪৫ ॥ ৬৮৩ ॥

অথ নিত্য লীলা।

তত্রৈব জাগরণ প্রকার তদ্গানোচিত

গৌরচন্দ্রো যথা ॥

রাম কিরীরাগ নিঃসারক তালো ॥

উঠ উঠ গোরাচান্দ নিশি পোহাইল। নগরের লোক সব উঠিয়া বসিল ॥ ময়ূর ময়ূরী রব কোকিলের ধ্বনি। কত সুখে নিদ্রা হয় যায় গোরামণি ॥ অরুণ উদয় ভেল কমল প্রকাশ। তেজল মধুকর কুমুদিনি পাশ ॥ করজোর করি বোলে বাসুদেব ঘোষে। কত নিন্দ যায় গোরা প্রেমের আলসে ॥ ১ ॥

ললিত রাগ প্রতি রূপক তালো ॥

রজনিক শেষে জাগি শচীনন্দন শুনইতে অলিকুল রাব। সহজহি নিজ ভাবে গর গর অন্তর তহি উহ দ্বিতীয় বিভাব ॥ বেকত গৌর অনুভাব। পুরব রজনি শেষে জাগি তুহুঁ যৈছন উপজল তৈছন ভাব ॥ নয়নে অমল জল অমিয়া বচন খল পুলকে ভরল সব অঙ্গ। হর্ষ বিসাদ শঙ্কাদি পুন উয়ত কো

খেদ ইত্যনেন প্রবাস জন্য দুঃখ সম্যকো গত ইতি ধ্বনিতং। ৩৮ ॥

অথ নিত্য লীলোপযোগি শ্রীমদ্গৌরচন্দ্রস্য জাগরণ প্রকারং উঠ উঠ গোরাচান্দ ইত্যাদিনা দর্শয়তি ॥ ১ ॥

তথা রজনিক শেষে জাগি শচীনন্দন ইত্যাদি। সহজই নিজ ভাবে ইত্যাদিনা আশ্রয় জাতীয় ভাবাক্রান্তং সূচয়তি। দ্বিতীয় বিভাবঃ কোকি-

কহ ভাব তরঙ্গ ॥ ঐছন অনুদিন বিহরে নদীয়া মাহা পুরব ভাব পরকাশ। সো অনুভব কব মঝু মনে হোয়ব কহ রাধামোহন দাস ॥ ২ ॥

তদুচিত রূপং যথা ॥

জয় জয় নব নাগর নিন্দি ইন্দিবর কাঁতি। কোটি মদন, কদন বদন, দাড়িমি দুতি দমন রদন ইষত হাস সুখ তরাস অমৃত অমৃত কথন ভাঁতি ॥ ধ্রু ॥ চামর চমক চূড় ভাঁতি, অলক উপমা অলিক পাঁতি, বর কপোল মকর লোল কাম নৃত্য নিমাই। গরুড় চঞ্চু নাশা মঞ্জু চঞ্চল লোচন পদুম ভঞ্জ ভুরু নরতন অতনু ভীত কম্বু কণ্ঠ বলাই ॥ করভ শুণ্ড কুন্ত বিখণ্ড কত মকরত বাহুদণ্ড শয়ন মসৃণ সুস্থন লগন পীন উর অতি বিসাল। মাঝ অঙ্গ জিতল সিংহ কুম্ভ রম্ভা নিতম্ব জঙ্ঘ ভকত মানস মধুপ মদন চরণ পঙ্কজ অতি রসাল। নখর মুকুর শশধর ডর পদতল থল কমল নিন্দি প্যারি পরম

দাদি শব্দঃ উদ্দীপন বিভাব ইত্যর্থঃ অন্য ভাবাঃ স্পষ্টাঃ ॥ ২ ॥

জয় জয় নব নাগর বর ইত্যাদিনা তৎ কালীন শ্রীকৃষ্ণ রূপং স্মরতি। কোটি সংখ্যক মদনস্য কদনং কদর্থন কারকং বদনং যস্য হে তাদৃশ অর্থাৎ তস্য কোভক জয় জয় নিরতিশয় রূপ মাধুরীভি র্জগন্মোহয়ন্ পরমোৎকর্ষাশ্রয় স্বমিত্যর্থঃ। অত্র বীপ্সয়া দ্বিত্বং। সর্ব্বত্র প্রত্যঙ্গ সৌষ্ঠবেন উপমান সমস্ত ন্যূনতা সূচিতা। সুখ তরাস দুঃখস্য ত্রাস জনকং সুখং শ্রাবয়ন্তীত্যর্থঃ। অলক অলকাশ্চূর্ণ কুন্তলা ইত্যমরঃ অলিক পাঁতি ভ্রমর শ্রেণয়ঃ কপোলং গণ্ডং। শঙ্খঃ সকণ্ঠ শোভাঃ বদতে মসৃণং কুঙ্কুমং। পীনং পুষ্টং বিশালং বক্ষঃ বৃহৎ। কুম্ভ রম্ভা ইত্যত্র ক্রমাদ্বয়ো বোদ্ধব্যঃ। পদাত উদিত যৎ

পিরিতি বিবশ তদাত উদিত রতি তরঙ্গ। রাধামোহন ধ্যান রূপ রজনী শেষ রসনিকূপ যাক গোপি চরণ শরণ সোই হেরত ওহি রঙ্গ ॥ ৩ ॥

বিভাষ রাগ নন্দন তালাভ্যাং ॥

বৃন্দা বচনহি উঠই ফুকারই শুক পিক শারিক ভাঁতি। শুন তুহিঁ জাগি পুনহু পহুঁ ঘূমল নায়রি কোরহিঁ জাঁতি ॥ হরি হরি জাগহ নাগর কান। বর পামর বিহি কিয়ে দুখ দেয়ল কয়ল রজনি অবসান ॥ ধ্রু ॥ আয়লি বাউরি বরজ মহেশ্বরি বোলত পুন দধিলোল। শুনইতে কাতর বিদগধ নায়র থোর নয়ন দুহুঁ খোল ॥ নায়রি হেরি পুনহু দিঠি মুদল পুলক মুকুল ভরু অঙ্গে। বলরাম হেরত কব সুখ সায়র নিমজব রঙ্গ তরঙ্গে ॥ ৪ ॥

রামকিরী রাগ শেখর তালো ॥

হিম কর মিলন নলিনীগণ হাসত অরুণ কিরণ হেরি থোর। কোকিল বোল ভ্রমরি কুল আকুল তেজল কুমুদিনি কোর ॥ কৈছে ঘুমায়ত যুগল কিশোর। চৌকি কহত শুক শারিক জোর ॥ ধ্রু ॥ কিশলয় শয়নে নিচল তনু শামর মরকত কাঞ্চন গোরি। কিএ কুসুম শর তূন শূন ভেল কিএ রহু অতি রসে

কালস্য তদাস্বং স্বা দিত্যাময়ঃ ॥ ৩ ॥

রাত্র্যন্তে ভ্রস্য নিন্দেরিত বহু বিরবৈরিত্যাদি পদ্যানুসারেণ নিত্য লীলাগত শেষ রাত্র্যুপযুক্ত সম্ভোগ রসাস্বাদ প্রবোধ ভাবং বৃন্দাবচনহি ইত্যাদিনা বর্ণয়ন্তি দধিলোল বানরঃ ॥ ৪ ॥

তস্যা নিদ্রাভঙ্গবর্দ্ধ। শুক শারিক পুনস্তৌ প্রবোধয়ত ইতি হিমকর

ভোরি ॥ সহচরি ছোরি মন্দিরে জানি আওত জাগহ সুন্দরি রাধে। গোবিন্দ দাস পহুঁ শুনইতে কাতর কোলে কয়ল রস বাধে ॥ ৫ ॥

ললিত রাগ চঞ্চুপুট তালাভ্যাং ॥

জাগহুঁরে বৃষভানু কুমারী। শামর কোরে গোরি কিএ ভোরলি পুন বোলত শুকশারী ॥ ধ্রু ॥ গগণহিঁ মগন সগণ রজনীকর চলু চরমাচল ওর। পদুমিনি বদন মধুপ ঘন চুম্বই তেজই কুমুদিনি কোর ॥ যামিনী তিমির থীর নাহি হেরিএ পরশি অরুণ রুচি অঞ্চ। যনু নাগরি নীল পটাঞ্চলে লাগল দিন বিরহানলে রঞ্চ ॥ চোরি রভস এতহুঁ রস ধাধস ছুরজন রহু পথ যোই। গোবিন্দ দাস কহ জানি চলবি ধনি পিকু বোলত ওহি ওহি ॥ ৬ ॥

রামকিরিরাগ ললিত তালৌ ॥

খোজতি ফিরতি জননি যশোমতি আওলি কুঞ্জ কুটীর। শুনইতে দক্ষ বিচক্ষণ ভাষণ চমকিত গোকুল বীর ॥ হরি হরি অব তুহুঁ ঘুমক লাগি। কোরে আগোরি ছরম ভরে

নলিন নলিনীগণ হাসত ইত্যাদিনা নাটয়তি। কুসুম শরস্য কন্দর্পস্য তূন ইষুধিঃ শূন্যো ভূতঃ ॥ ৫ ॥

পুনস্তেন প্রকারান্তরেণ শ্রীমতীং প্রতি জাগহুরে বৃষভানু কুমারি ইত্যাদিকমাহতুঃ। ভোরলি মগ্নং বিস্মৃতবতী সগণ রজনীকরঃ সতারকশ্চন্দ্রঃ। অঞ্চ ইতি অঞ্চল ভাষা অর্থাৎ কিঞ্চিৎ স্পর্শ ত এব। অত্র দৃষ্টান্তমাহ। যনু নাগরি নীল পটাঞ্চলে ইত্যাদি অত্রাপ্যন্যত্রস্থ ভাষা রঞ্চ ইতি ॥ ৬ ॥

পুনঃ শ্রীকৃষ্ণং প্রতি বিচক্ষণ নাম্নঃ শুকস্যোক্তিং খোজতি ফিরতি জননি

সূতল রতি রণে যামিনি জাগি ॥ ধ্রু ॥ রতি রসে অবশ কলেবর নাগর উঠহি থোরহি থোর। প্রাণপিয়ারি নিহারি পুনহুঁ পহুঁ ভোরি রহই তছু কোর॥ রাই মুখ ঘন ঘন চুম্বই সাদর কাতর হৃদয় মুরারি। নয়নক নীরহি শয়ন ভিগায়ই হেরি বলরাম বলিহারি ॥ ৭ ॥

কেদারাগ মণ্ঠক তালো ॥

লহু লহু নাগরি তনু ছোড়ি নাগর বৈঠল শেজক মাঝে। ও সুখ লাগি জাগি পুন নাগরি রহলহি ঘুম বিআজে ॥ হরি হরি অব সুখ যামিনি শেষ। অতি রসে ভোরি গোরি তনু বল্লরি বিগলিত অম্বর বেশ ॥ ধ্রু ॥ রতনক দীপ সমীপ আনি পহুঁ করহিঁ চিবুক ধরি থোর ॥ রাই চন্দ্র মুখ মণ্ডল হেরই ঢর ঢর লোচন লোর ॥ বিপুল পুলক কুল ঝাপল দুহুঁ তনু দুহু থরহরি ঘন কাঁপ। বলরাম ঐছনে কব দুহুঁ হেরব মেটব সব হিয় তাপ ॥ ৮ ॥

তুড়ী রাগ প্রতিমণ্ঠক তালো ॥

ঝঙ্করু বন ভরি মধুকর মধুকরি কুহুই কোকিল বৃন্দ। শুনি তনু মোরি গোরি পুন শূতলি মুদি রহু নয়ন অরবিন্দ ॥ জাগহু প্রাণ পিয়ারি। রজনি পোহায়ল গুরু জন জাগল ননদিনি দেওব গারি ॥ ধ্রু ॥ জটিলা শাসু আসু ভরি রোয়ই

যশোমতি ইত্যাদিনা দর্শয়তি। নিদ্রা প্রবোধ হর্ষ বিষাদা ব্যক্তাঃ ॥ ৭ ॥

পুন স্তৎ কুলোচিতাঃ লীলাং লহু লহু নাগরি ইত্যাদিনা দর্শয়তি ব্যাজস্ত ভাষা বিয়াজ ইতি যস্তাঃ কপট ইতি তনু বল্লরি দেহলতা। পহুঁ প্রভুঃ ॥ ৮ ॥

ততো ঝঙ্করু বন ভরি মধুকর মধুকরি ইত্যাদিনা প্রবোধ ভাবঃ বর্ণয়তি

খোজই যামুনা তীর। শারিক বচনে চমকি ধনি উঠইতে ঢুলি ঢুলি পরই অথীর॥ চলই চিয়ায়ল তুরিতহিঁ সখীগণ জাগল আভরণ রোলে। বলরাম হেরি যাই উঠায়ল দুহুঁ তনু ঝাপি নিচোলে॥ ৯॥

রামকিরিরাগ ধ্রুবতালো॥

সহচরিগণ দেখি লাজে কমল মুখি ঝাপি রহল মুখ চাঁদ। হরি হরি মাধবি লতা গৃহ মাঝে। কুসুমিত কেলি শয়নে দুহুঁ বৈঠল চৌদিশে রঙ্গিনি সমাজে॥ ধ্রু॥ গোরিক গোরি বদন বিধু হেরইতে পহুঁ ভেল আনন্দ ভোর। ঘন ঘন পীত বসন দেই মোছই নিঝর নয়নক লোর॥ হেরইতে সখিগণ চর চর লোচন লোরে ভিগায়ই দেহ। বলরাম কব হিয় নয়ন জুড়ায়ব হেরব ঐছন নেহ॥ ১০॥

ললিতরাগ দিশোয়াকতালো॥

নিশি অবশেষে সকল সখীগণ রাই কানু সঞে ভোর। নিরমল নয়ন কমলহি অবিরত গলয়ে আনন্দ লোর॥ দেখ সখি অপরূব কাজ। বিছুরল গেহ গমন সব বূরল মোহ সরোবর মাঝ॥ বৃন্দাদেবি সঙ্কেত বচনহি কক্খটি হোই উনমাদ। জটিলা শবদ শুনায়ত উচ সরে শুন তহি ভেল

নিচোলে আপাদ মস্তকাবরক বস্ত্র বিশেষেণ এতেন সর্ব্বাঙ্গাবরণ পূর্ব্বকো-দ্ধাপং সূচিতং॥ ৯।

সহচরিগণ দেখি ইত্যাদিনোত্থাপনং তৎ প্রেমাতিশয়ঞ্চ বর্ণয়তি পহুঁ শ্রীকৃষ্ণঃ। লোর ইতি অত্রানন্দাশ্রু জাতমিতি জ্ঞেয়ঃ॥ ১০॥

নিশি অবশেষে সকল সখীগণ ইত্যাদিনা প্রেমাতিশয় বর্ণন পূর্ব্বক গৃহ

পরমাদ॥ সচকিত লোচনে অনো অনো মুখ হেরি কুঞ্জসে নিকসে বাহার। দাস যদুনন্দন তুরি তহিঁ লেয়ল তহিঁ যত ছিল উপহার॥ ১১॥

ললিতরাগ সমতালাভ্যাং॥

কতহুঁ যতনে দুহুঁ নিজ নিজ মন্দিরে বিমনহি করত পয়ান॥ দুহুঁক নয়ন গল প্রেম বিচ্ছেদ জল দারুণ দৈব বিহান॥ দেখ রাধামাধব প্রেম। ঐছন ঘটন কতিহুঁ নাহি হেরিএ যৈছন লাখবান হেম॥ পদ আধ চলত খলত পুন ফীরত কাতর নেহারই মুখ। একই পরাণ দেহ পুন ভিন ভিন অতএসে মানিএ দুখ॥ তিল এক বিরহ কলপ করি মানই গায়ই ও পর সঙ্গ। ভণ রাধামোহন ঐছে পাব গুণ যতনেহ সোরস ভঙ্গ॥ ১২॥

বিভাষপ্রতি রূপক তালো॥

নিজ নিজ মন্দিরে কয়ল পয়ান। শয়ন কয়ল পুন কোই না জান॥ অকপট প্রেমকবন্ধ। দুহু জন সকল নয়ন করু অন্ধ॥ প্রাতর উচিত করণ করু রাই। তেজল বিপরিত বসন অঙ্গ লাই॥ সুগন্ধি তৈল লাগাই করি স্নান। যশোমতি গেহ বর কয়ল পয়ান॥ রন্ধন করি পুন ভোজন

গমন প্রকারং দর্শয়তি। ককখটী নাম্নী বানরী জটিলা শব্দ জটিলা আগতেতি উচ্চৈঃ শব্দমশ্রাবয়ৎ॥ ১১॥

ততঃ পথি প্রেম কৌশলং কতহুঁ যতনে দুহুঁ ইত্যাদিনা নিরূপয়তি। অস্যার্থঃ স্পষ্টঃ॥ ১২॥

ততঃ শ্রীরাধায়া নিজ গৃহ বৃত্তান্ত মারভ্য গোষ্ঠ লীলাদর্শনার্থ গমন

করাই। সহচরি সঙ্গে তহি অবশেষ পাই॥ গোঠ বিজয় দরশনে ধনি গেল। রাধামোহন সঙ্গে করি লেল॥ ১৩॥

বিভাষ সিন্ধুড়া রূপপ্রতিরূপকতালেভ্যশ্চ॥

প্রাতর জাগি যশোমতি পেখত ব্রজকুলনন্দন মুখ। আনন্দ নীর নিমিখ ঘন নিন্দহ কহ তহিঁ বিহিক মুরূখ॥ কো কহু অপরূব নেহ। পুন পুন চুম্বনে তনু পুলকাইত স্তন ক্ষীর ভীগল দেহ॥ ধ্রু॥ লহু লহু জাগই পেখী নীলিম ধব নখ শত ঝামর দেহ। কহ কাহে দেখি বলাম্বর পহিরণ হা হা কণ্টক রেহ॥ দোহন সিনান করাই পুন ভোজন শয়ন করাওত নীত। রাধামোহন গোঠ বিজয় জানি সোই করত যতুচিত॥ ১৪॥ ৬৮৩॥ ৬৯৭॥

অথ গোষ্ঠ।

গৌরচন্দ্রঃ॥

ভাটিয়ারিরাগ শেখরতালো॥

লাখবান হেম বরণ গৌর জুতি মুখবর শারদ চাঁদ। অখিল ভুবন মনমোহন মনমথ রাজকি ছাঁন্দ॥ দেখ গৌর-চন্দ্র নবকাম। আনন্দ সার মিলিত নবদ্বীপে প্রকটভাব

পর্য্যন্তং সংক্ষেপেণ নিজ নিজ মন্দির ইত্যাদিনা বর্ণয়তি॥ ১৩॥

ততঃ শ্রীকৃষ্ণোপি সংক্ষেপতঃ গোষ্ঠ পর্য্যন্ত লীলাং প্রাতর জাগি ইত্যাদিনা বর্ণয়তি। নীলিমধব নীলবস্ত্রং তথাচ ধবঃ পত্যৌ বৃক্ষভেদে বস্ত্রেথ দস্থ পক্ষিণোরিতি ক্ষীর স্বামী। বলাম্বর শ্রীবলরাম বস্ত্র পরিধানং॥ ১৪॥

অথ গোষ্ঠ গান নির্ব্বাহকং শ্রীমদ্গৌরচন্দ্রং স্মরতি লাখবান্ হেম ইত্যাদিনা। অখিল ভুবনানাং মনো মোহনো যঃ কন্দর্প স্তস্যাপি মন্মথরাজঃ

অবিরাম ॥ ধ্রু ॥ সঙ্গব সুসময় হেরি খেনে বোলত হোয়ব গোঠ বিহারে। পুন তব বোল সফল জীবন তছু যো ইহ রূপ নিহারে ॥ ব্রজপতি নন্দন চান্দ চলত বন সৌধ উপরে চল যাই। রাধামোহন ইহ বর মাগএ সোই চরণ যনু পাই ॥ ১ ॥

সুহই রাগ নন্দন তালাভ্যাং ॥

শ্যাম সুধাকর ভুবন মনোহর। রঙ্গিণি শোহন ভঙ্গি নটবর ॥ ধ্রু ॥ সজল জলদ তনু ঘন রসময় তনু। রূপে জিতল কত কোটি কুসুম ধনু ॥ থলঁ কমল দল অরুণ চরণ তল। নখ মণি রঞ্জিত মঞ্জু মঞ্জির কল ॥ প্রেম ভরে অন্তর গতি অতি মন্থর। অধরে মুরলি ধনি মনমথ মন্তর ॥ অভি নব নাগর গুণমণি সাগর। গোবিন্দ দাস চিতে [illegible] জাগর ॥ ২ ॥

মনো মথিত্বা রাজতে ইত্যর্থঃ। অতএব নব কামঃ। সঙ্গব সুসময় হেরি খেনে বোলত হোয়ব গোঠ বিহার ইত্যাদি প্রাতঃ ষষ্ঠ দণ্ডানন্তরং ষষ্ঠ দণ্ড পর্য্যন্তং সঙ্গব কালঃ। যাওত যাতি অত্র শ্রীকৃষ্ণ ইতি ভাব বিবশ তয়া বক্তুনসমর্থঃ। সৌধ অট্টালিকা ॥ ১ ॥

গোষ্ঠোচিত রূপং শ্যাম সুধাকর ইত্যাদিনা বর্ণয়তি। রঙ্গিণীনাং মনসি শোহন শোভা ইব ভঙ্গ্যা গতি ভঙ্গ্যা নটবর ইবেত্যর্থঃ। কুসুম ধনুঃ কন্দর্পঃ। মঞ্জীর নূপুরঃ। গতি অতি মন্থর ইত্যনেন গোষ্ঠ গমনং সূচিতং। মনমথ মন্থর মন্মথ মন্ত্রঃ ॥ ২ ॥

মায়ুর রাগোৎসাহ তালো॥

দেখ দেখ ব্রজেশ্বরি নেহ। গোধন সঙ্গ বিজয় কর নিজ স্থতে কি করব না পাওই থেহ॥ ধ্রু॥ মুখ ধরি চুম্বন কর-তহি পুন ২ নয়নে গলয়ে জলধার। স্তন গত বসন ভীগি পরএ ঘন ক্ষীরধারা অতি অনিবার॥ বিনিহত নয়ন বয়ন কমল পর যৈছন চন্দ্র চকোর। দিন অবসানে কিএ পুন হেরব অনুমানি হোত বিভোর॥ কো বিহি অদভুত প্রেম ঘটাওল তাহে পুন ইহ পরমাদ। ভণ রাধামোহন অনুদিন ঐছন হোয়ত রস মরিনাদ॥ ৩॥

তথা রাগ মঠক তালো॥

আজু বিপিনে যাওত কান মুরুতি মূরত কুসুম বাণ যনু জলধর রুচির অঙ্গ ভঙ্গি নটবর সোহনী॥ ধ্রু॥ ঈষত হসিত বয়ন চন্দ্র তরুণি নয়ন নয়ন ফন্দ বিম্ব অধরে মুরলি খুরলি ত্রিভুবন মন মোহিনী। কুসুম মিলিত চিকুর পুঞ্জ চৌদিশে ভ্রমর ভ্রমরি গুঞ্জ পিঞ্ছ নিচয় রচিত মুকুট মকর কুণ্ডল ডোলনী। চঞ্চল নয়ন খঞ্জন জোর সঘন ধাওত শ্রবণ ওর গীম সোহন রতন রাজ মতিম হার লোলনী॥ কটি পীত পট কিঙ্কিণি রাজ মদগতি অতি কুঞ্জর রাজ জানু লম্বিত কদম্ব

গোষ্ঠ গমন কালে শ্রীব্রজেশ্বরী স্নেহং দেখ দেখ ব্রজেশ্বরী নেহ ইত্যাদিনা বর্ণয়তি নেহ স্নেহঃ॥ ৩॥

ততঃ পথি গচ্ছতঃ শ্রীকৃষ্ণস্য শোভাং আজু বিপিনে যাওত কান ইত্যাদিনা কথয়তি। মূর্ত্তি মূর্ত্তিধরঃ কন্দর্প ইব। পুনঃ কীদৃশী ভঙ্গ্যা নটবর ইব শোভতে। তরুণি নয়ন নয়ন ফন্দ তরুণীনাং গোষ্ঠ গমনং পশুস্তীনাং প্রতি

মাল মত্ত মধুকর জোরণী। অরুণ বরণ চরণ কঞ্জ তরুণ তরণি কিরণ গুঞ্জ গোবিন্দ দাস হৃদয় রঞ্জন মঞ্জু মঞ্জির বোলনী॥ ৪॥

তোড়ী রাগ বিজয়ানন্দ তালেন॥

গোঠ বিজই ব্রজরাজ কিশোর। জনিনি বিরচিত বেশ উজোর॥ ধ্রু॥ আগে অগণিত কত গোধন চলিয়া। পাছে ব্রজ বালক হৈ হৈ বলিয়া॥ সমবয় বেশ সবহুঁ করি ছান্দ। রাম বামে চলু শামর চান্দ॥ শির পর চান্দ অধর পর মুরলী। চলইতে পন্থে করত কত খুরলী॥ কটিতটে পীত পটাম্বর বলিয়া। মন্থর গতি চলু কুঞ্জর জিনিয়া॥ মণি মঞ্জির বাজত রন ঝনিয়া। গোবিন্দ দাস কহ ধনি ধনি ধনিয়া॥ ৫॥

শারাঙ্গ রাগ প্রতিরূপক তালাভ্যাং॥

গোধন সঙ্গে রঙ্গে যদুনন্দন বিহরই যমুনা তীর। দাম শ্রীদাম সুদাম মহাবল গোপ গোয়াল সঙ্গে রঙ্গে বল বীর॥ বাজত মৃদু মৃদু বেণু। হৈ হৈ রাব হাম্বা রব গরজন আনন্দে মগন চরএ সব ধেনু॥ ধ্রু॥ সমবয় বেশ কেশ পরি মণ্ডিত

নয়ন মৃগাণাং বাগুড়া ইব। খুরলী অভ্যাসঃ তথাচ অভ্যাসঃ খুরলী যোগ্যা ইতি। তরুণি তরুণি প্রথমোদয়াবস্থঃ সূর্য্যঃ॥ ৪॥

পুন র্বিশেষতো গো গোপৈঃ সহ গমনং গোঠ বিজয়ি ব্রজরাজ কিশোর ইত্যাদিনা বর্ণয়তি। সর্ব্বাসাং ব্রজদেবীনাং দর্শনার্থং মন্থর গতিরিতি ভাবঃ॥ ৫॥

ততঃ নগরাৎ যমুনা তীর প্রাপ্তং শ্রীকৃষ্ণং তৈঃ সহ বিহারঞ্চ বর্ণয়তি

চূড়ে শিখণ্ডক কুসুম উজোর। মণিময় হার গুঞ্জা নব মঞ্জুল হেরইতে জগমন ভোর ॥ বলয় নিশান কনয় কোটি কিঙ্কিনি নূপুর রুণু ঝনু বাজ। গোবিন্দ দাস পহুঁ নিতি নিতি ঐছন বিহরত নবঘন বিদগধ রাজ ॥ ৬ ॥

মল্লার রাগ নিঃসারক তালৌ ॥

গোঠে গোচর গূঢ় গোপাল। গাওএ গমক গোণ্ডকিরি গুজ্জরী গৌরী গোল গান্ধার ॥ ধ্রু ॥ গোপী গোপ গবীগণ গোপক গোকুল গাম বিহারি ॥ গুঞ্জা গৈরিক গোরস গরভিত গোরোচন রুচি ধারি। গহন গুহাগত গোচারণ রত গো দোহন গতি কারি ॥ গো গিরি গূঢ় গরবাইত গুরু গৌরব পরচারি ॥ গজপতি গামি গান গুণ গুম্ফিত গগণে চরএ সুরবৃন্দ। গোরস গাহি গবীশ্বর নন্দন গাওত দাস গোবিন্দ ॥ ৭ ॥

গোধন সঙ্গে রঙ্গে যতুনন্দন ইত্যাদিনা ॥ ৬ ॥

গোঠে গোচর গূঢ় গোপাল ইত্যাদিনা গোচারণ লীলাং দর্শয়তি। গোচরঃ দৃশ্যঃ গূঢ় গোপালৈঃ বেষ্টিতঃ। গোপী গোপনারী গণানাং গোপকঃ রক্ষকঃ অর্থাৎ স্ববাহু বলৈঃ তথা গোকুল গ্রাম বিহারী নন্দসূনুঃ। গোরস গরভিত গোরোচন ইতি দুগ্ধ ঘৃষ্ট গোরোচনয়া উজ্জ্বলাং ভবতীতি জ্ঞেয়ং। গোচারণ গতঃ সন্ কদাচিৎ কাননগতঃ কদাচিৎ গুহাগতো ভবতীত্যর্থঃ। গো গিরি গো সম্বন্ধী গিরি গোবর্দ্ধন গুহ্বারী। গূঢ় গরবায়িত গূঢ় গর্ব্বযুক্তঃ। গগণে চরএ সুরবৃন্দ ইতি তদা কর্ষণেনেতি বোধ্যং। গোরস গাহী দুগ্ধগ্রাহী। গবীশ্বর নন্দন নন্দনন্দন ॥ ৭ ॥

শ্রীগান্ধার সম তালো ॥

কাহ্নুক গোঠ গমন বিরহাতুর ধৈরজ ধরই না পারি। ব্রজগত যত জন সঙ্গহি ধাওল অরু যত কুলবতি নারি॥ সজনী দেখ ২ ব্রজজন নেহ। নয়নে নয়ন জল অঙ্গে পুলক কুলভাবে অবশ ভেল দেহ॥ ধ্রু॥ তিল এক বিরহ কলপ সম মানই চীত পুতলি সম হেরি। ব্রজকুলনন্দন বহুত যতনে পুন ঘরহি পাঠাওল ফেরি॥ কাতর অন্তরে নিজনিজ মন্দিরে সব জন করল পয়ান। সহচরি রাই লেই চলু মন্দিরে গোবিন্দ দাস পিছে যান॥ ৮॥

শ্রীরাগ মঠক তালো ॥

যত নহি রাই লেই চলু মন্দিরে সখিগণ ধৈরজ নাই। রস পরথার কহই চাতুরি কাহ্নুক হৃদয় জানাই॥ সুন্দরি তিরোহিতে রহি শুন বাত। অদভুত ইহ্নিক প্রেমবর মাধুরী কতিহু না কহই না জাত॥ ধ্রু॥ রাইক বিরহ অধিক করি মানই উহ্নইক সুখ নিজ মান। কেবল দেহ ভেদ পুন বুঝিএ নহ সভে এ ই পরাণ॥ আনন্দ বাত উঠাওত পুন পুন পূছত রজনি বিলাস। [illegible] মিটাওল অনু কহ গোবিন্দদাস। ৯॥ ৬৯৭॥ [illegible]॥

ততো গোষ্ঠবিহারং বর্ণয়িত্বা পূর্ব্বং গোষ্ঠ গমন কালে ব্রজজন প্রেমাতিশয়ং অবসর সঙ্গত্যা কাহ্নুক গোষ্ঠ ইত্যাদিনা বর্ণয়তি॥ ৮॥

ততঃ যতনহি রাই ইত্যাদিনা শ্রীমতী সান্ত্বনা প্রকারং বর্ণয়তি। তিরোহিতে রহি নির্জ্জনে স্থানে। রাইক বিরহ ইত্যাদিনা সখীনাং প্রেমা ভেদঞ্চ দর্শয়তি॥ ৯॥

অথ রসোদ্গারঃ ॥

তদুচিত গৌরচন্দ্রো যথা ॥

বিভাষরাগপ্রতি চঞ্চুপুটতালাভ্যাং ॥

আরে মোর গৌরাঙ্গ বিধু। পুরব প্রেম রস কহত মধু ॥ ধ্রু ॥ ভাবে গদ গদ আধ ২ বাণি। অমিয়ার সার ঘন যনু খানি খানি ॥ পুলকে পুরল তনু পিরিতি রসে। ঝাঁপই বসন বিবশে পুন খসে ॥ আনন্দ জলে ডুবে নয়ন রাতা। রাধামোহন দাসের শরণ দাতা ॥ ১ ॥

তথারাগ তালাভ্যাং ॥

জয় জয় গোকুল চন্দ। পিরিতি সুধাময় আনন্দ কন্দ ॥ ধ্রু ॥ রাধা নখতর হৃদয়ানন্দ। ব্রজরমণী কুল কুমুদিনি বন্ধু ॥ নব স্মর সমর সিন্ধু সুখ দাতা। কেলি কলা রস করণ বিধাতা ॥ মুরতি শিঙ্গার বর রূপ নিধান। রাধামোহন গুণ করু গান ॥ ২ ॥

কেবল মধ্যায়া স্তত্র তাদৃশ বিদগ্ধনাং সখীনাং

শ্লেষেণ প্রশ্নো যথা ॥

সুহই রাগ দশকোশীতালো ॥

কুটিল কটাখ বিশিখ ঘন বরিখনে জর করি বিবিধ তরঙ্গ।

অথ রসোদ্গার গান বিগ্রাহকং শ্রীগৌরচন্দ্রঃ আরে মোর গৌরাঙ্গ বিধু ইত্যাদিনা স্মরতি। নয়ন রাতা জাগরণ ব্যভিচারি ভাবাদেব নয়নপ্রেম-দ্রুক্তা ॥ ১ ॥

তদ্রস বিষয়ালম্বনং শ্রীকৃষ্ণং জয় জয় গোকুলচন্দ্র ইত্যাদিনা স্মরতি। নখতর নক্ষত্র রূপা শ্রীকৃষ্ণস্য চন্দ্ররূপত্বেন বর্ণনাৎ ॥ ২ ॥

কুটিল কটাখ ইত্যাদিনা হৃদয় রসোদ্ঘাটনার্থং পৃচ্ছতি। পূর্বং বয়-

নিজ তনু ওষধি সরস পরস দধি লেসে থকিত করি অঙ্গ॥ সুন্দরি ধনি পীতাম্বরি তুহুঁ ভেল। এক হিলোলে শ্যাম রস সাগর সবহুঁ সার হরি লেল॥ ধ্রু॥ ডুর অবগাহ অন্তর মাহা মন্থর কমঠ অবগাহ। উচকুচ মন্দর হার ভুজগ বর মেলি মনমথ নিরমাহ॥ অধর সুধা পিয় প্রেম লছিমা হিয় বাহিরে পদ নখ চান্দ। প্রতি অঙ্গ ভাব রতনে পরিপূরল গোবিন্দ দাস রহু ধন্দ॥ ৩॥

তত্ত্বভরঃ যথা॥

শ্রীরাগৈকতালি তালভ্যাং॥

